


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 3 April, 2023 ■ আগরতলা ৩ এপ্রিল, ২০২৩ ইং ■ ১৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা



সোমবার শুরু হচ্ছে জি-২০ বিজ্ঞান সামিট, রবিবার রাজ্যে এসে পৌছেন দেশ বিদেশের প্রতিনিধিরা। ছবি নিজস্ব।

## আজ জি-২০ বিজ্ঞান সম্মেলন রাজ্যে আসলেন প্রতিনিধিরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** -২০ বিজ্ঞান সম্মেলনে যোগ দিতে নতুন দিল্লি থেকে এই প্রতিনিধিদল আজ দুপুরে এক বিশেষ বিমানে আগরতলায় এসে পৌঁছেছেন। আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দরে তাঁদের স্বাগত জানান শিল্প ও বাণিজ্য দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী ও অধিকর্তা রতন বিশ্বাস সহ অন্যান্য দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

মবিবি বিমানবন্দরে প্রতিনিধি দলটিকে রাজ্যের ঐতিহ্যময় নৃত্যের ছন্দে ও ঢাকের তালে স্বাগত জানানো হয়। উল্লেখ্য, আগামীকাল ও ৪ এপ্রিল আগরতলায় দু দিনের জি-২০ বিজ্ঞান সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মেলনের মূল থিম হচ্ছে 'ক্লিন এনার্জি ফর গ্রীনার ফিউচার' অর্থাৎ 'সবুজতর ভবিষ্যতের জন্য পরিচ্ছন্ন বিদ্যুৎ'। প্রতিনিধিদলটি আগামীকাল হাঁপানিয়াস্থিত ইন্টারন্যাশানাল ইণ্ডোর এ'বিশন সেন্টারে এই সম্মেলনে অংশ নেবেন।

এদিকে আজ সন্ধ্যায় জি-২০ বিজ্ঞান সম্মেলনে যোগ দিতে আসা প্রতিনিধিদলটি আগরতলার লিচুবাগানে এলবার্ট এক্কা ওয়ার মেমোরিয়াল পার্ক পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রতিনিধিদলটি ওয়ার মেমোরিয়ালে পষ্পার্ঘ আর্পন করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। আগরতলা পুর পরিষদের কমিশনার ডা. শৈলেশ যাদব প্রতিনিধিদলটিকে আগরতলা শহর ও এলবার্ট এক্কা ওয়ার মেমোরিয়ালের ইতিহাস সম্পর্কে আবহিত করেন। পরে প্রতিনিধিদলটি পার্কে নাগেশ্বর গাছের চারা রোপন করেন। এরপর প্রতিনিধিদলটি কুমারীটিলা লেক ও পার্কের লাইট এণ্ড সাউণ্ড পরিদর্শন করেন। কুমারীটিলা পার্ক পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা।

সায়েন্স-২০ এর দ্বিতীয় সম্মেলনে শক্তির অসম বণ্টন এবং শক্তির অসম বণ্টন মোকাবেলায় বিশ্বব্যাপী শিক্ষাবিশেষজ্ঞ কর্তৃক উদ্ভাবিত অভিনব প্রযুক্তির ব্যবহারের উপর দৃষ্টি নিবদ্ধ করা হবে।

বৈঠকে অভিন্ন অংশীদারিত্বের স্থান, বৌদ্ধিক সম্পত্তির ক্ষেত্রে উন্মুক্ততা এবং প্রযুক্তি হস্তান্তরকে উৎসাহিত করার বিষয়ে আলোচনা করা হবে যা শক্তি দারিদ্র্য মোকাবেলায় সহায়তা করতে পারে এবং পরিষ্কার ও সবুজ হাইড্রোজেন শক্তির জন্য আরও সুযোগ তৈরি করতে পারে, যার ফলে সাধারণভাবে জলবায়ু পরিবর্তনের সমস্যাগুলি ☛ ৬ এর পাতায দেখুন

## খয়েরপুরে পথ দূর্ঘটনায় নিহত এক, আহত তিন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** শনিবার রাতে খয়েরপুর এলাকায় ভয়াবহ যান দুর্ঘটনায় গুরুতর আহত হন ব্রজেশ দেববর্মা সহ তিনজন।

জানা যায় জিবি হাসপাতালে ব্রজেশ দেববর্মার বোনের জামাইকে দেখতে আসেন চার বন্ধু। অবশেষে জিবি হাসপাতাল থেকে গাড়ি নিয়ে জিরানিয়া এলাকায় বাড়ি ফেরার পথে খয়েরপুর এলাকায় গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে গুরুতর আহত হন ব্রজেশ দেববর্মা সহ তিন বন্ধু।

পরে স্থানীয়রা বিষয়টি দেখতে পেয়ে দমকল কর্মীদের খবর দেয়া হলে দমকলের কর্মীরা রক্তাক্ত অবস্থায় চারজনকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে আসে চিকিৎসার জন্য। এরই মধ্যে চিকিৎসা চলাকালীন হাসপাতালে মৃত্যুর কোলে ঢলে পড়ে ব্রজেশ দেববর্মা। রবিবার তার মৃতদেহটি ময়না তদন্তের পর পরিবারের লোকজনদের হাতে তুলে দেওয়া হয়। বাকি তিন যুবক হাসপাতালে চিকিৎসাধীন।

## আজ সেশন কোর্টের দ্বারস্থ হচ্ছেন রাহুল গান্ধী

।। **অভিজিৎ রায়চৌধুরী।। নয়াদিল্লী, ২ মার্চ।।** মানহানি মামলায় নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ করে গুজরাটের সুরাটের সেশন কোর্টে মামলা দায়ের করতে চলেছেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। সূত্রের খবর সোমবার আদালতের দ্বারস্থ হতে পারেন তিনি।

কংগ্রেসের লিগ্যাল সেল বেশ কিছু দিন ধরে তার পিটিশনের প্রস্তুতিতে ব্যস্ত। দলের অভ্যন্তরীণ সূত্র অনুসারে, প্রবীণ আইনজীবীরা দোষী সাব্যস্ত হওয়ার বিরুদ্ধে আপিল দায়ের করার জন্য সুরাটে পৌঁছে গিয়েছেন।

সুরাটের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট রাহুল গান্ধীকে দোষী সাব্যস্ত করেছেন এবং তাকে দুই বছরের কারাদণ্ড দিয়েছেন। তবে তাকে এক মাসের জামিন দিয়েছেন যা ২৩ এপ্রিল শেষ হবে।

আইনজীবী কিরিট পানওয়ালা সিনিয়র আইনজীবীদের সাথে সুরাট সেশন কোর্টে রাহুল গান্ধীর প্রতিনিধিত্ব করবেন। আপিল দায়ের করার পরে বিষয়টি বোর্ডে উঠে আসবে। কংগ্রেস পার্টি আশা করছে যে তার জামিন শেষ হওয়ার আগে বিষয়টি শুনানির ☛ ৬ এর পাতায় দেখুন

## কেন্দ্রে সরকার পরিবর্তন ঘটলে ধস নামবে পূর্বোত্তরে ঃ কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** মরা গাঙ্গে পাল তুলতে এবার ময়দানে নামলেন প্রদেশ কংগ্রেস সভাপতি বীরজিৎ সিনহা। ২০২৪ সালের লোকসভা নির্বাচনে কেন্দ্রে বিজেপি সরকারের পতন ঘটবে বলে তিনি দাবি করেন।

কংগ্রেসের সর্বভারতীয় নেতা রাহুল গান্ধীর সাংসদ সদস্য পদ কেড়ে নেওয়ার ঘটনার পর থেকে দেশজুড়ে বিজেপি বিরোধী হাওয়া চাঙ্গা করার জন্য কংগ্রেস দল মরিয়া প্রয়াস শুরু করেছে। ত্রিপুরাতেও একই সুরে কথা বলে কংগ্রেসের পালে হাওয়া দেওয়ার চেষ্টা চালাচ্ছেন প্রদেশ কংগ্রেস সভাপতি বীরজিৎ সিনহা।

রবিবার আগরতলা কংগ্রেস ভবনে দলীয় নেতাদের নিয়ে এক গুরুত্বপূর্ণ বৈঠক করেন প্রদেশ কংগ্রেস সভাপতি। বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে দলীয় নেতাকর্মীদের মনোবল চাঙ্গা করতে প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন ২০২৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপি শোচনীয় ভাবে পরাজিত হবে এবং কংগ্রেসের নেতৃত্বে দেশে ☛ ৬ এর পাতায় দেখুন

## বনমালীপুরে বিজেপিকে জয়ী না করায় আক্ষেপ মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** শনিবার নজরুল কলাক্ষেত্রে বনমালীপুর মন্ডলের উদ্যোগে মহতী রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা। রাজ্যের ব্লাড ব্যাংক গুলিতে রক্তের সংকট দূর করার জন্য এগিয়ে এসেছে ভারতীয় জনতা পার্টি। রবিবার নজরুল কলাক্ষেত্রে বনমালী পুর মন্ডলের উদ্যোগে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা।

এছাড়া উপস্থিত ছিলেন বিজেপির প্রদেশ সভাপতি রাজিব ভট্টাচার্য ,প্রাক্তন বিধায়ক ডঃ দিলীপ দাস সহ অন্যান্যরা। এদিন রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা সকলকে রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন রক্তের কোন জাত নেই ,ধর্ম নেই, বয়স নেই। রক্তদানের মত পূণ্য অন্য কোন দানের মাধ্যমে সম্ভব হয় না। মাত্র একই ইউনিট রক্তদানের মধ্য দিয়ে চারটি প্রাণ বাঁচানো সম্ভব বলেও তিনি উল্লেখ করেন।

এদিন রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে আক্ষেপ করে মুখ্যমন্ত্রী বলেন বিধানসভা কেন্দ্রটি রাজ্যের অন্যতম প্রেস্টিজিয়াস বিধানসভা কেন্দ্র। এই বিধানসভা কেন্দ্র থেকে বিজেপিকে জয়ী না করায় তিনি আক্ষেপ করে আগামী দিনে এই কেন্দ্র থেকে বিজেপিকে জয়ী করার আগাম আহ্বান জানান। বনমালীপুর এলাকার গণদেবতাদের প্রতি আহ্বান জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন দেশের প্রধানমন্ত্রী দেশ ☛ ৬ এর পাতায় দেখুন



জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৯ ◘ সংখ্যা ১৭২ ◘ ৩ এপ্রিল ২০২৩ ইং ◘ ১৯ চৈত্র ◘ সোমবার ◘ ১৪২৯ বঙ্গাব্দ

# একের বিরুদ্ধে এক প্রার্থী সম্ভব?

মমতা বন্দ্যোপাধ্যায় আহ্বান করিলেন এক আসনে একজন বিরোধী প্রার্থী দেওয়ার। তাঁহার কথা, আগে তো বিজেপিকে হারানো হোক, তারপরই ঠিক হইবে বিরোধীদের নেতা কে হইবেন। ক'দিন আগে রাহুল গান্ধীও বলিয়াছেন, দরকারে তিনি সরিয়া দাঁড়াইতে রাজি, তবু বিরোধী জোট হোক। তাঁহার সাংসদপদ খারিজের পরে বিরোধী দলগুলোর মধ্যে জোটবদ্ধ হওয়ার যে প্রবণতা দেখা গিয়াছে, তাহার ওপর নজর রাখিয়াই রাহুল গান্ধী এমন কথা বলিয়াছেন ।

তিনি মনে করেন, দেশবাসীর কাছে গিয়া আদানিকাণ্ডের কথা তুলিয়া ধরিয়া প্রধানমন্ত্রীকে কাঠগড়ায় দাঁড় করাইতে হইবে। মল্লিকার্জুন খাড়গের বাড়িতে ১৭টি বিরোধীদলের বৈঠকে রাহুলের দাবি, বিজেপি ভয় পাইয়াছে। এটাই সুযোগ ২০২৪-এর যুদ্ধে জিতার। রাহুল তো বলিয়ালেন, আদৌ কি তাহা হইবে? কর্নাটকে নির্বাচন ঘোষণা হইয়া গিয়াছে। সেখানে দেবেগৌড়ার জেডিএস অন্যতম বিরোধী দল। কংগ্রেস এরমধ্যেই জানাইয়া দিয়াছে, তাহারা জেডিএসএর সঙ্গে কোনোরকম জোট করিবে না, তাহারা একক ভাবে লড়াই করিবে।

সেই ভাবনা থেকে ২২৪ আসনের বিধানসভা নির্বাচনে ১২৪ আসনে প্রার্থী তালিকা ঘোষণা করিয়াছে। জেডিএস নেতা কুমারস্বামী ইতিমধ্যে ৯৩ আসনে প্রার্থীর নাম ঘোষণা করিয়াছে, এমনকী, অরবিন্দ কেজরিওয়ালের আপ ৮০ আসনে প্রার্থী ঘোষণা করিয়াছে। রাহুলের ইস্যুতে বিরোধীরা জোট নিয়া তৎপর হওয়ার পর এটিই প্রথম নির্বাচন। আর এই প্রার্থী তালিকা ঘোষণা তাহার আগেই ঘোষণা। ফলে কী হইবে, জানা নাই। তবে এখন পর্যন্ত যাহা দেখা যাইতেছে, সেখানে ওয়ান ইজ টু ওয়ান হচ্ছে না। তাহাতে সন্দেহ হয়, হয়তো বা বিজেপিই জিতিয়া যাইবে। আর এমনটা হইলে, বিজেপি হটানো কথার কথাই থাকিয়া যাইবে।

এদিকে, প্রশান্ত কিশোর ক'দিন আগেই দাবি করিয়াছেন, বিরোধী দলগুলোর মধ্যে যে মতাদর্শগত ফারাক, তাহাতে সার্বিক বিরোধী ঐক্য সম্ভব নয়। তাহার ওপর বিজেপি শিবিরের হাতে হিন্দুত্ব, জাতীয়তাবাদ আর উন্নয়নের তাস আছে। এই তিনটি ইস্যুই বিজেপিকে টিকাইয়া রাখিয়াছে। ভোটকুশলীর দাওয়াই, বিজেপির বিরুদ্ধে লড়াই করিবার জন্য এই তিনটির মধ্যে যে কোনও দু'টি বিষয়ে মোকাবিলা করিতে হইবে বিরোধীদের, আর তাহা করিতে হইবে জোটবদ্ধভাবে।অন্যথায় বিজেপিকে ক্ষমতাচ্যুত করিতে পারিবেন না বিরোধীরা। বিজেপিকে ক্ষমতাচ্যুত করিতে পারিবেন না বিরোধীরা। মনে হয় বিজেপির আরো দু'টি স্তম্ভ আছে। এর একটি হইল নরেন্দ্র মোদী স্বয়ং। এই লোকটি অক্লেশে অসত্য কথা বলিতে পারেন আর অসাধারণ ড্রামাটাইজ করিয়া তাহা উপস্থাপনা করিতে পারেন। এই ক্ষেত্রে তিনি অনন্য। বেশভূষা ও ক্রুঢ়তার রসায়নে তিনি এক অবতারে রূপান্তরিত হইয়াছেন। তাই ভক্তরা, যাঁহাদের বেশিরভাগই সর্বার্থে সাধারণ মানুষ, তাঁহার সব কথা গেলেন। হজম না হইলেও গেলেন।

## আজ রাতে সম্পন্ন হবে স্বামী প্রভানন্দের শেষকৃত্য

বেলুড়(হাওড়া), ২ এপ্রিল(হি.স.) : আজ রবিবার রাতে স্বামী প্রভানন্দের শেষকৃত্য সম্পন্ন হবে বেলুড় মঠ সূত্রে জানা গিয়েছে। শনিবার সন্ধ্যা পৌনে ৭টা নাগাদ প্রয়াত হন রামকৃষ্ণ মঠ ও মিশনের ভাইস-প্রেসিডেন্ট স্বামী প্রভানন্দ। বয়সজনিত সমস্যায় দীর্ঘ দিন ধরেই ভুগছিলেন প্রবীণ সন্ন্যাসী। গত নভেম্বর থেকে তিনি হাসপাতালে ছিলেন।

বেলুড় মঠ সূত্রে জানা গিয়েছে, আজ রবিবার সকাল ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত মঠের সাংস্কৃতিক সভাগৃহে শায়িত থাকবে স্বামী প্রভানন্দের দেহ। সেখানে তাঁকে শ্রদ্ধা জানানোর সুযোগ পাবেন ভক্ত ও অনুরাগীরা। রাত ৯টায় মঠে গঙ্গার ধারে ওই প্রবীণ সন্ন্যাসীর শেষকৃত্য সম্পন্ন হবে।

রাতেই টুইট করে প্রবীণ সন্ন্যাসীর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শোকবার্তায় তিনি লিখেছেন, "রামকৃষ্ণ মঠ ও মিশনের ভাইস প্রেসিডেন্ট স্বামী প্রভানন্দর ( বরুণ মহারাজ) প্রয়াণে আমি গভীরভাবে শোকাহত।... তাঁর মৃত্যুতে রামকৃষ্ণ মঠ ও মিশন তথা বৃহৎ জনজীবনে গভীর আধ্যাত্মিক ও প্রাতিষ্ঠানিক শূন্যতার সৃষ্টি হল। এ ক্ষতি অপূরণীয়। আমি তাঁর সকল অনুগামী, ভক্তবৃন্দ ও ছাত্রবৃন্দকে আমার আন্তরিক সমবেদনা জানাই।'

## ভারতীয় স্কুলের পাঠ্য বইয়ে বাবর আজম

নয়াদিল্লি, ২ এপ্রিল(হি.স.) : ভারত-পাকিস্তান দ্বন্দ্বের ঢেউ রাজপথ ছাপিয়ে আছড়ে পড়ে খেলার মাঠেও। তাইতো আইসিসি অথবা এসিসি ইভেন্ট ছাড়া বাইশ গজে দেখা যায় না দুই চিরপ্রতিপক্ষের লড়াই। গত এক যুগেরও বেশি সময় ধরে এই দুই দল কোনো দ্বিপাক্ষিক সিরিজ খেলেনি। এমনকি আসন্ন এশিয়া কাপ কিংবা বিশ্বকাপে কেউই প্রতিপক্ষের মাটিতে খেলতে রাজি না। দুই দেশের ক্রিকেট ঘিরে এমন বৈরীতার মাঝেও ভিন্ন এক চিত্র দেখা গেল ভারতের শিক্ষাঙ্গনে।

ইন্ডিয়ান সার্টিফিকেশন অব সেকেন্ডারি এডুকেশনের (আইসিএসই) অষ্টম শ্রেণীর একটি পাঠ্য বইয়ের খেলা বিষয়ক একটি অধ্যায় রয়েছে। যেখানে বিশ্বের বিভিন্ন দেশের তারকা ক্রিকেটারদের ছবির সঙ্গে ডাক নাম দেওয়া আছে। সেখানেই একাধিক তারকার সঙ্গে জায়গা পেয়েছেন বাবর আজমও।

এখানে মূলত একপাশে এলোমেলো ভাবে ক্রিকেটারদের নাম ও ছবি দেওয়া আছে। অপর পাশে ক্রিকেটারদের ডাক নাম দেওয়া আছে। ডাক নামের সঙ্গে ক্রিকেটারদের ছবি মেলোনোই শিক্ষার্থীদের কাজ। এখানে বাবর নাম দেওয়া আছে "ববি"।

পাকিস্তান অধিনায়ক ছাড়াও এখানে আছেন বেশ কয়েকজন ভারতীয় ক্রিকেটার। এই তালিকায় আছেন শিখর ধাওয়ান, বিরাট কোহলি, রোহিত শর্মা, রবীচন্দ্রন অশ্বিন ও মহেন্দ্র সিং ধোনি। আর বিদেশীদের মধ্যে ক্রিস গেইল এবং এবি ডি ভিলিয়ার্স আছেন।

## আজ গত বারের রানার্স রাজস্থানের মুখোমুখি হ্যারি ব্রুকের 'সানরাইজ'

নয়াদিল্লি, ২ এপ্রিল(হি.স.) : আজ গতবারের রানার্স বাটলার সমৃদ্ধ রাজস্থান মুখোমুখি হচ্ছে হায়দ্রাবাদের। এই ম্যাচে খুবই লক্ষণীয় রয়্যালসকে আজ কতটা চাপে ফেলতে পারে তাঁরই দেশের হ্যারি ব্রুক। খেলা হবে হায়দ্রাবাদের মাঠেই।

আজ দিনের প্রথম ম্যাচে মুখোমুখি হচ্ছে এই দুই দল। এবার অনেকটাই বদলে গেছে সানরাইজার্স হায়দরাবাদ। সব বিভাগেই শক্তি বাড়িয়েছে তারা। প্রথম ম্যাচে অবশ্য কিছুটা খামতি থাকছেই। দক্ষিণ আফ্রিকার ক্রিকেটারদের তারা আজকে পাচ্ছে না। এতে বেশ পড়তে পারে সমস্যায়। দক্ষিণ আফ্রিকার এডেন মার্করাম এবার সানরাইজার্সকে নেতৃত্ব দেবেন। প্রথম ম্যাচে মার্করামের পরিবর্তে নেতৃত্ব দেবেন ভুবনেশ্বর কুমার।

অন্য দিকে, তরুণ অধিনায়ক সঞ্জু স্যামসনের নেতৃত্ব আরও একটা ভালো মরসুম কাটানোর লক্ষ্যে নামছে রাজস্থান রয়্যালস। আজ সানারাইজার্স হায়দরাবাদের যে একাদশ খেলানোর সম্ভাবনা প্রবল, তাতে বিদেশিদের মধ্যে নিঃসন্দেহে থাকবেন হ্যারি ব্রুক, গ্লেন ফিলিপ্স। পরিস্থিতি বিচার করে লেগ স্পিনার আদিল রশিদ কিংবা আফগানিস্তানের বাঁ হাতি পেসার ফজলহক ফারুকিকে খেলানো হতে পারে। তবে খেলানো হতে পারে দেশের এক্সপ্রেস বোলার উমরান মালিককেও। সঙ্গে ভুবনেশ্বর কুমার থাকছেনই।

# মুক্তিযুদ্ধ এবং একজন জ্যোতিঃপাল মহাথেরো

***জাতিসংঘের তদানীন্তন মহাসচিব উ থান্ট এবং শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী শ্রীমাভো বন্দরনায়েকসহ পৃথিবীর সকল দেশের বিশ্ব বৌদ্ধ সৌভ্রাতৃত্ব সংঘের আঞ্চলিক শাখা ও বৌদ্ধ সমিতিগুলোর কাছে বাংলাদেশে পাকিস্তানি গণহত্যা ও নির্যাতন বন্ধে চাপ সৃষ্টির আবেদনপত্র পাঠান জ্যোতিঃপাল মহাথেরো। প্রজ্ঞানন্দ ভিক্ষু***

আমাদের মুক্তিযুদ্ধে সবাই অস্ত্র হাতে যুদ্ধ করেননি। কেউ কলম হাতে, কেউ কেউ মেধা-মননশীলতা খাটিয়ে, কেউবা আবার গানে গানে বা তুলির আঁচড়ে জনমত গঠনে ভূমিকা রেখেছিলেন। জ্যোতিঃপাল মহাথেরোও সম্মুখসমরের যোদ্ধা নন। তবে আমাদের মুক্তিযুদ্ধের সপক্ষে আন্তর্জাতিক জনমত গঠনে অনন্য ভূমিকা রেখেছিলেন তিনি। ওই অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি ২০১০ সালে মরণোত্তর একুশে পদক ও ২০১১ সালে মরণোত্তর স্বাধীনতা পদক পেয়েছিলেন। স্বাধীনতার পক্ষে গুরুত্বপূর্ণ অবদান রাখায় তাঁকে এই রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া হয়।

জীবদ্দশায় তাঁর সান্নিধ্যলাভের সৌভাগ্যও আমার হয়েছিল। জীবনের প্রান্ত সীমানায় উপনীত হওয়ার পরও তাঁর সারগর্ভ, তথ্যবহুল ঐতিহাসিক বক্তব্য এবং বাচনভঙ্গি ছিল অন্তরছোঁয়া।

ব্রিটিশ শাসনামলে তদানীন্তন ত্রিপুরা বা বর্তমান কুমিল্লা জেলার লাকসাম থানাধীন কেমতলী গ্রামে ১৯১৪ সালের ৫ জানুয়ারি জন্মগ্রহণ করেন দ্বারিকা মোহন সিংহ নামে এক শিশু। এই অঞ্চলের বৌদ্ধদের পারিবারিক উপাধি হলো 'সিংহ'। ১৯৩৩ সালে ১৯ বছর বয়সে তিনি আগারিক জীবন থেকে অনাগারিক জীবনে প্রবেশ করেন। তাঁর নাম রাখা হয় জ্যোতিঃপাল শ্রামণ। পরে তিনি ১৯৩৮ সালে ১৪ জুলাই শুভ উপসম্পদা লাভ করে জ্যোতিঃপাল ভিক্ষু নাম ধারণ করেন। বৌদ্ধ ধর্মের ওপর তাঁর উচ্চতর শিক্ষা ছিল। তিনি ভারতের কলকাতা নালন্দা বিদ্যাভবন থেকে ত্রিপিটক বিশারদ উপাধি এবং ১৯৪৬ সালে কলকাতার সংস্কৃত ও পালি বোর্ড আয়োজিত অভিধর্ম উপাধি পরীক্ষায় প্রথম হয়ে স্বর্ণপদক লাভ করেন। আনুষ্ঠানিক উচ্চতর শিক্ষা লাভ না করলেও ইংরেজি উচ্চ বিদ্যালয়ে প্রবেশিকা শ্রেণি পর্যন্ত পৌঁছান। মৃত্যুর পূর্বপর্যন্ত বাংলাদেশের বৌদ্ধদের সর্বোচ্চ ধর্মীয় গুরু ছিলেন। বাংলাদেশের বৌদ্ধ ভিক্ষুদের বৃহত্তর সাংঘিক সংগঠন সংঘরাজ ভিক্ষু মহাসভার দশম সংঘরাজ ছিলেন তিনি। বৌদ্ধ ভিক্ষু হওয়ার পাশাপাশি তাঁর আরও অনেক পরিচয় আছে। তিনি একাধারে সাহিত্যিক, সংগঠক, শিক্ষানুরাগী, সমাজকর্মী, গবেষক, লেখক, দেশপ্রেমে উদ্বুদ্ধ অসাম্প্রদায়িক ব্যক্তিত্ব, সমাজ সংস্কারক এবং মুক্তিযুদ্ধের সংগঠক।

কুমিল্লার অনগ্রসর ও পশ্চাদপদ মানুষের জন্য তিনি আজীবন কাজ করে গিয়েছেন। কুমিল্লার বিভিন্ন গ্রামে ৭টি বৌদ্ধ বিহার স্থাপন করেছেন। ১৯৪২ সালে লাকসামে একটি অনাথালয় স্থাপন করেন। জাতি, ধর্ম নির্বিশেষে গরীব ছাত্র ও অনাথদের শিক্ষা ও বাসস্থানের জন্য তিনি এই অনাথ আশ্রম প্রতিষ্ঠা করেছিলেন।

'কর্মতত্ত্ব', 'ভারতে বৌদ্ধ ধর্মের উত্থান-পতন', 'চর্যাপদ', 'রবীন্দ্র সাহিত্যে বৌদ্ধ সাহিত্য', 'বাংলাদেশের মুক্তি সংগ্রাম', 'পালি বাংলা অভিধান'সহ বেশকিছু গ্রন্থের সম্পাদনা তাঁর গভীর পাণ্ডিত্যের পরিচয় বহন করে। তাঁর গবেষণাধর্মী গ্রন্থের মধ্যে 'চর্যাপদ'সহ কয়েকটি বই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাচ্যভাষা বিভাগে পাঠ্যপুস্তকরূপে পঠিত হয়ে আসছে। জ্যোতিঃপাল মহাথেরোর কর্ম প্রতিভা একসময় দেশের মাটিকে ছাপিয়ে যায়। তিনি হয়ে ওঠেন বিশ্ববরেণ্য ব্যক্তিত্ব। ১৯৯৫ সালে বিশ্বশান্তি মানবতা ও নিরস্ত্রীকরণের ক্ষেত্রে অমূল্য অবদানের জন্য তাঁকে 'বিশ্ব নাগরিক' উপাধি দেয় জাতিসংঘ। ১৯৭৫ সালে তিনি এশীয় বৌদ্ধ শান্তি সংস্থার বাংলাদেশ জাতীয় কেন্দ্রের চেয়ারম্যান নিযুক্ত হন। ১৯৭৬ সালে জাপানে অনুষ্ঠিত হিতোশি বার্ষিকী ও মঙ্গোলিয়ার রাজধানী উলান বাটোরে অনুষ্ঠিত সাধারণ সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। এশীয় বৌদ্ধ শান্তি সংস্থা মঙ্গোলিয়া হতে ১৯৭৮ খ্রিস্টাব্দে তাঁকে স্বর্ণপদকে ভূষিত করা হয়। তাঁর গৌরবোজ্জ্বল সাংঘিক জীবনের এক অসাধারণ সংযোজন হলো নিখুঁত দেশপ্রেম।

পাকিস্তানি বাহিনীর বর্বরতা সম্পর্কে বিশ্ববাসীকে জানাতে এবং স্বাধীন বাংলাদেশের পক্ষে জনমত গঠনে জ্যোতিঃপাল মহাথেরোর অনন্য ভূমিকা ছিল। ১৯৭১ সালের এপ্রিল মাসের শেষের দিকে আগরতলার বাংলাদেশ মিশনের পূর্বাঞ্চলীয় বিভাগের নেতৃবৃন্দ জহুর আহমদ চৌধুরী, সৈয়দ আলী আহসান, এইচ টি ইমাম, আকবর আলী খান প্রমুখের সাথে তাঁর যোগাযোগ হয়। তাঁদের সাথে আলোচনার পর তিনি বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পক্ষে বিশ্ব বৌদ্ধদের তথা বিশ্ববাসীর মধ্যে জনমত গঠনের সিদ্ধান্ত নেন।তিনি বুঝতে পেরেছিলেন, পাক সামরিক বাহিনীর গণহত্যা, নির্যাতন বন্ধের জন্য আন্তর্জাতিক চাপ সৃষ্টি অপরিহার্য। তিনি স্বাধীনতা সংগ্রামী সহযোগীদের পরামর্শ নিয়ে বাংলাদেশে পাকবাহিনীর গণহত্যা ও নির্যাতনের বিবরণ সম্বলিত প্রচারপত্র তৈরি করেন।

জাতিসংঘের তদানীন্তন মহাসচিব উ থান্ট এবং শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী শ্রীমাভো বন্দরনায়েকসহ পৃথিবীর সকল দেশের বিশ্ব বৌদ্ধ সৌভ্রাতৃত্ব সংঘের আঞ্চলিক শাখা ও বৌদ্ধ সমিতিগুলোর কাছে বাংলাদেশে পাকিস্তানি গণহত্যা ও নির্যাতন বন্ধে চাপ সৃষ্টির আবেদনপত্র পাঠান। এদিকে মুজিবনগর সরকার এবং ভারত এশীয় বৌদ্ধ দেশগুলোতে প্রতিনিধি পাঠানোর সিদ্ধান্ত নেয়। এ সিদ্ধান্ত পূর্বাঞ্চলিক মিশনের অন্যতম কর্মকর্তা এইচ টি ইমামকে টেলিগ্রামে জানানো হয়। ওই টেলিগ্রামে জ্যোতিঃপাল মহাথেরো এবং পার্বত্য চট্টগ্রামের মানরাজা মংপ্রুসেইন চৌধুরীকে মুজিবনগরে পাঠানোর কথা বলা হয়। জুলাই মাসের প্রথম সপ্তাহে জ্যোতিঃপাল মহাথেরো মুজিবনগরে আসেন। সেখানে হাইকমিশনার আলী হোসেন, আবদুল করিম চৌধুরী প্রমুখ তাঁকে বিদেশ গমনের উদ্দেশ্য এবং করণীয় সম্পর্কে প্রয়োজনীয় ধারণা দেন। জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে তিনি আগরতলা থেকে কলকাতা এবং পরে নয়াদিল্লি যান।

নয়াদিল্লিতে জগৎজ্যোতি বিহারের অধ্যক্ষ ভারতীয় রাজ্যসভার সদস্য ধর্মবীরিয় ভিক্ষুর সহায়তায় ভারতের বৌদ্ধ নেতা এবং সংসদ সদস্যদের সাথে দেখা করেন। ২৯ জুলাই তিনি ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সাথে সাক্ষাৎ করে বাঙালি জনগণ এবং বৌদ্ধদের ওপর চলমান বর্বরতার বর্ণনা দেন। ৭ অগাস্ট অ্যাডভোকেট ফকির শাহাবুদ্দিনসহ তিনি যাত্রা করেন শ্রীলঙ্কার উদ্দেশে। উল্লেখ্য, যুদ্ধকালীন সময়ে বাংলাদেশের সাথে পাকিস্তানের স্থলপথ ও আকাশপথ একপ্রকার বিচ্ছিন্ন ছিল। শুধু কলম্বো বিমানবন্দর হয়ে বাংলাদেশে উড়োজাহাজ চলাচলের সুবিধা ছিল। তাঁরা শ্রীলঙ্কাকে বোঝাতে সক্ষম হলেন যে, পাকিস্তানি উড়োজাহাজের মাধ্যমে বাংলাদেশে সৈন্য (৫০০ করে) এবং অস্ত্র পাঠানো হচ্ছে। তাঁরা পাকিস্তানি বাহিনীর জন্য শ্রীলঙ্কার আকাশপথ বন্ধ করে দেওয়ার জন্য পাঁচ মন্ত্রীর সাক্ষরিত একটি আবেদনপত্র তৎকালীন প্রধানমন্ত্রী শ্রীমাভো বন্দরনায়েকের কাছে পেশ করেন। এর পরিপ্রেক্ষিতে পরদিন থেকে পাকিস্তানি বিমানের যাতায়াত বন্ধ করে দেওয়া হয়। এতে করে পাকিস্তানের যুদ্ধের মূল চালিকাশক্তি সেনাদের রসদ, গোলাবারুদ ও অস্ত্র সরবরাহ সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়। এরপর তিনি এবং শাহাবউদ্দিন সাহেব ১১ অগাস্ট থাইল্যান্ড, ১৬ অগাস্ট জাপানে গিয়ে একই আহ্বান জানান। পরে ২২ অগাস্ট জ্যোতিঃপাল মহাথেরো হংকং হয়ে নয়াদিল্লি প্রত্যাবর্তন করেন এবং শাহাবউদ্দিন সাহেব হংকং থেকে মালয়েশিয়া ও সিঙ্গাপুর পরিভ্রমণ করে দিল্লি ফিরে আসেন। ১৮ ও ২০ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অনুষ্ঠিত আন্তর্জাতিক সম্মেলনে আমন্ত্রিত প্রতিনিধি হিসেবে জ্যোতিঃপাল মহাথেরো অংশগ্রহণ করেন।

ওই সম্মেলনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য ড় এ আর মল্লিক ও সৈয়দ আলী আহসান ছিলেন অন্যতম প্রতিনিধি। সম্মেলনে ৩১টি দেশের প্রতিনিধি যোগদান করেছিলেন। প্রথম দিনের অনুষ্ঠানে প্রথম বক্তা ছিলেন ড় এ আর মল্লিক। তিনি তাঁর দীর্ঘ এক ঘণ্টার বক্তব্যে বাংলাদেশে পাকবাহিনীর নৃশংস গণহত্যা, ধর্ষণ এবং নির্যাতনের পূর্ণাঙ্গ বিবরণ দেন। তাঁর ভাষণের পর পাকিস্তান সরকারের প্রতি উপস্থিত প্রতিনিধিরা নিন্দা ধ্বনিতে মুখরিত হয়ে উঠেন। এ সম্মেলনে যোগদানকারী বৌদ্ধ প্রতিনিধিদের জ্যোতিঃপাল মহাথেরো দিল্লির জগৎজ্যোতি বিহারে আমন্ত্রণ করে নিয়ে যান এবং সেখানে তিনি এ দেশের মানুষের ওপর পাকবাহিনীর অত্যাচারের বিবরণ বিশদভাবে তুলে ধরেন। জ্যোতিঃপাল মহাথেরো সম্পর্কে কুমিল্লার প্রাক্তন সংসদ সদস্য অধ্যক্ষ আবুল কালাম মজুমদার লিখেছেন, 'আমি জানি যে, একমাত্র জ্যোতিঃপাল মহাথেরো ব্যতীত বাংলাদেশের অন্য কোনো ধর্ম সম্প্রদায়ের ঊর্ধ্বতন ধর্ম-যাজক বাংলাদেশ স্বাধীনতা সংগ্রামে যোগদান করে সহযোগিতা করেননি। কিন্তু তিনি দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে মাতৃভূমি উদ্ধারকল্পে ঝাঁপিয়ে পড়েছিলেন।'

কুমিল্লা জেলা মুক্তিযোদ্ধা সংসদের ডেপুটি কমান্ডার মো. জহিরুল ইসলাম লিখেছেন, 'বাংলার বৌদ্ধ সম্প্রদায়ের মধ্যে স্বাধীনতা আন্দোলনে উচ্চ পর্যায়ে আন্তর্জাতিক সংগঠক রূপে সহযোগিতা করেছেন কুমিল্লা নিবাসী মাননীয় জ্যোতিঃপাল মহাথেরো।'

জ্যোতিঃপাল মহাথেরো আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের স্বাধীনতার পক্ষে জনমত গঠনে পরিপূর্ণভাবে সফল হয়েছিলেন। বিশেষ করে বৌদ্ধ রাষ্ট্রগুলোকে বুঝাতে সক্ষম হয়েছিলেন। বাংলাদেশের স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালের ৭ জানুয়ারি নিজ সাধনপীঠ কুমিল্লা প্রত্যাবর্তন করেন এবং ১০ জানুয়ারি তিনি ঢাকায় আসেন।

১৯৭২ সালের ১২ জানুয়ারি সদ্য কারামুক্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে সাক্ষাৎ করেন তিনি। জ্যোতিঃপাল মহাথেরো তাঁর মুক্তিযুদ্ধে অংশগ্রহণের ভিত্তিতে প্রণীত 'বাংলাদেশ মুক্তিসংগ্রামে' গ্রন্থে (১৯৭৭) লিখেছেন, 'আমি যখন বঙ্গবন্ধুর সামনে গিয়ে দাঁড়ালাম তখন আমার এক পার্শ্বে বঙ্গবন্ধুর তদানীন্তন প্রেস সেক্রেটারি জনাব আমিনুল হক বাদশা এবং আরেক পাশে মুজিবনগরের পরিচিত এক বন্ধু। জনাব বাদশা বঙ্গবন্ধুর সাথে আমাকে পরিচয় করিয়ে দিলেন এবং বাংলাদেশে আন্দোলনে আমার ভূমিকা সর্মকে বলতে আরম্ভ করলেন। বঙ্গবন্ধু আমাকে বুকে জড়িয়ে ধরলেন। আমিও তাকে জড়িয়ে ধরলাম এবং বললাম, না, আমি বাংলাদেশের জন্য কিছু করতে পারিনি। তবে দেশ বিদেশে গিয়ে মানুষের কাছে বাংলাদেশের জন্য কেঁদেছি। তিনি আমার কথা শুনে খুব আনন্দ ও বিস্ময় প্রকাশ করলেন।' দেশপ্রেমিক জ্যোতিঃপাল মহাথেরোর বর্ণাঢ্য জীবন প্রদীপ নিভে যায় ৯২ বছর বয়সে ২০০২ সালের ১২ এপ্রিল। তাঁর অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠানে আমার অংশগ্রহণের সুযোগ হয়েছিল। অবাক হয়ে লক্ষ্য করেলাম, ওই অনুষ্ঠানে জাতি, ধর্ম নির্বিশেষে অসংখ্য নারী-পুরুষ স্বেচ্ছাসেবক- সেবিকার দায়িত্ব পালন করেছিলেন।

# চৈত্রের গরমে দিশা দেখাচ্ছে "পলাশ উৎসব"

শেখর চন্দ

পাহাড়-জঙ্গল আর নীল জলরাশি মাইথনের পর্যটন শিল্পে নয়া দিশা দেখাচ্ছে "পলাশ উৎসব"। মন কেমন করা দোলে বসন্ত প্রেমিকদের অনেকেই একদিনের জন্য যান কবিগুরুর শান্তিনিকেতনে। কিন্তু শান্তিনিকেতনের বাইরে বসন্ত উপভোগের নতুন হাতছানি এখন ছোটনাগপুর মালভূমির "পলাশ উৎসব"।

রূপনারায়ণপুরের একটি সংস্থা আয়োজিত "পলাশ উৎসব" জনপ্রিয় হচ্ছে ক্রমশ।

এবার এই "পলাশ উৎসব" পা দিচ্ছে ১৭ বছরে। সোশ্যাল মিডিয়ায় চলছে এ নিয়ে প্রচার। মাইথনের জল, জঙ্গল আর পাহাড়ের মাঝে বসন্ত উপভোগের নয়া ঠিকানা। নৌকো করে দামোদর পেরিয়ে দ্বীপের মধ্যে জঙ্গলের ভেতর এই উৎসব হয়। এখানে ফকিরি গানের তাল কাটে না বেসুরো গলায়। এখানে সোনাঝুরির ছায়ায় ফুটে থাকা জংলি ফুল মাড়িয়ে দেয় না কাচ ভাঙা মদের বোতল। শান্তির নির্জনতা খানখান হয় না যেখানে। ৭ মার্চ দোল উৎসব ছিল । ওইদিন ভোর ৬ টা থেকে অনুষ্ঠান শুরু হয়ে, চলবে রাত পর্যন্ত। মাইথনের কাছে ছোট্ট দ্বীপ, কেওটজালির পলাশ বন। আসানসোল থেকে যেতে হলে রূপনারায়ণপুর পেরিয়ে বৃন্দাবনি গ্রাম হয়ে, নৌকো করে দামোদর পেরিয়ে পৌঁছতে হবে কেওটজালির পলাশ বনে। নিঝুম জঙ্গলের মাঝে চলে উৎসব। গানে-কবিতায়-নাচে-গল্পে-ছবি আঁকার আনন্দে, এক সঙ্গে হুল্লোড়, খাওয়া-দাওয়া। পলাশ প্রকৃতিকে আপন করে নেওয়ার উৎসব। আর পাঁচটা বং-ক্রাউড

পাহাড়-জঙ্গল আর নীল জলরাশি মাইথনের পর্যটন শিল্পে নয়া দিশা দেখাচ্ছে "পলাশ উৎসব"। মন কেমন করা দোলে বসন্ত প্রেমিকদের অনেকেই একদিনের জন্য যান কবিগুরুর শান্তিনিকেতনে।

থেকে একটু আলাদা। এমন এক জঙ্গল যেখানে আগুন-রঙা পলাশ তো আছেই, সঙ্গে দেখা মিলবে হলুদ পলাশেরও। রোজগার মাপা জীবনের বাইরে জঙ্গলে অন্য এক অ্যাডভেঞ্চার। সংস্থার পক্ষে দিবাকর দাস জানান, "কবিগুরুর বসন্ত উৎসবের ঘরানা, সীমান্তের এই এলাকায় ছিল না। হিন্দি ভাষাভাষীদের এলাকায় বরং ফাগুয়ার চল রয়েছে। একটা দিন অন্যভাবে কাটানোর এমন উৎসব সম্ভবত এ বাংলায় খুব একটা দেখা যায় না। তাই প্রকৃতিকে ভালোবেসে "পলাশ উৎসব" জনপ্রিয় হচ্ছে ক্রমশ। কলকাতা হোক বা জেলা, যে কেউ আসতে পারেন, পরিবার বা আত্মীয় নিয়ে। হঠাৎ করে পৌঁছে গেলেও বিমুখ হবেন না।"

বেশ কয়েক বছর ধরে এই অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ করছেন বিশিষ্ট বাচিক শিল্পী রত্না সোম। তিনি জানান, বসন্ত এসে গেলেই অপেক্ষা থাকে পলাশ উৎসবের। ২০০৫ সালে ৩০ জনকে নিয়ে শুরু করা এই উৎবে এখন অংশগ্রহণ করেন ৫০০ জন। সারা বছর প্রকৃতির পলাশ বনকে আগলে রাখে রূপনারয়াণপুরের এই সংস্থা। নিয়মিত পত্রিকাও প্রকাশিত করে তাঁরা, নাম "পলাশ কথা"। সেখানে, লেন্সবন্দি পলাশের সৌন্দর্যের সঙ্গে থাকে পলাশ নিয়ে নানা কথা।

পাহাড়-জঙ্গল আর নীল জলরাশি মাইথনের পর্যটন শিল্পে নয়া দিশা দেখাচ্ছে "পলাশ উৎসব"। মন কেমন করা দোলে বসন্ত প্রেমিকদের অনেকেই একদিনের জন্য যান কবিগুরুর শান্তিনিকেতনে।

কিন্তু শান্তিনিকেতনের বাইরে বসন্ত উপভোগের নতুন হাতছানি এখন ছোটনাগপুর মালভূমির "পলাশ উৎসব"।

# বিদেশ ভ্রমণ করতে পারেন গরমের ছুটিতে

**বিশেষ প্রতিবেদন।।** বহু দিনের শখ বিদেশে ঘুরতে যাবেন। এখন গরমের ছুটিতে যদি কোথাও যেতেই হয়, সে ক্ষেত্রে অনেক আগে থেকে ব্যবস্থা করতে হত। কিন্তু বিদেশে ঘুরতে গেলে তো ভিসা করার ঝামেলাও আছে। তার আবেদন করলেই যে চট করে মিলবে, তেমনটা নয়। তা হলে এই গরমের ছুটিতেও কি বিদেশে ঘুরতে যাওয়া হবে না?

চিন্তা নেই, ভারতের বাইরে এমন অনেক দেশ আছে যেখানে ভিসা ছাড়াই ভারতীয়রা ঘুরতে যেতে পারেন।

বিশ্বের মোট ৫৮টি দেশে ভিসা ছাড়া অথবা ঢোকার পরে ভিসার সুবিধা পান ভারতীয়রা। ২০১৩ সালে এমন দেশের সংখ্যা ছিল ৫২। এখন আরও ছ'টি দেশ ওই তালিকায় ঢুকেছে। তাই কাজের ফাঁকে, খুদের গরমের ছুটিতে ভিসা ছাড়াই ঘুরে আসতে পারেন এই পাঁচটি দেশ থেকে। হিমালয়ের দিগন্ত বিস্তৃত রূপ আর অন্য দিকে আধ্যাত্মিকতা, ভুটানের মূল আকর্ষণ। ছবি- পিক্সাবে

ভুটান- বৈধ পাসপোর্ট বা ভোটার কার্ড থাকলেই ভুটানে ঘোরার অনুমতি দেয় সেখানকার সরকার। সেখানে গেলেই ভারতীয়রা "ভিসা অন অ্যারাইভাল" অর্থাৎ সেখানকার ভিসা পেয়ে যাবেন। এক দিকে হিমালয়ের দিগন্ত বিস্তৃত রূপ আর অন্য দিকে আধ্যাত্মিকতা, ভুটানের মূল আকর্ষণ। কম-বেশি ৩৫ হাজার টাকার মধ্যেই ঘুরে নেওয়া যেতে পারে, পারো, থিম্পু, ফুন্টশেলিং। সোনালি ধানখেত, ঝিরঝির করে বয়ে যাওয়া নদী, নানা রঙের অর্কিড, হরেক প্রজাতির পাখি, ছোট ছোট রঙিন বাড়ি নিয়ে এই দেশ যেন অনন্য!

কম্বোডিয়া- দক্ষিণ-পূর্ব এশিয়ার ঘুরতে যাওয়ার কথা বললে কম্বোডিয়ার কথা চট করে মাথায় আসে না কারও। একটা সময়ে ব্যাঙ্কক, পাটায়ার যাওয়ার বেশ চল ছিল বাঙালিদের মধ্যে। এখন যদিও তা খুবই একঘেয়ে হয়ে গিয়েছে। তবে ভিসা ছাড়াই এমন জায়গার স্বাদ যদি নিতে চান, তা হলে কম্বোডিয়া কিন্তু হতেই পারে আপনার গন্তব্য। এখানকার প্রাকৃতিক সৌন্দর্য, বৌদ্ধমন্দির, দ্বীপপুঞ্জ, ঝর্না আপনার মন জয় করবেই। সস্তায় বিদেশ ভ্রমণ করতে চাইলে ঘুরে আসতেই পারেন মলদ্বীপ থেকে। ছবি- সংগৃহীত

মলদ্বীপ- বলিউড, টলিউড এমনকি একটু উচ্চবিত্তদের পছন্দের ঠিকানা এখন মলদ্বীপ যাওয়ার চল হয়েছে। এক দিকে দিগন্ত বিস্তৃত স্বচ্ছ, নীল জলরাশি যেমন চোখ জুড়িয়ে দেবে, তেমন জলের মাঝে দারুণ সব ভিলা, নানা ধরনের ওয়াটার স্পোর্টস আর হরেক রকম খাবার আছে সেখানে! সস্তায় বিদেশ ভ্রমণ করতে চাইলে ঘুরে আসতেই পারেন মলদ্বীপ থেকে। এখানে গেলেও "ভিসা অন অ্যারাইভাল" পেয়ে যাবেন।

মায়ানমার- মায়ানমার বা এক কালের বার্মা দেশটার সঙ্গে ভারতের নিবিড় যোগাযোগ ছিল। কিন্তু ঘরের কাছেই এমন বিদেশ থাকতেও মানুষের আকর্ষণের কেন্দ্রবিন্দুতে ছিল অন্য কিছু। সোনার পাতে মোড়া সোয়েডাগন প্যাগোডা, সুলে প্যাগোডা, সুয়ে-তা-মায়াত-পায়া বৌদ্ধ মন্দিরগুলি ছাড়াও ঘুরে আসতে পারেন ইনয়া হ্রদ থেকে। খাবারেও রয়েছে বৈচিত্র। দিন সাতেকের ছুটি নিয়ে ঘুরে দেখাই যায় এই নতুন দেশটি। ভারতীয় পাসপোর্ট থাকলে ভিসা ছাড়াই ঘুরে প্রবেশের অধিকার মেলে। নেপাল- বাঙালি? আবার ফেলুদারও ভক্ত? তবে এই জায়গা একেবারে আপনার জন্য। মাঝে এই জায়গায় বিভিন্ন রকম নাশকতামূলক কাজের জন্য এই অঞ্চল এক সময়ে খবরের শিরোনামে ছিল। কিন্তু তাই বলে বাঙালির পশুপতিনাথ দর্শন তো বন্ধ হতে পারে না। আর ভিসা ছাড়া ঘরের কাছে এমন বিদেশ ভ্রমণ আর কোথায় গেলেই বা হবে? পশুপতিনাথ মন্দির ছাড়াও নেপালে রয়েছে হনুমান মন্দির, বোধিস্তূপ, নারায়ণহিতি প্যালেস মিউজিয়াম, কৈসর মহল, নীলকণ্ঠ মন্দির। এখানে এলে অবশ্যই ঘুরে দেখবেন গৌতম বুদ্ধের জন্মস্থান লুম্বিনি গার্ডেন।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



সোমবার থেকে চৈত্রহাট। তারই প্রস্তুতি রবিবার খতিয়ে দেখলেন মেয়র দীপক মজুমদার।

## জ্বালানির দাম অপরিবর্তিত

নয়াদিল্লি, ২ এপ্রিল(হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। তবুও আজ রবিবার দেশে পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল রয়েছে। অপরিশোধিত তেল রফতানি ও ডলারের কারণে প্রতি ব্যারেল ৯৬ ডলারের চেয়ে সামান্য কম। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ফলে টানা প্রায় এগারো মাস ধরে অপরিবর্তিত থাকল জ্বালানির দাম।

রবিবার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের এক বিজ্ঞপ্তি অনুসারে, দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে।

মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা।

ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

# নৌবাহিনীর ভাইস চিফ পদে দায়িত্ব নিলেন সঞ্জয় জসজিৎ সিং

নয়াদিল্লি, ২ এপ্রিল(হি.স.) : ভারতীয় নৌবাহিনীর নতুন ভাইস চিফ হিসেবে নিযুক্ত হলেন ভাইস অ্যাডমিরাল সঞ্জয় জসজিৎ সিং। রবিবার দায়িত্ব নেওয়ার পরে তিনি জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধে পৌঁছে সৈন্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তারপরে সাউথ ব্লকে তাকে গার্ড অব অনার দেওয়া হয়। তিনি ভাইস অ্যাডমিরাল সতীশ কুমার নামদেও-র স্থলাভিষিক্ত হলেন। নৌবাহিনীতে ৩৯ বছরেরও বেশি সময় ধরে চাকরি করার পর ৩১ মার্চ অবসর গ্রহণ করেন। এর আগে সঞ্জয় জসজিৎ সিং ডেপুটি চিফ অফ ইন্টিগ্রেটেড ডিফেন্স স্টাফ (অপারেশনস) এর দায়িত্বে ছিলেন। ভাইস অ্যাডমিরাল সঞ্জয় জসজিৎ সিং জাতীয় প্রতিরক্ষা একাডেমির একজন স্নাতক। তিনি ১৯৮৬ সালে নৌবাহিনীর নির্বাহী শাখায় নিযুক্ত হন। তিনি ২০০৯ সালে ভারতীয় নৌবাহিনীর মেরিটাইম ডকট্রিন, ২০১৫ সালে ভারতীয় সামুদ্রিক নিরাপত্তা



কৌশলের প্রধান ছিলেন। তিনি ১৯৯২ সালে ন্যাভিগেশন এবং দিকনির্দেশনায় বিশেষায়িত হন। ২০০০ সালে যুক্তরাজ্যে অ্যাডভান্সড কমান্ড অ্যান্ড স্টাফ কোর্স করেন। নৌবাহিনীতে করা অন্যান্য পরিবর্তনের মধ্যে ভাইস অ্যাডমিরাল সুরজ বেরি শনিবার চিফ অব পার্সোনেল হিসেবে দায়িত্ব নিয়েছেন। ভাইস অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন কন্টোলার পার্সোনেল সার্ভিসের দায়িত্ব নিয়েছেন এবং ভাইস অ্যাডমিরাল অতুল আনন্দ ডিরেক্টর জেনারেল নেভাল অপারেশনস হিসেবে দায়িত্ব নিয়েছেন।

## চাকরি দেওয়ার নামে টাকা আত্মসাতের অভিযোগ, ধৃত ১

কালিয়াগঞ্জ, ২ এপ্রিল(হি.স.) : চাকরি দেওয়ার নামে টাকা আত্মসাতের অভিযোগে ধৃত এক ব্যক্তি। শনিবার রাতে কালিয়াগঞ্জ শহরের হাসপাতাল পাড়া এলাকায় ঘটনাটি ঘটেছে। গতকাল রাত সাড়ে ৯টা ওই ব্যক্তিকে বাড়ি থেকে তুলে নিয়ে যায় হেমতাবাদ থানার পুলিশ। ধৃতের নাম শিবনাথ ঠাকুর। শিবনাথ বাবুর স্ত্রী রীতা ঠাকুরের বক্তব্য, 'কয়েকজন পুলিশ এসে আমার স্বামীকে তুলে নিয়ে গেল। বললো, কথা আছে। আমার স্বামী প্রাক্তন বিএসএনএল কর্মী।' শিবনাথের বিরুদ্ধে চাকরির নামে টাকা তোলার অভিযোগ নিয়ে প্রশ্ন করলে রীতা ঠাকুর বিষয়টি এড়িয়ে যান। এদিকে ১১ নম্বর ওয়ার্ডের বিজেপি কাউন্সিলার অমিত সাহা বলেন, কে বা কারা শিবনাথ ঠাকুরকে তুলে নিয়ে গিয়েছে জানিনা। শিবনাথের পরিবার ও পুলিশ প্রশাসনের সঙ্গে কথা বললে বিষয়টি পরিষ্কার হবে। হেমতাবাদ থানার আইসি অভিজিৎ দত্ত এবিষয়ে কোনও মন্তব্য করেন নি।


## জব্বলপুরে ভূমিকম্প

ভোপাল, ২ এপ্রিল(হি.স.) : রবিবার মধ্যপ্রদেশের হোশাঙ্গাবাদ জেলার জবলপুর, উমারিয়া এবং পাঁচমাড়িতে ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে এর তীব্রতা মাপা হয়েছে ৩.৬।

ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজির মতে, রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৩.৬। ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল পাচমাড়ি থেকে ২১৮ কিলোমিটার দূরে। এটি উত্তর-পূর্বে মাটির ভিতরে ২৩ কিলোমিটার গভীরে ছিল।উমারিয়া জেলাশাসক ডাঃ কৃষ্ণ দেব ত্রিপাঠির মতে, এখনও পর্যন্ত ভূমিকম্পের কোনও রিপোর্ট পাওয়া যায়নি। এমনকি স্থানীয় নাগরিকরাও ভূমিকম্প অনুভব করেননি। চান্দিয়া তহসিল এলাকায় ভূমিকম্পের প্রভাব সম্পর্কে খবর পাওয়াগেলেও তবে এখন পর্যন্ত কোথাও থেকে নিশ্চিত হওয়া যায়নি। ভোপালের আবহাওয়া কেন্দ্র জানিয়েছে, উমারিয়া ও পাচমাড়িতেও ভূমিকম্পের কম্পন অনুভূত হয়েছে।

# হাসপাতালে ভর্তি নেপালের রাষ্ট্রপতি রামচন্দ্র পাউডেল

কাঠমাণ্ডু, ২ এপ্রিল(হি.স.) : নেপালের নবনির্বাচিত রাষ্ট্রপতি রামচন্দ্র পাউডেল পেটে ব্যথার কারণে কাঠমান্ডুর মহারাজগঞ্জের ত্রিভুবন বিশ্ববিদ্যালয় টিচিং হাসপাতালে ভর্তি হয়েছেন। হাসপাতালের সরকারি বিবৃতি অনুসারে, পাউডেল পেটে ব্যথার কারণে তাঁকে হাসপাতালে আনা হয়েছিল। শনিবার গভীর রাতে তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং তাকে পর্যবেক্ষণে রাখা হয়েছে।



প্রসঙ্গত, মাত্র দুই সপ্তাহ আগে নেপালি কংগ্রেসের সিনিয়র নেতা রামচন্দ্র পাউডেল নেপালের রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন। নেপালের নির্বাচন কমিশনের মতে, পাউডেল ৩৩,৮০২ ভোট পেয়েছেন এবং তার প্রতিদ্বন্দ্বী সুবাস চন্দ্র নেম্বওয়াং ১৫,৫১৮ ভোট পেয়েছেন। নেপালের ফেডারেল পার্লামেন্টের ৩১৩ জন সদস্য ভোটে অংশ নিয়েছিলেন এবং প্রাদেশিক পরিষদের ৫১৮জন সদস্যও পরবর্তী রাষ্ট্রপতি বাছাই করার জন্য নির্বাচনী প্রক্রিয়ায় অংশ নেন।

# 'আনপড় প্রধানমন্ত্রী দেশ চালাতে পারেন না' ঃ কেজরিওয়াল




গুয়াহাটি, ২ এপ্রিল (হি.স.) : 'আনপড় প্রধানমন্ত্রী দেশ চালাতে পারেন না। দেশ চালাতে শিক্ষাদীক্ষা থাকা প্রয়োজন। একজন আনপড় প্রধানমন্ত্রীই পারেন নোটবন্দি, কালো কৃষি আইনের মতো হঠকারী পদক্ষেপ নিতে। দেশে আজ যা চলছে, তা এরই ফসল।' আজ রবিবার গুয়াহাটির ভরলুমুখে সোনারাম ময়দানে আসন্ন সংসদীয় নির্বাচনের দামামা বাজাতে এসে আয়োজিত দলীয় সমাবেশে বলেছেন দিল্লির মুখ্যমন্ত্রী আম আদমি পার্টি (আপ)-প্রধান অরবিন্দ কেজরিওয়াল।

আজ অসম সফরে এসেছেন আপ-প্রধান অরবিন্দ কেজরিওয়াল এবং পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। দলের দুই শীর্ষ নেতা আসন্ন সংসদীয় নির্বাচনের দামামা বাজিয়ে গেছেন। কেজরিওয়াল তাঁর ভাষণ শুরু করেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার ওপর হামলা করে। ভাষণ দিতে গিয়ে তিনি ফের প্রধানমন্ত্রী মোদীর শিক্ষাগত যোগ্যতা নিয়ে নানা প্রশ্ন তুলেছেন আজ। বলেন, সরকারি কিংবা বেসরকারি কোনও প্রতিষ্ঠানের সর্বোচ্চ পদে উচ্চ শিক্ষিত প্রার্থীকে বাছাই করা হয় কেন? এজন্যই শিক্ষিত প্রার্থী বাছাই করা হয়, যাতে প্রতিষ্ঠানের কাজকর্ম ভালোভাবে পরিচালিত হয়। সেভাবে দেশের সর্বোচ্চ পদেও একজন শিক্ষিত ব্যক্তিকে চায় দেশ। নইলে নোটবন্দি, কালো কৃষি আইনের হঠকারী গ্যাঁড়াকলে পড়তে হবে। অতএব আগামী লোকসভা নির্বাচনে 'ঝাড়ু' (আপ-এর নির্বাচনী প্রতীক)-তে বোতাম টিপতে অসমবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

## খুলে দেওয়া হল জম্মু-শ্রীনগর জাতীয় সড়ক

জম্মু, ২ এপ্রিল(হি.স.) : জম্মু-শ্রীনগর জাতীয় মহাসড়কে দুদিক থেকে ছোট যানবাহন চলাচল অব্যাহত রয়েছে। রবিবার সকাল থেকে মহাসড়কের দুই পাশে ছোট যান চলাচলের অনুমতি দেওয়া হয়েছে। শুধুমাত্র জম্মু থেকে শ্রীনগরে ভারী যান চলাচলের অনুমতি দেওয়া হয়েছে। মুঘল রোড থেকে বরফ সরানো হচ্ছে। শিগগিরই যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হবে।

# জি-২০ : দ্বিতীয় পর্যটন কর্মী গোষ্ঠীর বৈঠকে হল যোগাভ্যাস

শিলিগুড়ি, ২ এপ্রিল(হি.স.) : জি-২০ দ্বিতীয় পর্যটন কর্মী গোষ্ঠীর বৈঠকে যোগ দিতে শিলিগুড়িতে আছেন জি২০-ভুক্ত দেশগুলির শতাধিক প্রতিনিধি, অতিথিরা। রয়েছেন আট দেশের রাষ্ট্রদূতেরা। রবিবার নিউ চামটা চা বাগানের বিলাসবহুল রিসর্টে আয়ুষ মন্ত্রকের উদ্যোগে তাঁদের জন্য হল যোগাভ্যাস অনুষ্ঠান হয়। উৎসবের আবহে উত্তরবঙ্গে শুরু হয়েছে তিনদিনের 'জি-২০ দ্বিতীয় পর্যটন কর্মী গোষ্ঠীর বৈঠক'। শিলিগুড়ি ও দার্জিলিংয়ে বৈঠকে পর্যটন এবং অ্যাডভেঞ্চার টুরিজমের রূপরেখা নিয়ে আলোচনা চলছে। শনিবার কার্শিয়াংয়ের মকাইবাড়ি চা-বাগান এবং বিভিন্ন এলাকা ঘুরে সন্ধ্যাবেলায় মশালের আলোয় চা পাতা তোলা সহ কর্মসূচি শেষে রবিবার সকালে নিউ চামটা চা বাগানের বিলাসবহুল মেফেয়ার টি রিসোর্টে আয়ুষ মন্ত্রকের উদ্যোগে যোগাভাস দিয়ে দিনের শুরু হয়। যোগ মন, শরীর এবং অন্তরাত্মাকে পুনরুজ্জীবিত করে।

প্রতিনিধিরা দ্বিতীয় দিন এক সতেজ সেশনের মধ্য দিয়ে শুরু করছেন। সেখানে ৪০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। এরপর দিনভর চলে নানা অনুষ্ঠান।

আগামীকাল ৩ এপ্রিল দার্জিলিঙে যাবে প্রতিনিধিদল। সেখানে ঘুম স্টেশন, বাতাসিয়া লুপ, রাজভবন ইত্যাদি ভ্রমণের পর সন্ধ্যায় শিলিগুড়ি ফিরে আসবে ওই প্রতিনিধিদল। ৪ এপ্রিল শিলিগুড়ি থেকে ফিরে যাবেন বিদেশি প্রতিনিধিরা।

## ফের বাড়ল দেশের দৈনিক করোনা সংক্রমণ

নয়াদিল্লি, ২ এপ্রিল(হি.স.) : ফের দেশে বাড়ছে দৈনিক করোনা সংক্রমণ। শনিবারের তুলনায় রবিবার ২৭ শতাংশ বেড়েছে করোনা সংক্রমণ। আজ রবিবার কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশে করোনায় আক্রান্ত হয়েছে ৩,৮২৩ জন। মৃত্যু হয়েছে ৪ জনের। সুস্থ হয়েছেন ১,৭৮৪ জন। করোনা অ্যাকটিভ কেস ২,০৩৫।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী, এখনও পর্যন্ত দেশে করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৪,৪৭,২২,৬০৫। মৃত্যু হয়েছে ৫,৩০,৮৮১ জনের। সুস্থ হয়েছেন ৪,৪১,৭৩,৩৩৫ জন। করোনা অ্যাকটিভ কেস ১৮,৩৮৯।

# উত্তরাখণ্ডে খাদে বাস পড়ে মৃত ২, আহত বহু যাত্রী

দেরাদুন, ২ এপ্রিল(হি.স.) : উত্তরাখণ্ডের পাহাড়ি রাস্তায় বাস দুর্ঘটনা। প্রচুর যাত্রী নিয়ে মুসৌরি-দেরাদুন রুটের একটি বাস খাদে পড়ে গেলে বহু যাত্রী আহত হয়েছেন। এর মধ্যে এই দুর্ঘটনায় দু'জনের মৃত্যু হয়েছে। এছাড়া আরও তিনজনের অবস্থা আশঙ্কা জনক বলে খবর।

সূত্রের খবর, রবিবার সকালে মুসৌরি থেকে দেরাদুনের দিকে আসছিল বাসটি। তাতে ২০ জন যাত্রী ছিলেন। আচমকাই নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি খাদে পড়ে যায়। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। ইন্দো-টিবেটান বর্ডার পুলিশের সাহায্য নিয়ে শুরু হয় উদ্ধারকাজ। আহতদের দ্রুত নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকেরা দুই



তরুণীকে মৃত বলে ঘোষণা করেন। বাকিদের চিকিৎসা চলছে। আহতদের মধ্যে তিন জনের অবস্থা আশঙ্কাজনক বলে পুলিশ জানিয়েছে। পুলিশের তরফ থেকে জারি করা বিবৃতিতে বলা হয়েছে, "মুসৌরি-দেহরাদুন রোডে বাস দুর্ঘটনায় দু'জন তরুণীর মৃত্যু হয়েছে। হাসপাতালে বাকিদের চিকিৎসা চলছে।"

# ভারী বর্ষণ ও শিলাবৃষ্টিতে ব্যাপক ক্ষয়ক্ষতি অসমের বিভিন্ন এলাকা

গুয়াহাটি, ২ এপ্রিল (হি.স.) : ঝড়-ঝঞ্ঝা, ভারী বর্ষণ ও শিলাবৃষ্টিতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে অসমের বিভিন্ন প্রান্তের। অসমের বিভিন্ন প্রান্তে রাস্তার উপর গাছ উপড়ে পড়ায় যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়ে পড়েছে। বিচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে ধেমাজি জেলার জোনাই, কামরূপ গ্রামীণ জেলার বকো, গোলাঘাটের বৃহত্তর মরঙি অঞ্চল।

আজ রবিবার ভোরে কামরূপ জেলার বকো এবং দুপুরের দিকে গোলাঘাট জেলায় আচমকা প্রচণ্ড বেগে ঘূর্ণিঝড় ও শিলাবৃষ্টি হয়। শিলাবৃষ্টি ও ঘূর্ণিঝড়ে বকোর নারেঙা, কাইতপাড়া, আউনিআঁটি গ্রামে বহু মানুষের গাছ-গাছালি, সুপারি গাছ এবং বাড়িঘরের বিস্তর ক্ষয়ক্ষতি হয়েছে। বেশ কয়েকটি এলাকায় গাছের ডাল বিদ্যুৎ পরিবাহী তারের ওপর পড়ায় বিদ্যুৎ পরিষেবা বিচ্ছিন্ন হয়ে যায়।

এদিকে গোলাঘাট জেলার বৃহত্তর মরঙি এলাকায় অনুরূপ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। জেলার মরঙি



মৌজার বিভিন্ন এলাকায় আজ দুপুৰে প্রবল ঝড় ও বৃষ্টিপাতেৰ ফলে বিস্তর ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছেন অঞ্চলবাসী।

বিশেষ করে মরঙির পোড়াবাংলা, দৈগ্রোং, ফলঙনি, বকিয়াল ইত্যাদি অঞ্চলে বহু পরিবারের ঘরদুয়ার, গাছ-গাছালি ভেঙে তছনছ করে দিয়েছে প্রাকৃতিক দুর্যোগ।

অন্যদিকে ঝড়, ভারী বর্ষণে ধেমাজি জেলার জোনাইয়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। রাস্তার ওপর গাছ উপড়ে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়ে গেছে। গতকাল শনিবার সন্ধ্যা থেকে দফায় দফায় ধেমাজি জেলায় অবিরাম বৃষ্টিপাত হচ্ছে। ৫১৫ নম্বর জাতীয় সড়কে শতবর্ষ পুরনো গাছ উপড়ে পড়েছে। ফলে ওই সড়কে যাতায়াত ব্যবস্থা ভেঙে পড়েছে। তবে সাফাইয়ের কাজ শুরু করেছেন সংশ্লিষ্টরা।

ফসলের ক্ষতি হওয়ায় কৃষকদেরও ব্যাপক ক্ষতি হয়েছে। গত রাত এবং আজকের ভারী বৃষ্টি ও ঝড়ে জোনাইয়ের সর্বত্র কেবল ধ্বংসের স্তূপ।

জোনাইয়ের ধর্মমুহায় বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হয়ে পড়েছে। প্রচণ্ড ঝড়ের প্রভাবে বিদ্যুতের লাইন বিচ্ছিন্ন হয়ে পড়ায় বেশ কয়েকটি গ্রাম এই খবর লেখা পর্যন্ত বিদ্যুৎবিহীন।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করতে বিদ্যুতের লাইনগুলি পুনরায় স্থাপনের কাজ শুরু করেছেন।


## শক্তিগড়ে বিজেপি নেতাকে গুলি করে হত্যা

বর্ধমান, ২ এপ্রিল(হি.স.) : শনিবার সন্ধ্যায় পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমান জেলার শক্তিগড়ে বিজেপি নেতা দুর্গাপুরের ব্যবসায়ী রাজু ঝাকে কয়েকজন অজ্ঞাত দুর্বৃত্ত গুলি করে হত্যা করেছে।

সন্ধ্যা ৬টার দিকে রাজু তার দুই সঙ্গীসহ একটি সাদা রংয়ের গাড়িতে কলকাতা যাচ্ছিল বলে জানা গেছে। শক্তিগড়ে তাঁর গাড়ি থামল। চালক ও আরেক সঙ্গী সেখান থেকে নেমে মুড়ি খেতে থাকে। তখন পেছন থেকে একটি নীল রঙের গাড়ি এসে তা থেকে নেমে রাজুকে গুলি করে। হাসপাতালে নেওয়ার পথে রাজুর মৃত্যু হয়। রাজুর সহযোগী ব্রিটেনের ডান হাতে বুলেটের ক্ষত রয়েছে। তবে হত্যার তদন্ত শুরু করেছে পুলিশ। ব্যবসায়িক শত্রুতার জের ধরে রাজুকে খুন করা হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। পুলিশ বলছে, আসানসোল-দুর্গাপুর ও বাঁকুড়া থানায় রাজু ঝা-এর বিরুদ্ধে কয়লা পাচারের একাধিক মামলা রয়েছে।

# ক্রমশ বাড়বে তাপমাত্রা বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভবনা

কলকাতা, ২ এপ্রিল(হি.স.) : আজ থেকেই ক্রমশ বাড়বে তাপমাত্রা। কলকাতায় আজ আংশিক মেঘলা আকাশ থাকলেও কাল থেকে পুরোপুরি শুষ্ক থাকবে আবহাওয়া। আজ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের মতো উপকূলের জেলাগুলিতে দু-এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে দক্ষিণবঙ্গের বাকি জেলায় বৃষ্টির সম্ভাবনা কম। উত্তরবঙ্গের ৫ জেলায় আজও ঝড় বৃষ্টির সম্ভাবনা। তবে ভারী বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই। আলিপুর আবহাওয়া দফতর সূত্রে খবর, দক্ষিণবঙ্গের জেলাগুলিতে রবিবার বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা। বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হতে পারে উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব এবং পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর সহ অন্যান্য



জেলাগুলিতে। তবে শনিবারের থেকে পরিস্থিতির উন্নতি হবে। তাপমাত্রাও বাড়তে চলেছে বেশ কিছুটা। উত্তরবঙ্গের জেলাগুলিতে এদিন বৃষ্টিপাত হতে পারে। তবে ভারী বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## ঝক্কি এড়িয়ে কেটে নিন মোচা



বাঙালির হেঁশেলে মোচার প্রচলন বহু পুরনো। কিন্তু ব্যস্ত জীবনযাত্রায় সহজে কেউ মোচা আনতে চায় না বাড়িতে। মোচা ছাড়ানো, কাটা এবং রান্না করার বেশ ঝামেলা। সময়ও যায় এতে অনেক। কিন্তু মোচার স্বাদকে টেক্কা দেবে এমন খাবার তো পাওয়া যায় না। তাছাড়া মোচা স্বাস্থ্যের জন্যও দারুণ উপকারী। মোচার মধ্যে ভিটামিন সি, এ, ই, ফাইবার এবং বিভিন্ন মিনারেল রয়েছে, যা শরীরের জন্য দারুণ উপযোগী।

সুগার রোগীদের জন্য উপকারী মোচা। এটি রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করে। একইভাবে, আয়রন সমৃদ্ধ হওয়ায় মোচা রক্তাল্পতার ঝুঁকি কমায়। কিন্তু মোচার ঘণ্ট বা চপের বাইরে নতুন পদ খুব একটা রান্না করে না আমবাঙালি। স্বাদ বদলের জন্য বানিয়ে নিতে পারেন মোচার কোফতা। কাঁচকলার কোফতা তৈরি করা হলেও মোচার কোফতার রেসিপি অনেকেরই অজানা। তাঁদের জন্য রইল এই রেসিপি।

মোচার কোফতা তৈরি করার জন্য প্রয়োজনীয় উপকরণ:

১টা মোচা, পরিমাণমতো বেসন, ২টো আলু, ১ চা চামচ লঙ্কাবাটা, ৫ টেবিল চামচ পেঁয়াজ বাটা, ২ টেবিল চামচ আদা বাটা, ১ চামচ হলুদবাটা, পরিমাণমতো কিশমিশ, ২ টেবিল চামচ টক দই, ১ চা চামচ গরম মশলা, ১ চা চামচ জিরে, পরিমাণমতো তেল ও ঘি, পরিমাণমতো তেজপাতা, নুন ও চিনি।

মোচার কোফতা তৈরি করার সহজ উপায়:

প্রথমে মোচা ছাড়িয়ে কুচি কুচি করে কেটে নিন। এবার মোচাটা কিছুক্ষণ জলে ভিজিয়ে রাখুন। তারপর ভাল করে ধুয়ে নিয়ে মোচা সেদ্ধ করে নিন। জল ছড়িয়ে রাখবেন। এবার আলুগুলো ডুমো ডুমো করে কেটে নিন এবং লাল-লাল করে ভেজে নিন। আলুগুলো ভেজে তুলে রাখুন। সেদ্ধ করে রাখা মোচা ভাল করে মেখে নিন। এবার এতে অর্ধেক পেঁয়াজবাটা, লঙ্কা, আদাবাটা, নুন, চিনি, কিশমিশ, গরম মশলা মিশিয়ে দিন। মোচাটা ভাল করে মেখে নিন। এবার ছোট ছোট বল বানিয়ে নিন। কড়াইতে তেল গরম করুন। এবার এতে মোচার বলগুলো ভাল করে ভেজে নিন।

ওই কড়াইতে সামান্য ঘি ও তেল গরম করুন। এবার এতে বাকি পেঁয়াজবাটা, লঙ্কা, আদাবাটা, কিশমিশ, গরম মশলা, হলুদ বাটা ও টক দই দিয়ে দিন। স্বাদমতো নুন ও চিনি মেশান। কোফতাতেও নুন ও চিনি দিয়েছেন, তাই স্বাদ বুঝে চিনি ও নুন ব্যবহার করুন। মশলাটা ভাল করে কষে নিন। এবার এতে ভেজে রাখা আলু দিয়ে দিন। আলু সেদ্ধ হয়ে এলে এতে ভেজে রাখা মোচার বলগুলো দিয়ে দিন। ভাল করে মিশ্রণটা কষিয়ে নিন। কোফতা কারি মাখা মাখা হয়ে এলে গরম মশলার গুঁড়ো ছড়িয়ে নামিয়ে নিন মোচার কোফতা।

## সঠিক পদ্ধতিতে রান্না করা না হলে ক্যান্সারের ঝুঁকি বাড়ায় ভাত



অনেকেরই হয়তো জানা নেই, সঠিক পদ্ধতিতে রান্না করা না হলে ভাত শরীরের জন্য বিপজ্জনক হতে পারে। সাম্প্রতিক কিছু গবেষণা বলছে, সঠিকভাবে ভাত রান্না করা না হলে ক্যান্সারের ঝুঁকি বাড়ে।

সম্প্রতি ইংল্যান্ডের কুইন্স বিশ্ববিদ্যালয়ের কয়েক জন গবেষক সারা পৃথিবীর নানা প্রান্তের চালের নমুনা নিয়ে গবেষণা করেছেন। এতে দেখা গেছে, বেশির ভাগ জায়গার চালেই নানা ধরনের কীটনাশক প্রয়োগ করা হয়। আর্সেনিক জাতীয় এই কীটনাশক শরীরে মারাত্মক প্রভাব ফেলতে পারে। আরও বেশ কয়েকটি গবেষণায় একই ফল দেখা গেছে। যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষণায় দেখা গেছে, ভাত থেকে স্তন, ফুসফুসসহ অন্যান্য ক্যান্সারের ঝুঁকি বাড়ে। প্রকাশিত ওই প্রতিবেদনে বলা হয়েছে, আর্সেনিক হল বিভিন্ন খনিজ পদার্থের মধ্যে উপস্থিত থাকা একটি রাসায়নিক। অনেকে দেশের ভূগর্ভস্থ জলে উচ্চ মাত্রার আর্সেনিক থাকে। যদি আমরা খাদ্য বা জলের মাধ্যমে দীর্ঘদিন রাসায়নিকের সংস্পর্শে থাকি, তাহলে শরীরে বিষক্রিয়া হতে পারে। এর ফলে কেউ বমি, পেটে ব্যথা এবং ডায়রিয়ার সমস্যা অনুভূত করতে পারেন, এমনকি ক্যান্সারেও আক্রান্ত হতে পারেন। গবেষণায় দেখা গেছে, চালে উচ্চ মাত্রার আর্সেনিক রয়েছে। এ কারণে ভাত যদি সঠিকভাবে রান্না না করা হয়, তাহলে এটি ভবিষ্যতে নানা ধরনের স্বাস্থ্যঝুঁকি বাড়াতে পারে। কুইন্স ইউনিভার্সিটির গবেষণায় দেখা গেছে, চাল থেকে আর্সেনিক দূর করার সবচেয়ে ভালো উপায় হলো রান্না করার আগে জলে চাল ভিজিয়ে রাখা। এতে শতকরা ৮০ শতাংশ আর্সেনিক বেরিয়ে যেতে পারে। সেক্ষেত্রে রান্নার তিন- চার ঘণ্টা আগে যদি ভিজিয়ে রাখা যায় তাহলে ভালো ফল পাওয়া যাবে।

## অতিরিক্ত ওজন কেড়ে নিতে পারে পুরুষত্ব

মোটা মানুষের সংখ্যা আশঙ্কাজনক হারে বাড়ছে। সেই সাথে বাড়ছে হার্ট অ্যাটাক, হাইপ্রেসারসহ নানা সমস্যা। তাতে মৃত্যুর হারও আশঙ্কাজনক। শুধু বাংলাদেশ নয়, গোটা বিশ্বে স্থূলতাই মৃত্যুর অন্যতম কারণ হিসাবে চিহ্নিত। শরীরে অতিরিক্ত মেদ বা চর্বিজাতীয় পদার্থ জমা হলে এই অবস্থার সৃষ্টি হয়।

এমনটা হলে শরীরে ক্ষতিকারক প্রভাব পড়ে। ওজন দ্রুত বেড়ে যায়। শারীরিক নানা সমস্যার সৃষ্টি হয়। বিশেষজ্ঞরা বলছেন, পুরুষদের ক্ষেত্রে অতিরিক্ত ওজন বা স্থূলতার সমস্যা বন্ধ্যাত্ব ডেকে আনতে পারে। কেড়ে নিতে পারে পুরুষত্ব। আমেরিকার কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের গবেষকদের করা একটি গবেষণায় উঠে এসেছে এমনই তথ্য। ওই গবেষণা বলছে, মেদহীন ঝরঝরে থাকলে পুরুষদের শুক্রাণুর সংখ্যা বৃদ্ধি পায় ৪০ শতাংশ। স্থূলতার সমস্যায় অনেক দেশের চেয়ে এগিয়ে আমেরিকা।

পরিসংখ্যান বলছে, পুরুষদের মধ্যে স্থূলতার সমস্যা বেড়ে যাওয়ায় গত এক বছরে সেখানে জন্মহারের সংখ্যা আগের তুলনায় হ্রাস পেয়েছে। কেউ কেউ ওজন কমিয়ে রোগা হওয়ার পর শুক্রাণুর ঘনত্ব এবং সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলেও দাবি করেছেন। বন্ধ্যত্ব, শুক্রাণুর সংখ্যা কমে যাওয়া এবং টেস্টোস্টেরনের মাত্রা হ্রাস- এই সবগুলোর অন্যতম নেপথ্য কারণ হিসাবে স্থূলতাকেই দেখছেন বিশেষজ্ঞরা। অস্বাস্থ্যকর জীবনযাত্রা, অনিয়মিত এবং অস্বাস্থ্যকর খাওয়াদাওয়া, নিয়মিত শরীরচর্চার না করার প্রবণতার মতো কিছু কারণে পুরুষদের মধ্যে স্থূলতার সমস্যা বাড়ছে।

বিশেষজ্ঞরা বলছেন, বন্ধ্যত্ব ছাড়াও অতিরিক্ত ওজন ডায়াবিটিস, কোলেস্টেরলে, উচ্চ রক্তচাপের মতো শারীরিক সমস্যার কারণ হতে পারে। তাই ওজন কমিয়ে সুস্থ থাকা অত্যন্ত জরুরি। এর কোনো বিকল্প নেই।

## আসছে নতুন মারণভাইরাস

ইতিমধ্যেই আফ্রিকায় আতঙ্ক তৈরি করে ফেলেছে এই মারণ ভাইরাস। ভয়ংকর সংক্রামক, ভয়ংকর ঘাতক শক্তির অধিকারী এই মারবার্গ নিয়ে এবার নতুন করে আতঙ্ক তৈরি হচ্ছে বিশ্ব জুড়ে। মধ্য-পশ্চিম আফ্রিকায় ক্রমশ ভয়াল হয়ে উঠেছে মারবার্গ। ফেব্রুয়ারির মাঝামাঝি সময় থেকেই শুরু হয়েছে এটা। এখন সেটা ক্রমশ বড় আকার ধারণ করছে। বিষয়টি নিয়ে উদ্বিগ্ন বিশ্ব স্বাস্থ্য সংস্থাও। তারা সতর্কও করেছে সংশ্লিষ্ট দেশগুলিকে।

প্রাথমিক ভাবে জানা গিয়েছে ফলখেকো বাদুড়দের মারফত ছড়ায় এই ভাইরাস। কেস ফ্যাটালিটি রেট বে উঁচুতে-- ৮৮ শতাংশ, যা শুরুর দিকে ছিল মাত্রই ২৪ শতাংশ। এই ভাইরাসে আক্রান্ত হলেও জ্বর অবধারিত সঙ্গে দারুণ ক্লান্তি, রক্তবমি এবং ডায়ারিয়া। মারণ ইবোলা ভাইরাস যে জাতের, এই মারবার্গও সেই জাতের। সব চেয়ে দুশ্চিন্তার হল-- এই ভাইরাসের কোনও চিকিতা নেই, নেই কোনও ভ্যাকসিনও! মারবার্গ ছড়ায় কী করে? ত্বকের অবস্থা সঙ্গিন হয়ে ওঠে, আক্রান্তের ত্বকের মধ্যে দিয়ে রোগ ছড়ায় বডিলি ফ্লুইড থেকেও এই ভাইরাসের সংক্রমণ ছড়ায় রোগীর বালিশ-বিছানা পোশাক-আশাক থেকেও মারবার্গ ভাইরাস ছড়ায় ইরাসটি অবশ্য এমন নয় যে, এই জানা গেল। মারবার্গ ভাইরাস সম্বন্ধে প্রথম জানা গিয়েছিল ১৯৬৭ সালে। জার্মানের দুটি শহরে প্রথম এই রোগ হয়েছিল।


## হার্ট-ব্রেকের জেরে হতে পারে বুকে ব্যথা

প্রেমে পড়লে মনটা ফুরফুরে হয়ে যায়। মন ভাল থাকে। ঠেঁটের কোণে হাসি লেগে থাকে। আর ঠিক উল্টোটা ঘটে যখন মন ভাঙে। ভালবাসায় মন ভাঙলে সব কিছু বেরঙিন হয়ে ওঠে। প্রিয় গানও শুনতে ইচ্ছে করে না। চোখের পাতায় ঘুম আসে না। খিদে কমে যায়। নিজেকে সামলে নিলেও ফিরে ফিরে আসে পুরনো স্মৃতি। তবুও মন ভাঙার কষ্ট ভাষায় প্রকাশ করা কঠিন হয়ে দাঁড়ায়।

তবে ব্রেকআপ কিংবা কোনও বিষয় নিয়ে মন খারাপ শুধু যে আপনাকে মানসিকভাবে ভাবিয়ে তোলে, তা নয়। মন ভাঙলে শারীরিক ভাবেও তার কষ্ট প্রকাশ পায়।

মন ভাঙলে কেন এত কষ্ট হয়, তার একটি ফিজিওলজিক্যাল ব্যাখ্যা দিয়েছে লাইভ সায়েন্স। সম্প্রতি এক গবেষণায় দেখা গিয়েছে, মন ভাঙলে তার কষ্ট শারীরিকভাবেও আমরা অনুভব করি এবং এর পিছনে দায়ী আমাদের হরমোন। যখন আপনি প্রেমে পড়েন, তখন শরীরে 'ফিল-গুড' হরমোন উতন্ন হয়। তখন 'কাডল' হরমোন অক্সিটোসিন এবং 'ফিল-গুড' হরমোন ডোপামাইন উতন্ন হয় এবং মন ফুরফুরে থাকে। আর মন ভাল থাকায় আপনার মুখে-চোখেও সেই আনন্দ ধরা পড়ে। একইভাবে, প্রেমে বিচ্ছেদ ঘটলে শরীরে অক্সিটোসিন ও ডোপামাইন হরমোনের মাত্রা কমে যায়। উল্টে বেড়ে যায় 'স্ট্রেস' হরমোন কর্টিসলের মাত্রা। এই কর্টিসল হরমোনের মাত্রা বৃদ্ধি পেলে রক্তচাপ বাড়ে, ওজন বাড়তে থাকে এবং ঘিরে ধরে বিষণ্ণতা। অর্থাতমন ভাঙার সঙ্গে হরমোনের ভারসাম্যহীনতার জেরে শারীরবৃত্তীয় পরিবর্তন দেখা দেয়। এই অবস্থাকে আপনি 'মন খারাপ' বললেও, চিকিতা ভাষায় একে বলে 'তাকাতুবো কার্ডিওমায়োপ্যাথি' বা 'ব্রোকেন হার্ট সিন্ড্রোম। চিকিতকদের মতে, এটি হার্টের এক ধরনের অবস্থা যা স্বল্পমেয়াদী, যা তীব্র মানসিক বা শারীরিক চাপের কারণে শুরু হয়। এর জেরে হৃতিণ্ডের রক্ত পাম্প করার পদ্ধতিতে অস্থায়ী পরিবর্তন ঘটে। কখনও-কখনও হৃদপিণ্ডকে রক্ত পাম্প করতে আরও কসরত করতে হয়। এই কারণে বুকে ব্যথাও অনুভব হয়। 'ব্রোকেন হার্ট সিন্ড্রোম' কাটিয়ে স্বাভাবিক জীবনে ফিরতে কারও দিন, কারও আবার মাস, আবার কারও বছরও লেগে যায়। খুব কম ঘটনাই রয়েছে যেখানে মন ভাঙার কারণে কিংবা 'ব্রোকেন হার্ট সিন্ড্রোম'-এ আক্রান্ত হয়ে মানুষের মৃত্যু হয়েছে। তবে, বিশেষজ্ঞদের মতে, এই রোগ সবচেয়ে বেশি মহিলাদের মধ্যে দেখা যায়। হয়তো অতিরিক্ত আবেগপ্রবণ হওয়ার কারণেই এমনটা ঘটে।

## সামান্য হেঁটেই পায়ে ব্যথা?




রক্তে মোম জাতীয় এক ধরনের পদার্থ রয়েছে যাকে কোলেস্টেরল বলে। শরীরে সুস্থ স্বাভাবিক কোষ তৈরির কাজে লাগে এই কোলেস্টেরল। তবে জরুরি কাজে লাগে বলেই সেই জিনিসটি শরীরে বেশি থাকা ভালো নয়। কোলেস্টেরলের সমস্যা অনেক মানুষেরই রয়েছে। এই রোগে আক্রান্ত হলে বেশকিছু উপসর্গ দেখা যায়। নতুন করে জানা গেল কোলেস্টেরলের কারণে হতে পারে পায়ের ব্যথাও। মূলত দুই ধরনের কোলেস্টেরল নিয়ে আলোচনা হয়- এলডিএল এবং এইচডিএল। এই দুই কোলেস্টেরলের মধ্যে খারাপ হল এলডিএল। এই এলডিএল রক্তনালীর ভিতরে জমে। ফলে সেখানে প্লাক তৈরি হয়। আর এই প্লাক তৈরি হলে দেখা দেয় রক্ত চলাচলে সমস্যা। তখন দেখা দিতে পারে নানা ধরনের সমস্যা। আর এদিকে এইচডিএল হল হার্টের জন্য ভালো। এই কোলেস্টেরল শরীরে বেশি থাকলে সমস্যার আশঙ্কা কম। তাই চিকিৎসকরা এলডিএল কমিয়ে এইচডিএল বাড়ানোর বিষয়ে জোর দেন।

শরীরের কোলেস্টেরলের মাত্রা বেশি থাকাটা খুবই জটিল একটি সমস্যা। এক্ষেত্রে পেরিফেরাল আর্টারি ডিজিজের মতো সমস্যা দেখা দেয়। এই সমস্যা থেকে মাথায় স্ট্রোক এবং হার্ট অ্যাটাক হতে পারে। তাই কোলেস্টেরলের সমস্যা যাদের রয়েছে তাদের সতর্ক থাকতে বলেন বিশেষজ্ঞরা। তবে অনেক সময় এই সমস্যা শরীরে বাসা বাধার পরও কোনও লক্ষণ দেখা যায় না। তখন দেখা দেয় সমস্যা। তাই সতর্ক থাকা ছাড়া অন্য কোনও উপায় খুঁজে পাচ্ছেন না বিশেষজ্ঞরা। কোলেস্টেরলের লক্ষণ নখ ভেঙে যাওয়া। নখের ভিতরে দাগ হয়ে যাওয়া। পায়ের ত্বক অকারণে চকচক করা। পায়ে হঠাতকরে আলসার দেখা দেওয়া। ত্বকের রঙে আসে বদল। ইরেকটাইল ডিসফাংশন। শরীরে কোলেস্টেরলের মাত্রা বেশি থাকলে চুল পড়তেও দেখা যায়। এক্ষেত্রে রক্তনালীতে প্লাক জমে তৈরি করে সমস্যা। ফলে ভালোমতো পুষ্টিপদার্থ পৌঁছায় না চুলে।

পায়ের সমস্যা

শরীরে কোলেস্টেরলের মাত্রা অনেকটা বেড়ে গেলে পায়ে সমস্যা হতে পারে। এক্ষেত্রে পায়ের রক্তনালীতে জমে যায় কোলেস্টেরল। ফলে পায়ে ঠিকমতো রক্ত চলাচল বন্ধ হয়। এই কারণে পায়ে নানা সমস্যা দেখা দিতে পারে। এই সমস্যায় আক্রান্ত ব্যক্তি কিছুটা হাঁটলেই সমস্যায় পড়েন। পায়ে ব্যথা হয়। অনেকের আবার পা অবশ হয়ে থাকে। এমনকী চিমটি কাটলেও অনুভূতি মেলে কম। এদিকে পায়ের পেশির উপরও এর প্রভাব পড়ে। এক্ষেত্রে পা পেশি পুষ্টি পায় না। ফলে পায়ের পেশি ক্রমশ নিজের ক্ষমতা হারাতে থাকে। কী করবেন? শরীরে কোলেস্টেরলের মাত্রা বেশি থাকলে ওষুধ খেতে হবে। পাশাপাশি মেনে চলুন এই নিয়মগুলো। সিগারেট খাওয়া ছেড়ে দিন। নিয়মিত এক্সারসাইজ করুন। মদ্যপান থেকে দূরে থাকুন। বাইরের তেল, ঝাল, মশলা যুক্ত খাবার এড়িয়ে চলুন। মিষ্টিজাতীয় খাবার খাওয়া কমান।

## কলেস্টেরলের এবং হৃদরোগ মাত্রা কমিয়ে দেয় মসুর ডাল



মসুর ডাল শুধু সুস্বাদুই নয় এতে রয়েছে প্রচুর পরিমাণে পুষ্টিগুণ। যেমন, খনিজ পদার্থ, আঁশ, খাদ্যশক্তি, আমিষ, ক্যালসিয়াম, লৌহ, ক্যারোটিন, ভিটামিন বি-২ ও শর্করা ইত্যাদি। মসুর ডালে উচ্চ মাত্রার দ্রবণীয় ফাইবার থাকে। পুষ্টিমাণ প্রতি ১০০ গ্রাম মসুর ডালে থাকে জলীয় অংশঃ ১২.৪, গ্রাম খনিজ পদার্থঃ ২.১ গ্রাম, আঁশঃ ০.৭ গ্রাম, খাদ্য শক্তি ৩৪৩ কিলো ক্যালরি, আমিষঃ ২৫.১ গ্রাম, চর্বিঃ ০.৭ গ্রাম, ক্যালসিয়াম ৬৯ মিলিগ্রাম, লৌহঃ ৪.৮ মিলিগ্রাম, ক্যারোটিন ২৭০ মাইক্রোগ্রাম, ভিটামিন বি-২ ৪৯ মিলিগ্রাম, শর্করাঃ ৫৯.০ গ্রাম।

মসুর ডালের উপকারিতা : মসুর ডালে প্রচুর পরিমাণে খাদ্য আঁশ রয়েছে। ফলে এটি হজমে সহায়তা করে। এছাড়াও কোষ্ঠকাঠিন্য প্রতিরোধের জন্য মসুর ডাল একটি আদর্শ খাবার। হজম স্বাভাবিক থাকায় শরীর সুস্থ্য ও সবল থাকে। মসুর ডালে উচ্চ মাত্রার দ্রবণীয় ফাইবার থাকে যা রক্তের কলেস্টেরল কমাতে সাহায্য করে। এটা শরীরের কলেস্টেরলের মাত্রা কমিয়ে হৃদরোগ এবং স্ট্রোকের ঝুঁকি কমিয়ে দেয়। ধমনীকে পরিষ্কার রাখে ফলে রক্ত চলাচল স্বাভাবিক থাকে। মসুর ডালের মতো উচ্চ ফাইবার সমৃদ্ধ খাবার খেলে হার্টের ঝুঁকি অনেকটাই কমে যায়। তাছাড়া মসুর ডালে ফলেট এবং ম্যাগনেসিয়াম আছে যা হার্টকে ঠিক রাখতে সহায়তা করে। ম্যাগনেসিয়াম শরীরের সর্বত্র রক্ত, অক্সিজেন এবং পুষ্টি প্রবাহ করতে সাহায্য করে।

মসুর ডালের ফাইবারের অনেক উপকারিতা রয়েছে। মসুর ডাল শরীরে চিনির পরিমাণ কমিয়ে ডায়াবেটিস নিয়ন্ত্রণ করে, তাছাড়া এটি উচ্চ রক্তচাপ কমাতেও গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করে। যাঁরা শরীরের বাড়তি ওজন কমাতে চান তাঁরা ভাতের পরিমাণ কমিয়ে তার বদলে নিয়মিত ডাল খেতে পারেন। ওজন কমানোর সহজ ও স্বাস্থ্যকর উপায়। এছাড়াও মসুর ডাল খারাপ কোলেস্টেরলকে কমিয়ে বাড়িয়ে দেয় ভালো কোলেস্টেরলের পরিমাণ।

যারা সন্তান সম্ভাবা তাদের জন্য মসুর ডাল খুবই উপকারি। ডালে একসঙ্গে আয়রন ও ফলেট দুটিই থাকে। যা গর্ভবতী মায়েদের শরীরের জন্য অত্যন্ত জরুরী। সেই সঙ্গে আয়রন রক্তশূন্যতা প্রতিরোধে কার্যকরী ভূমিকা পালন করে থাকে। মসুর ডাল সৌন্দর্য্যচর্চায় জন্য সবচেয়ে ঘরোয়া ও কার্যকরী উপায়। মসুর ডালের প্যাক লাগিয়ে ত্বকের যত্ন নেওয়া যায়। হয়ে ওঠা যায় কোমল ও সুন্দর ত্বকের অধিকারী। দীর্ঘদিন যদি নিয়ম মেনে মুখে মসুরের ডালের প্যাক লাগান তাহলে সহজেই আপনার মুখের কালো ছাপটা দূর হয়ে যাবে।

## হঠাৎপেশি কেঁপে ওঠা কি ক্যানসারের লক্ষণ?



ক্যানসার কঠিন এক ব্যাধি। এ কারণে ক্যানসারের নাম শুনলেই সবাই ঘাবড়ে যান। এটি এমন একটি রোগ যাতে শরীরের কিছু কোষ অনিয়ন্ত্রিতভাবে বেড়ে যায় ও বিভিন্ন অংশে ছড়িয়ে পড়ে। বিভিন্ন ধরনের ক্যানসারের লক্ষণেও ভিন্নতা আছে।

কখনো কখনো একটি ক্যানসারজনিত টিউমার ম্যালিগন্যান্ট হয়।

এর অর্থ হলো, এটি বাড়তে পারে ও শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়তে পারে। ফলে পেশিতে ঘা, কাঁপুনি বা ঝাঁকুনির সৃষ্টি হয়।

অনেকেই বিষয়টিকে স্বাভাবিকভাবে নেন। তবে শরীরের বিভিন্ন স্থানে কাঁপুনি বা খিচুনির সৃষ্টি হলে সতর্ক হতে হবে এখন থেকেই।

পেশি কেঁপে ওঠা কোন ক্যানসারের লক্ষণ?

এমন সমস্যা তখনই দেখা যায়, যখন টিউমারটি মস্তিষ্কে চাপ দিতে শুরু করে। ফলে শরীরের বিভিন্ন অঙ্গের অংশে স্বাভাবিক কাজ বন্ধ হয়ে যায়।

মস্তিষ্কের টিউমার মস্তিষ্কের নিউরনকে উত্তেজিত করে, ফলে পেশি সংকোচন, মোচড়ানো, অসাড়তা, ঝাঁকুনিরি সৃষ্টি হতে পারে। এর পাশাপাশি শ্বাস ও চেতনা কমে যেতে পারে।

টেম্পোরাল লোব, ফ্রন্টাল লোব ও প্যারিটাল লোবে ছড়িয়ে পড়া টিউমারগুলো বক্তৃতা, সিদ্ধান্ত গ্রহণ, সমস্যা সমাধান, একাগ্রতা ও চিন্তার গতির ফাংশনে সমস্যা সৃষ্টি করে। তাই এমন লক্ষণ দেখলিই চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি।

এমনকি স্পাইনাল কর্ড টিউমার বা ক্যানসারে আক্রান্ত হলে পেশিতে সমস্যা দেখা দিতে পারে। যেমন- পা, গোড়ালি ও পায়ের পেশির টিস্যু শক্ত হয়ে যাওয়ার সমস্যা দেখা দিতে পারে। মেরুদণ্ডের বেশিরভাগ প্রাথমিক টিউমারই সৌম্য ও ধীরে ধীরে বড় হয়। অন্যদিকে সেকেন্ডারি টিউমার ক্যানসার কোষ যা শরীরের অন্যান্য অংশ থেকে আসে।

কিছু প্রধান ক্যানসার যা মেরুদণ্ডে ছড়িয়ে পড়ে তার মধ্যে আছে প্রোস্টেট, ফুসফুস ও স্তন ক্যানসার। মেটাস্টেসাইজ করার উচ্চ ক্ষমতার কারণে, এসব ক্যানসারসহজেই মেরুদণ্ডের ভিতরের টিস্যুতে ছড়িয়ে পড়তে পারে।

দু'ধরনের ব্লাড ক্যানসার যেমন- মায়লোমা ও লিউকেমিয়া মেরুদণ্ডে ছড়িয়ে পড়ে বলেও জানা গেছে। এটি সাধারণত ঘটে যখন অস্থি মজ্জার অভ্যন্তরে শ্বেত কোষ বা রক্তরস কোষে ম্যালিগন্যান্সির উতত্তি হয়।

যখন ক্যানসার মেরুদণ্ডে ছড়িয়ে পড়ে তখন রোগীরা চেতনা বা শরীরের স্বর হারাতে পারেন। এরপরে পেশি কেঁপে ওঠা, মোচড়ানো বা শিথিল হওয়ার সমস্যা দেখা দেয়।

এর পাশাপাশি পিঠে ব্যথা অনুভব করতে পারে রোগী। যা সময়ের সঙ্গে সঙ্গে আরও খারাপ হয়, প্রায়শই মাঝখানে বা নীচের পিঠে থাকে এমন ব্যথা, যা সময় যেতেই তীব্র হয়। এমনকি এ ধরনের ব্যথা ওষুধ দ্বারাও উপশম হয় না।

শুয়ে থাকার সময়ও এমন ব্যথা আরও খারাপ হয় ও নিতম্ব বা পায়ে প্রসারিত হয়। আক্রান্ত ব্যক্তিরা পায়ের পেশিতে দুর্বলতা ও অসাড়তা অনুভব করেন। এ কারণে পরে হাঁটা কঠিন হয়ে পড়ে।

অনেকে পঙ্গু পর্যন্ত হয়ে যেতে পারেন। তাই শারীরিক এসব লক্ষণ মোটেও অবহেলা করবেন না। যে কোনো সমস্যা দেখলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে।



রবিবার আগরতলায় অনুষ্ঠিত হয়েছে আর্যুবেদিক স্বাস্থ্য শিবির।

# নরেন্দ্র মোদী তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হবেন: অমিত শাহ

পটনা/নওদা, ২ এপ্রিল(হি.স.) : দেশে এই মুহূর্তে প্রধানমন্ত্রীর চেয়ার খালি নেই। তৃতীয়বারের মতো দেশের প্রধানমন্ত্রী হতে চলেছেন নরেন্দ্র মোদী। রবিবার বিহারের নওয়াদা জেলার হিসুয়াতে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই দাবি করে বলেন, বিহারের জনগণ তাদের মন তৈরি করেছে যে বিজেপি ২০২৪ সালের লোকসভা নির্বাচনে এই রাজ্যের ৪০ টি আসন জিতবে।



অমিত শাহ বলেন, এখানকার একজনকে প্রধানমন্ত্রী হতে হবে আর লালুর ছেলেকে মুখ্যমন্ত্রী হতে হবে। তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হতে চলেছেন নরেন্দ্র মোদী। নরেন্দ্র মোদী যদি তৃতীয়বার প্রধানমন্ত্রী হন, তাহলে নীতীশ কুমার কখনই লালুর ছেলেকে মুখ্যমন্ত্রী করবেন না। বিহার মন তৈরি করেছে যে বিহারের ৪০টি আসনের সবকটিতেই জিতবে বিজেপি।

বিহারের হিংসার ঘটনা নিয়ে প্রথমে সরকারকে আক্রমণ করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী। তিনি জানান, সাসারমে অশোক জয়ন্তীতে যেতে হবে। গুলি চলছে, তাই যেতে পারিনি। আমি সাসারামের লোকদের কাছে সাহায্য চেয়েছি, আমি অবশ্যই সেখানে যাব।

তিনি বলেন, আমি স্বরাষ্ট্রমন্ত্রী, বিহার আমার ভাগে আছে। নীতীশ কুমার শান্তি আনতে পারবেন না। অমিত শাহের সঙ্গে বিজেপির আরও অনেক প্রবীণ নেতাও পৌঁছেছেন। গ্রামোন্নয়ন ও পঞ্চায়েতি রাজ মন্ত্রী গিরিরাজ সিং, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই, বিহারের বিরোধীদলীয় নেতা বিজয় কুমার সিনহা এবং বিজেপি রাজ্য সভাপতি সম্রাট চৌধুরীও তাঁর সঙ্গে মঞ্চে উপস্থিত রয়েছেন।

অমিত শাহের ভাষণ শোনার জন্য হাজার হাজার মানুষ পৌঁছেছেন হিসুয়ার ইন্টার স্কুল মাঠে। জেলার প্রতিটি কোণ থেকে বিজেপি নেতা-কর্মীরা এসেছেন। নওয়াদা সহ গয়া, নালন্দা, শেখপুরা জেলা থেকেও বিপুল সংখ্যক বিজেপি কর্মী এসেছেন।

## বিষাক্ত মাশরুম খেয়ে অসুস্থ শিশু সহ একই পরিবারের ৩

গোলাঘাট (অসম), ২ এপ্রিল (হি.স.) : গোলাঘাটের মেরাপানিতে বিষাক্ত মাশরুম খেয়ে অসুস্থ হয়ে পড়েছেন দু বছরের শিশু সন্তান সহ একই পরিবারের তিন সদস্য। বিষাক্ত মাশরুম খেয়ে যাঁরা অসুস্থ হয়েছে তাঁরা মেরাপানি বালিগুড়ি গ্রামের ফুপুলু বর্মণ, তাঁর পত্নী তরালি বর্মণ এবং দু-বছরের শিশু হেমন্ত বর্মণ।

জানা গেছে, গতকাল পার্শবর্তী নাগাপাহাড় থেকে বুনো মাশরুম তুলে এনেছিলেন গৃহকর্তা ফুপুলু বর্মণ। রাতে ওই মাশরুম রান্না করে তাঁরা খেয়েছিলেন। রাতের খাবার খাওয়ার কিছুক্ষণ পর থেকে শৌচ, বমি, সঙ্গে মাথা ঘোরার উপসর্গে আক্রান্ত হন পরিবারের তিন সদস্য। রাতেই তাঁদের মেরাপানি প্রাইমারি হাসপাতালে নিয়ে ভরতি করা হয়।

হাসপাতালে নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে তাঁদের প্রাথমিক চিকিৎসার পর উন্নত চিকিৎসার জন্য সবাইকে গোলাঘাট সিভিল হাসপাতালে স্থানান্তর করতে পরামর্শ দেন ডাক্তার। কিন্তু অর্থের অভাবে দরিদ্র পরিবারের সদস্যরা উন্নত চিকিৎসার জন্য গোলাঘাটে যেতে পারেননি। ফলে এখনও তাঁরা মেরাপানি প্রাইমারি হাসপাতালে চিকিৎসাধীন বলে জানা গেছে।

## কৃষকদের আয় দ্বিগুণ করতে প্রধানমন্ত্রী মোদী ব্যাপক উদ্যোগে ঃ ফাগুন সিং

হাফলং (অসম), ২ এপ্রিল (হি.স.) : দেশের কৃষকদের আয় দ্বিগুণ করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। বলেছেন কেন্দ্রীয় মন্ত্রী ফাগুন সিং কোলাস্তে। আজ রবিবার ডিমা হাসাও জেলার মিয়াংক্রোতে কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রশাসনিক ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করে কেন্দ্রীয় স্টিল ও গ্রমোন্নয়ন দফতরের প্রতিমন্ত্রী ফাগুন সিং কোলাস্তে বলেন, অসমের দুর্গম এই পাহাড়ি এলাকায় কৃষি বিজ্ঞান কেন্দ্র স্থাপন হওয়ায় জেলার কৃষকরা অনেক উপকৃত হবেন।

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের রাষ্ট্রীয় কার্যনির্বাহী সদস্য বি ভাগাইয়া, সংঘের অসম ক্ষেত্র প্রচারক উলহাস কুলকর্নি, উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য দেবোলাল গার্লোসা, পার্বত্য পরিষদের অধ্যক্ষ রাণু লাংথাসা, যোরহাট কৃষি বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য বিদ্যুৎ চন্দন ডেকা, মণিপুর কৃষি বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য অনুপম মিশ্র, গুয়াহাটি আইসিআর ও এটিএআরআই-এর অধিকর্তা কাদিরভাল গোবিন্দ স্বামী প্রমুখকে সঙ্গে নিয়ে আজ রবিবার ফিতা কেটে কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রশাসনিক ভবনের উদ্বোধন করেছেন কেন্দ্রীয় স্টিল ও গ্রমোন্নয়ন দফতরের প্রতিমন্ত্রী ফাগুন সিং কোলাস্তে।

কোলাস্তে বলেন, অসমের এই পাহাড়ি জেলায় বহু কৃষিভূমি রয়েছে। এখানে ৯০ শতাংশ মানুষ ক্ষেতকৃষির উপর নির্ভরশীল। তাই এই প্রতিষ্ঠানে কৃষকদের জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। আর প্রতিষ্ঠানে কৃষি ক্ষেত্রে প্রশিক্ষণ নিয়ে কৃষকরা নিজেদের আয় দ্বিগুণ করতে সক্ষম হবেন, বলেন কেন্দ্রীয় মন্ত্রী।

তিনি বলেন, ভারতে কৃষকদের জন্য বহু কৃষি বিজ্ঞান কেন্দ্র ও কৃষি অনুসন্ধান কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই প্রতিষ্ঠানের সাথে কৃষকরা সরাসরি যুক্ত হতে সক্ষম হবে বলে মন্তব্য করে কেন্দ্রীয় মন্ত্রী ফাগুন সিং কোলাস্তে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃষকদের জন্য কিষাণ সম্মাননিধি প্রকল্প চালু করার পাশাপাশি বিভিন্ন প্রকল্প হাতে



নিয়েছেন। যাতে কৃষকদের আয় দ্বিগুণ হয়। তিনি বলেন, কৃষি বিজ্ঞান কেন্দ্রের সঙ্গে কৃষকদের যত সম্পর্ক স্থাপন হবে ততই কৃষকরা কেন্দ্রের সঙ্গে জুড়তে সক্ষম হবেন।

তাছাড়া কৃষকদের আর্থিক দিক দিয়ে কীভাবে মজবুত করা যায় এ লক্ষ্যে সরকার কাজ করে চলছে বলে মন্তব্য করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, এই প্রতিষ্ঠানের সঙ্গে প্রায় ২ কোটি ৩৪ লক্ষ স্বেচ্ছাসেবী সংস্থা যুক্ত হয়েছিল। বর্তমানে প্রায় ৯ কোটি স্বেচ্ছাসেবী সংগঠন এই সংস্থার সঙ্গে যুক্ত। তিনি প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রালয় (ডোনার) খুলেছিলেন। কেন্দ্রীয় স্টিল ও গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী ফাগুন সিং কোলাস্তে বলেন, হস্তশিল্প থেকে স্থানীয়ভাবে উৎপাদিত সামগ্রী ও হাতে তৈরি সামগ্রীর ক্ষেত্রে অধিক গুরুত্ব দেওয়ার ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী।

আজ রবিবার বেলা ১১টা নাগাদ গুয়াহাটি থেকে হেলিকাপ্টার যোগে হাফলং এসে মন্ত্রী ফাগুন সিং কোলাস্তে সড়কপথে মিয়াংক্রো আসেন। সেখানে কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রশাসনিক ভবনের উদ্বোধন করে এক সভায় অংশ নেন। তার পর সেখান থেকে হাফলং ফিরে কেন্দ্রীয় মন্ত্রী পুনরায় গুয়াহাটির উদ্দেশ্যে ফিরে যান।

## হুগলিতে রাম নবমী শোভাযাত্রা ঘিরে উত্তেজনা

হুগলি, ২ এপ্রিল(হি.স.) : পশ্চিমবঙ্গে ফের অগ্নিসংযোগ ও হিংসার ঘটনা শুরু হয়েছে। হাওড়ার পর এবার হুগলি। রবিবার রামনবমীর শোভাযাত্রাকে কেন্দ্র করে হিংসা ছড়াল হুগলির রিষড়ায়। রাম নবমীর মিছিলে পাথর ছোড়া ও অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন রয়েছে।

রবিবার হুগলির রিষড়ায় রাম নবমী শোভাযাত্রা ছিল বিজেপিরর। শোভাযাত্রায় বেরিয়েছিল একাধিক হিন্দু সংগঠনগুলি। এই শোভাযাত্রায় অংশ নেন বিজেপির সর্বভারতীয় সভাপতি দিলীপ ঘোষ। জানা গেছে, তিন চলে যাওয়ার পর হঠাত করেই সংঘর্ষ শুরু হয়। মিছিলে পাথর ছোড়া ও অগ্নি সংযোগের ঘটনাও ঘটে।

বিজেপির জাতীয় সহ-সভাপতি দিলীপ ঘোষের অভিযোগ, শোভা যাত্রার সময় মহিলা ও শিশুদের লক্ষ্য করে পাথর ছোড়া হয়। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে রাজ্যের টিএমসি সরকারকে আক্রমণ করে ঘোষ আরও বলেন, 'হাওড়ার সহিংসতার পরেও রাজ্য সরকার কোনও পদক্ষেপ নিচ্ছে না। পাথর ছোড়া হচ্ছে এবং যানবাহন ভাঙচুর করা হচ্ছে।

## দার্জিলিং সফরে সস্ত্রীক রাজ্যপাল

দার্জিলিং, ২ এপ্রিল(হি.স.) : রাজ্যপাল হিসেবে নিযুক্ত হওয়ার পর প্রথম দার্জিলিং সফর সস্ত্রীক রাজ্যপাল সিভি আনন্দ বোস। রবিবার পড়ুয়াদের নিয়ে টয়ট্রেনে চেপে দার্জিলিং থেকে ঘুম পর্যন্ত যান সস্ত্রীক আনন্দ বোস।

সস্ত্রীক পাহাড় সফরে এলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। রবিবার তিনি বাগডোগরা বিমানবন্দর থেকে সোজা পৌঁছোন দার্জিলিংয়ের রাজভবনে। এরপর স্থানীয় একটি স্কুলের পড়ুয়াদের সঙ্গে দেখা করেন রাজ্যপাল। পড়ুয়াদের নিয়ে টয়ট্রেনে চেপে দার্জিলিং থেকে ঘুম পর্যন্ত যান সস্ত্রীক আনন্দ বোস। প্রসঙ্গত, রাজ্যপাল হিসেবে নিযুক্ত হওয়ার পর এটাই তাঁর প্রথম দার্জিলিং সফর।

## গঙ্গায় ঝাঁপ যুগলের

হুগলি, ২ এপ্রিল(হি.স.) : ভালবাসার সম্পর্ক ছিল দু'জনের। তবে দুই পরিবারের মধ্যে জানাজানি হতেই সমস্যার সূচনা। না ছেলেটির বাড়ি থেকে, না মেয়েটির বাড়ি থেকে কেউ-কাউকে মেনে নিতে পারছিলেন না। সেই অশান্তি থেকে মুক্তি পেতে শেষমেশ চরম পথ বেছে নিলেন যুগল। ব্রিজ থেকে নদীতে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা। তবে প্রেমিকা বেঁচে গেলেও এখনও নিখোঁজ প্রেমিক। গঙ্গায় স্পিড বোট নিয়ে প্রেমিকের খোঁজে তল্লাশি চালাচ্ছে বিপর্যয় মোকাবিলা দফতর।

উত্তর ২৪ পরগনার জগদ্দল এলাকার বছর উনিশের স্নেহা খাতুনের সঙ্গে ওই এলাকারই বাসিন্দা বছর সাতাশের যুবক মহম্মদ মুক্তারের প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। তবে তা মেনে নেয়নি উভয় পরিবার। সূত্রের খবর, এর জেরে নিত্যদিনই অশান্তি লেগে থাকত। এরপরই হুগলি নদীর জুবিলী ব্রিজ থেকে গঙ্গায় ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করেন ওই যুগল।

মেয়েটিকে চুঁচুড়া তামলিপাড়া ঘাটে গঙ্গায় কঁচুরিপানার ধরে ভাসতে দেখে স্থানীয় বাসিন্দারা। এরপরই তাঁকে উদ্ধার করে চুঁচুড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসাধীন মেয়েটি। যদিও এখনও পর্যন্ত প্রেমিকের কোনও খোঁজ পাওয়া যায়নি। গঙ্গায় স্পিড বোট নিয়ে প্রেমিকের খোঁজে তল্লাশি চালাচ্ছে বিপর্যয় মোকাবিলা দফতর।ছেলেটির দাদা বলেন, "ওদের দুজনের মধ্যে ভালবাসার সম্পর্ক ছিল। তবে বাড়ি থেকে মেনে নেয়নি। সেই কারণে গঙ্গা থেকে ঝাঁপ মারে দু'জন। মেয়েটিকে পাওয়া গেলেও আমার ভাইয়ের খোঁজ পাওয়া যায়নি।

## ভারত পর্যটন ক্ষেত্রের সম্ভাবনাকে সর্বাধিক করার লক্ষ্যে কাজ করছে ঃ জি কিষাণ রেড্ডি

শিলিগুড়ি, ২ এপ্রিল(হি.স.) : জি-২০ দ্বিতীয় পর্যটন কর্মী গোষ্ঠীর বৈঠকে ভারতে অ্যাডভেঞ্চার টুরিজমকে উৎসাহিত করার উপর গুরুত্ব দিলেন কেন্দ্রীয় পর্যটন, সংস্কৃতি ও উন্নয়ন মন্ত্রী (উত্তর-পূর্বাঞ্চল) জি কিষাণ রেড্ডি। পর্যটন, সংস্কৃতি মন্ত্রী শ্রী জি কিষাণ রেড্ডি তাঁর স্বাগত বক্তব্যে বলেন ভারত পর্যটন ক্ষেত্রের সম্ভাবনাকে সর্বাধিক করার লক্ষ্যে কাজ করছে এবং ভারতের লক্ষ্য হল মিশন মোডে পর্যটনের বিকাশ ঘটানো।

শিলিগুড়ি ও দার্জিলিংয়ে বৈঠকে পর্যটন এবং অ্যাডভেঞ্চার টুরিজমের রূপরেখা নিয়ে আলোচনা চলছে। উপস্থিত আছেন জি২০-ভুক্ত দেশগুলির শতাধিক প্রতিনিধি, অতিথি ও আট দেশের রাষ্ট্রদূতেরা। সম্মেলের দ্বিতীয় দিনে রবিবার কেন্দ্রীয় পর্যটন, সংস্কৃতি ও উন্নয়ন মন্ত্রী দেশের ভৌগোলিক অবস্থার সুবিধা নিয়ে ভারতে অ্যাডভেঞ্চার টুরিজমকে উৎসাহিত করার উপর গুরুত্ব দেন। তিনি বলেন, "ভারতের সমৃদ্ধ ভৌগোলিক পরিস্থিতিতে অ্যাডভেঞ্চার টুরিজম

**জি-২০**

বিকাশের যথেষ্ট সুযোগ রয়েছে। এখানে ৭ হাজার কিলোমিটারেরও বেশি উপকূলরেখা, ৭টি বড় নদী, ৭০ হাজার কিলোমিটার মরুভূমি, ৭০০টি অভয়ারণ্য, ১৬টি বাঘ সংরক্ষণ কেন্দ্র রয়েছে।"

প্রসঙ্গত, জি-২০ দ্বিতীয় পর্যটন কর্মী গোষ্ঠীর বৈঠকে যোগ দিতে শনিবার সকালে বাগডোগরা বিমানবন্দরে পৌঁছে যান জি-২০ সদস্য সিঙ্গাপুর, মেক্সিকো, অস্ট্রেলিয়া, ওমান, কোরিয়ার মতো আটটি দেশের রাষ্ট্রদূত এবং অন্য প্রতিনিধিরা। বিদেশী অতিথিদের স্বাগত জানাতে বিমানবন্দরে ছিলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব অপূর্ব চন্দ্র।

সেখান থেকে কড়া নিরাপত্তার মধ্যে অতিথিদের নিয়ে যাওয়া হয় শিলিগুড়ির নিউ চামটা চা বাগানের রিসর্টে। সেখানে উত্তরের বর্ণময় লোকনৃত্যের ছন্দে বিদেশী অতিথি বরণ করেন শিল্পীরা।

এরপর পাঙখাবাড়ি সড়কপথে কার্শিয়াংয়ের উদ্দেশ্যে রওনা হন। বিদেশি প্রতিনিধিদের হাতে উপহার হিসেবে তুলে দেওয়া হবে বাংলার হস্তশিল্পের নমুনা। কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক সূত্রে জানা গিয়েছে, এজন্য বিভিন্ন জেলা থেকে স্মারক সামগ্রী সংগ্রহ করা হয়েছে।

## বিধ্বংসী টর্নেডোয় লন্ডভন্ড আমেরিকার একাধিক শহর, মৃতের সংখ্যা পৌঁছেছে ২২



আরকানসাস, ২ এপ্রিল(হি.স.) : বিধ্বংসী টর্নেডোয় লন্ডভন্ড আমেরিকার একাধিক শহর। দু'দিনেই মৃতের সংখ্যা পৌঁছেছে ২২-এ। আরও মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। আরকানসাস, আলবামা, মিসিসিপি প্রভৃতি শহরগুলি ঝড়ের তাণ্ডবে তছনছ হয়ে গিয়েছে। একাধিক বাড়ি ভেঙে পড়েছে। বহু মানুষ এখনও নিখোঁজ। সূত্রে খবর, এখনও পর্যন্ত টেনেসিতে টর্নেডোর জেরে প্রাণ হারিয়েছেন ৮ জন। আরকানসাস, মিসিসিপি, অ্যালাবামা, ইন্ডিয়ানা, ইলিনয়তে ১৪ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন বহু স্থানীয় বাসিন্দা। গৃহহীন বিস্তীর্ণ এলাকার মানুষ। টর্নেডোর জেরে প্রবল ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছেন বাসিন্দারা। একাধিক শহর লন্ডভন্ড হয়ে গিয়েছে ঝড়ের কারণে। উপড়ে পড়েছে গাছ। ভেঙে পড়েছে বহু বাড়ি। শুক্রবার বিধ্বংসী ঝড়ের পর উদ্ধারকাজ শুরু করা হয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলেই আশঙ্কা করা হচ্ছে। আমেরিকার আবহাওয়া দফতর জানিয়েছে, শুক্রবার থেকে নতুন করে অন্তত ৫০টি টর্নেডো সর্বশক্তি নিয়ে ধেয়ে এসেছে শহরের দিকে। আরকানসাস, আলবামা, ইন্ডিয়ানার মতো অন্তত সাতটি প্রদেশ টর্নেডোতে ক্ষতিগ্রস্ত।

## ওদালগুড়িতে বহু কোটি টাকার প্রকল্পের শিলান্যাস করলেন হিমন্ত

ওদালগুড়ি (অসম), ২ এপ্রিল (হি.স.) : ওদালগুড়ি জেলায় আজ রবিবার বহু কোটি টাকার বেশ কয়েকটি প্রকল্পের শিলান্যাস করেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। এছাড়া টংলায় আবরণ উন্মোচন করেছেন বিশিষ্ট সমাজকর্মী তথা অঙ্গনওয়াড়ি কর্মী প্রয়াত কল্পনা বড়োর একটি মূর্তি।

বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করে মুখ্যমন্ত্রী বলেন, 'আমাদের সরকার রাজ্যের প্রতি প্রান্তের উন্নয়ন করতে বিশেষ গুরুত্ব প্রদান করে আসছে। আজ ওদালগুড়ি জেলা এবং সংলগ্ন অঞ্চলের সামগ্রিক উন্নয়নকে গুরুত্ব প্রদান করে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের শিলান্যাস করে আনন্দিত আমি।'




মুখ্যমন্ত্রী আজ যে সকল প্রকল্পের শিলান্যাস করেছেন সেগুলি যথাক্রমে আমরুত ২.০-এর অধীনে টংলা নগর পানীয় জল সরবরাহ প্রকল্প, টংলায় পরিদর্শন বাংলো নির্মাণ, টংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ভবন, গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলে ব্রিচ ক্লোজিং, নণৈ নদীর জালিমুখ বাঁধ পুনর্নির্মাণ, টংলা সামূহিক স্বাস্থ্যকেন্দ্রকে উপ-সংমণ্ডল স্বাস্থ্য কেন্দ্রে উন্নীতকরণ এবং ভেরগাঁওয়ে চিলারায় ভবন। এছাড়া টংলা শহরের নালা-নর্দমার উন্নতি সহ সৌন্দর্যায়নের জন্য ২৫ কোটি টাকা এবং টংলা মহাবিদ্যালয়ে প্রেক্ষাগৃহ নির্মাণের জন্য ১০ কোটি টাকা অনুদানের কথাও আজ ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। আজ মুখ্যমন্ত্রী অনুষ্ঠানে বহু সাধারণ ও গণ্যমান্য ব্যক্তিদেরর সঙ্গে ছিলেন অসম বিধানসভার অধ্যক্ষ শ্রীবিশ্বজিৎ দৈমারি, পরিষদীয় মন্ত্রীবর্গ যথাক্রমে জয়ন্তমল্ল বরুয়া, ডা. রণোজ পেগু, অশোক সিংঘল, কেশব মহন্ত, সঞ্জয় কিষাণ, সাংসদ দিলীপ শইকিয়া, বিটিসি-র মুখ্য কার্যনির্বাহী সদস্য প্রমোদ বড়ো, উপ-মুখ্য কার্যনির্বাহী সদস্য গোবিন্দ বসুমতারি প্রমুখ। অনুষ্ঠানস্থলে পৌঁছার সঙ্গে সঙ্গে উপস্থিত আবালবৃদ্ধমহিলা মুখ্যমন্ত্রীকে স্পর্শ করতে প্রতিযোগিতা শুরু কর দেন। মুখ্যমন্ত্রীও তাঁর সামর্থ অনুযায়ী তাঁদের বিমুখ করেননি।

## মুখ বন্ধ করতেই কয়লা ব্যবসায়ীকে খুন করা হয়েছে : দিলীপ ঘোষ

রিষড়া, ২ এপ্রিল(হি.স.) : শনিবার ভর সন্ধ্যায় পূর্ব বর্ধমানের শক্তিগড়ে দুষ্কৃতীদের গুলিতে মৃত্যু হয়েছে কয়লা মাফিয়া রাজু ঝার। এই ঘটনায় মুখ খুলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ। তিনি বলেন, 'মুখ বন্ধ করতেই কয়লা ব্যবসায়ীকে খুন করা হয়েছে।'

রবিবার হুগলির রিষড়ায় রামনবমীর মিছিলে যোগ দিয়েছিলেন দিলীপ। সেখানে তিনি দাবি করেন, "রাজু ঝা গতকাল খুন হয়েছেন। তাঁকে সিবিআই ডেকেছিল। নিশ্চয়ই বড় বড় লোকেদের নাম বলে এসেছিলেন। ফের হয়তো ডেকেছিল। তিনি ফের বড়



মাথাদের নাম বলে দিতে পারেন, তাই মুখ বন্ধ করা হয়েছে।"

এদিন তিনি এও বলেন, "রাজু ঝা নির্বাচনের আগে আমাদের পার্টিতে যোগদান করেছিল। এখন তো গোটা পশ্চিমবঙ্গজুড়ে বোমা-বন্দুকের আওয়াজ শোনা যাচ্ছে। কারও জীবনে কোনও সুরক্ষা নেই। একজন বড় ব্যবসায়ীকে যেভাবে হাইওয়ের উপরে খুন করা হয়েছে তাতে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা নিয়ে চিন্তা বাড়ছে। আশা করছি ঘটনার তদন্ত ঠিকঠাক হবে।"

এদিকে, রাজুর মৃত্যুতে কড়া প্রতিক্রিয়া দিতে দেখা গিয়েছে বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষকে। তবে, সুকান্ত মজুমদার রাজুর রাজনৈতিক পরিচয় নিয়ে গুরুত্ব দিতে নারাজ। তিনি বলেন, ভোটের সময় এমন অনেকেই জয়েন করেছে দলে। লোকটি আগে তৃণমূল করত। তার আগে বাম করত।-



বনমালীপুর মন্ডলের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবির পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী প্রফেসার (ডাঃ) মানিক সাহা। ছবি-নিজস্ব।

# ইকো ও বাইকের সংঘর্ষে আহত চালক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** বিশালগড়ের নারাউড়া বাইপাস সড়কে ইকো গাড়ি ও বাইকের মধ্যে মুখোমুখি সংঘর্ষের ফলে গুরতর ভাবে আহত হল বাইক চালক। বিশালগড় দমকল বাহিনীর কর্মীরা আহত বাইক চালককে উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে যায়।বিশালগড় মহকুমা হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক আহত বাইক চালককে আশঙ্কা জনক অবস্থায় হাঁপানিয়া হাসপাতালে রেফার করে দেন। জানাযায় বাইক নিয়ে উত্তম কুমার কর আগরতলা যাওয়ার পথে বাইপাস সড়কে দুর্ঘটনার কবলে পরেন। ইকো গাড়ির ধাক্কায় বাইক থেকে ছিটকে পরে আহত হন উত্তম কুমার কর। বর্তমানে হাপানিয়া হাসপাতালে চিকিৎসা চলছে আহত বাইক চালকের।

# আজ মহাবীর জয়ন্তী

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২ এপ্রিল।।** আদ মহাবীর জয়ন্তী। জৈন ধর্মাবলম্বিদের উৎসব। এই উপলক্ষে জৈন ধর্মের বিভিন্ন ট্রাস্টগুলি আলোকমালায় সাজিয়ে উঠেছে। আগরতলা পুর নিগম এক বিবৃতিতে জানিয়েছে আগরতলা পুর নিগম এলাকায় কোন প্রকার পশুপাখি নিধন বা পশুপাখির মাংস বিক্রি না করার জন্য।এদিকে, মহাবীর জয়ন্তি উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী প্রফেসার (ডাঃ) মানিক সাহা।

## মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

এবং রাজ্যকে উন্নয়নের শিখরে পৌঁছে দিতে চাইছেন। অন্তত দেশের প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গি বিবেচনা করে বনমালীপুর এলাকার জনগণকে বিজেপির পাশে দাঁড়ানোর জন্য আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী।। প্রসঙ্গক্রমে তিনি আরো বলেন কেন বনমালী পুর বিধানসভা কেন্দ্রে বিজেপি জয়ী হলো না তা বিচার-বিশ্লেষণ করে দেখা হচ্ছে।। আগামী দিনে বনমালীপুর বিধানসভা এলাকার গণদেবতারাও বিজেপিকে সমর্থন জানাবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

# জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## কংগ্রেস

● প্রথম পাতার পর

নতুন সরকার গঠন হবে। দলীয় নেতা কর্মীদের হতাশাগ্রস্ত না হয়ে ২০২৪ সালের লোকসভা নির্বাচনের জন্য প্রস্তুত হতে আহ্বান জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি। তিনি দৃঢ়তার সঙ্গে বলেন কেন্দ্রে সরকারের পরিবর্তন ঘটলে প্রথমেই ধস নামবে উত্তর পূর্বাঞ্চলে।

এদিকে, পবিত্র বিধানসভায় পর্ন ছবি দেখার ঘটনাকে কেন্দ্র করে গোটা রাজ্যে জনমানের তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।। রাজ্যের গণ্ডি পার হয়ে গোটা দেশেই বিষয়টিকে কেন্দ্র করে রীতিমতো বিতর্কের ঝড় উঠেছে। শাসক দলের বিধায়ক যাদব লাল নাথ এ ধরনের ঘটনায় জড়িয়ে পড়ার ঘটনা খুবই উদ্বেগ জনক। বিভিন্ন রাজনৈতিক দলের তরফ থেকে এ ঘটনার তীব্র নিন্দা ধিক্কার জানিয়ে অভিযুক্ত বিধায়কের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। কংগ্রেসের প্রবীণ বিধায়ক গোপাল রায় রবিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে শাসকদল বিজেপির বিধায়ক দেবনাথের পর্নো ছবি পবিত্র বিধানসভায় বসে দেখার ঘটনাকে কুরুচিপূর্ণ বলে আখ্যায়িত করেছেন। এই ঘটনার সুষ্ঠু তদন্তের জন্য হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে দিয়ে তদন্ত করানোর জন্য কংগ্রেস বিধায়ক গোপাল রায় দাবী জানিয়েছেন। তদন্তক্রমে শাসকদলের বিধায়কের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য তিনি দাবি জানিয়েছেন। এদিকে প্রদেশ কংগ্রেস সভাপতি বিরোধী সিনেমা ও পবিত্র বিধানসভায় শাসক দলের বিধায়কের পূর্ণ ছবি দেখার ঘটনাকে নিন্দা জানিয়ে তার বিরুদ্ধে আইন অনুযায়ী দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। এ ধরনের ঘটনা পবিত্র বিধানসভার মর্যাদা হানি করেছে বলেও তিনি অভিমত ব্যক্ত করেছেন।

## প্রতিনিধিরা

● প্রথম পাতার পর

সমাধান করা যায়।

এই দ্বিতীয় বিজ্ঞান-২০ সভার মাধ্যমে পরিবেশগতভাবে দায়িত্বশীল প্রযুক্তিতে উদ্ভাবনী গবেষণার সুবিধার্থে একটি কাঠামো প্রণয়ন করা হবে। এই প্রযুক্তিগুলির জন্য একটি যৌথ প্ল্যাটফর্ম তৈরি করা যেতে পারে এবং অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলি বৈশ্বিক অর্থনীতি এবং প্রযুক্তির অভিযোজনযোগ্যতা উভয়ই আরও ভালভাবে বোঝার জন্য বিশ্বজুড়ে পরীক্ষা চালানো যেতে পারে সে সম্পর্কেও বৈঠকে আলোচনা করা হবে।

২০১৭ সালে জার্মানির প্রেসিডেন্সির সময় জি-২০ ভুক্ত দেশগুলোর জাতীয় বিজ্ঞান একাডেমির সমন্বয়ে এস-২০ এনগেজমেন্ট গ্রুপ চালু করা হয়। এটি নীতিনির্ধারকদের আন্তর্জাতিক বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত টাস্ক ফোর্সের মাধ্যমে প্রণীত ঐকমত্য-ভিত্তিক বিজ্ঞান-চালিত সুপারিশগুলি তুলে ধরে।

জি-২০-এর সভাপতি হিসেবে ভারত জি-২০-কে সত্যিকার অর্থেই "অন্তর্ভুক্তিমূলক, উচ্চাভিলাষী, নির্ণায়ক ও কর্মমুখী" করে তুলতে আগ্রহী। এস ২০ এর এজেন্ডা অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই উন্নয়নের জন্য বিজ্ঞানের পরিকল্পনা এবং ব্যবহারের ক্ষেত্রে এই নীতিকে প্রতিফলিত করে।

এ বছর বিজ্ঞান-২০ এর প্রতিপাদ্য হচ্ছে উদ্ভাবনী ও টেকসই উন্নয়নের জন্য বিঘ্নকারী বিজ্ঞান। এই বিস্তৃত থিমের অধীনে, এস ২০ এর পরবর্তী সভাগুলি তিনটি ক্ষেত্রের উপর দৃষ্টি নিবদ্ধ করবে: একটি সবুজ ভবিষ্যতের জন্য পরিচ্ছন্ন শক্তি, সার্বজনীন সামগ্রিক স্বাস্থ্য, এবং বিজ্ঞানকে সমাজ ও সংস্কৃতির সাথে সংযুক্ত করা। পরবর্তী সভাগুলির স্থান হল, বাঙ্গারাম দ্বীপ (লাক্ষাদ্বীপ) এবং ভোপাল (মধ্যপ্রদেশ)। চূড়ান্ত শীর্ষ বৈঠকটি কোয়েম্বাটুরে (তামিলনাড়ু) অনুষ্ঠিত হবে।

## রাহুল গান্ধী

● প্রথম পাতার পর

জন্য আসবে।

উল্লেখ্য ২০১৯ সালে 'মোদী' পদবি নিয়ে আপত্তিকর মন্তব্যের জেরে ওই বছর দায়ের হওয়া মানহানি মামলায় গুজরাটের সুরাটের এক আদালত রাহুলকে দোষী সাব্যস্ত করেছে। সেই মামলায় রাহুলকে দু বছরের সাজা শোনান বিচারক। যদিও ওই দিন জামিনও পেয়ে যান কংগ্রেস সাংসদ। আদালতের সেই সাজা ঘোষণার পর লোকসভার স্পিকার কংগ্রেস নেতার সাংসদ পদ খারিজ করেন। কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ করা হয়, বিজেপির চাপের কাছে নতি স্বীকার করেই লোকসভার অধ্যক্ষ রাহুলের সাংসদপদ খারিজ করে দিয়েছেন।

প্রসঙ্গত, লোকসভা নির্বাচনের আগে কর্ণাটকের কোলারে এক র‍্যালিতে অংশ নিয়ে রাহুল গান্ধী কুরুচিকর মন্তব্যের অভিযোগে ২০১৯ সালে গুজরাটের প্রাক্তন মন্ত্রী তথা বিজেপি বিধায়ক পূর্ণেশ মোদী কংগ্রেস সাংসদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছিলেন। সেই মামলায় আদালত রাহুলের সাজা ঘোষণা করে।

## আহত

● আটের পাতার পর

যুবক জড়িত রয়েছে এবং মঈন উদ্দিন সে নিজে একজন পুলিশ কনস্টেবল। ঘটনার পর ঊনত্রিশ মার্চ সন্ধ্যায় কৈলাসহর থানায় পুলিশ কনস্টেবল মঈন উদ্দিন সহ ঘটনায় জড়িত সবার নামে লিখিত মামলা করা হলেও ঘটনার প্রায় ৫দিন অতিক্রান্ত হয়ে গেলেও কৈলাসহর থানার পুলিশ মামলাটি আজ অব্দি রেজিস্ট্রিও করেনি। অথচ অভিযুক্ত পুলিশ কনস্টেবল মঈন উদ্দিন প্রকাশ্যেই ঘুরাফেরা করলেও কৈলাসহর থানার পুলিশ বাবুরা মঈন উদ্দিনকে গ্রেফতারও করছে না। জামিল আরও জানায় যে, অভিযুক্ত পুলিশ কনস্টেবল মঈন উদ্দিন ঊনকোটি জেলার পুলিশ সুপারের অফিসে বর্তমানে কর্মরত রয়েছে। খোদ আইনের লোক হয়ে বেআইনী কাজ করায় গোটা কৈলাসহরে তীব্র উত্তেজনা বিরাজ করছে। এই ঘটনায় কৈলাসহরের লক্ষীপুর, নুরপুর, রাজদরপুর ইত্যাদি এলাকায় যেকোনো সময় অপ্রীতিকর ঘটনা ঘটে যেতে পারে বলে অনেকেরই অভিমত। এবং এরজন্য দায়ী থাকবে কৈলাসহর থানার পুলিশ। এই ঘটনায় পুলিশের অভিমত জানার চেস্টা করলে কৈলাসহর থানার পুলিশ অফিসাররা জানায় যে, থানার ওসি ছুটিতে আছেন। ওসি ছাড়া কেউ এব্যাপারে কিছুই বলবে না।

# বটতলায় আয়ুর্বেদিক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** রবিবার বটতলায় সংগঠনের কার্যালয়ে মজদুর মনিটরিং সেল ও গভমেন্ট আয়ুর্বেদিক ডক্টর এসোসিয়েশনের উদ্যোগে আয়ুর্বেদিক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। মজদুর মনিটরিং সেল ও গভমেন্ট আয়ুর্বেদিক ডক্টর এসোসিয়েশনের উদ্যোগে রবিবার বটতলায় সংগঠনের কার্যালয়ে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধপত্র প্রদান করা হয়। এদিন সংগঠনের পক্ষ থেকে জানানো হয় আগামী দিনেও এ ধরনের স্বাস্থ্য শিবির করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। আগরতলায় আয়ুর্বেদিক হাসপাতালে আগামীকাল থেকে রক্ত পরীক্ষা সহ অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার সুযোগ পাওয়া যাবে বলে এদিন স্বাস্থ্য শিবির থেকে জানানো হয়। এছাড়া এখনো যেসব এলাকায় আয়ুর্বেদিক স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া যায়নি সেসব এলাকাতেও দ্রুত আয়ুর্বেদিক চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়ার চেষ্টা চালানো হচ্ছে বলে জানানো হয়।

# খোয়াই হাসপাতালে রোগীদের মধ্যে ফল মিষ্টি বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** রবিবার ভারতীয় জনতা পার্টি খোয়াই মণ্ডল আই টি এস এম-র উদ্যোগে খোয়াই জেলা হাসপাতালে চিকিৎসারত রোগীদের মধ্যে ফল , মিষ্টি বিতরণ করা হয়। বিজেপি- আই পি এফ টি সরকার প্রতিষ্ঠার একমাস পূর্তি উপলক্ষে এই উদ্যোগ নেয় কার্যকর্তারা। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সদস্য সুব্রত মজুমদার, পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন তাপস কান্তি দাস সহ অন্যান্য নেতৃত্বে। খোয়াই জিলা পরিষদের সদস্য সুব্রত মজুমদার জানান নির্বাচনে বিজেপি-র আই টি সেল এবং এস এম টিম অক্লান্ত পরিশ্রম করেছে। কেবল নির্বাচন এবং সংগঠনের প্রচার প্রসারের মধ্যে তারাসীমাবদ্ধ থাকেন না। সামাজিক কাজকর্মের সঙ্গেও যুক্ত রয়েছে তারা। তারই অঙ্গ হিসাবে এই উদ্যোগ বলে জানান তিনি।

# উদ্ধার ৫৬ কেজি গাঁজা

ফাটাপুকুর, ২ এপ্রিল (হি.স.): শিলিগুড়ি জলপাইগুড়ি জাতীয় সড়কে নাকা তল্লাশিতে উদ্ধার হল প্রচুর পরিমানে গাঁজা। রবিবার সন্ধ্যায় নাকা চলাকালীন একটি ছোট চার চাকা গাড়ি আটকে তল্লাশি চালায় রাজগঞ্জ থানার পুলিশ। সেই গাড়ি থেকে উদ্ধার হয় ১৮টি গাঁজার প্যাকেট। গাঁজা পাচারকারী সন্দেহে পুলিশ কোচবিহারের এক যুবককে গ্রেফতার করেছে।রাজগঞ্জ থানার আইসি পঙ্কজ সরকার জানিয়েছেন, গোপন সূত্রে খবর ছিল। সেই মতো ফাটাপুকুর সারদামণি হাই স্কুলের সামনে শিলিগুড়ি জলপাইগুড়ি জাতীয় সড়কে নাকা তল্লাশি করা হচ্ছিল। সন্ধ্যায় একটি ছোট চারচাকা গাড়ি থেকে মোট ৫৬ কেজি গাঁজা মিলেছে। গাড়ির চালককে আটক করা হয়েছে।

# চৈত্র মেলার প্রস্তুতি পূর্ব খতিয়ে দেখতে শকুন্তলা রোড ও জ্যাকসন গেট পরিদর্শন করলেন মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** চৈত্র মেলার প্রস্তুতিপর্ব খতিয়ে দেখতে আগরতলা পুরো নিগমের মেয়র দীপক মজুমদার রবিবার শকুন্তলা রোড ও জ্যাকসন গেট এলাকা পরিদর্শন করেছেন। চৌঠা এপ্রিল থেকে আগরতলা শহরের শকুন্তলা রোড ও জ্যাকসন গেইট এলাকায় আগরতলা পুরো নিগমের ব্যবস্থাপনায় চৈত্র মেলা অনুষ্ঠিত হচ্ছে।। মেলা চলবে ১৪ এপ্রিল পর্যন্ত অর্থাৎ ১১ দিন। গরিব অংশের ব্যবসায়ীরা যাতে চৈত্র মাসে আগরতলা শহরে এসে ব্যবসা করে আশানুরূপ আয় উপার্জন করতে পারেন সেই লক্ষ্যেই প্রতিবছরের মতো এবছরও পুর নিগম মেলার ব্যবস্থা করে দিচ্ছে। তবে মেলায় যেসব ক্ষুদ্র ব্যবসায়ীরা ব্যবসা করবেন তাদের কাছ থেকে কোন ধরনের জায়গা ভাড়া বা কর আদায় করবে না নিগম কর্তৃপক্ষ। গরিব অংশের ব্যবসায়ীদের কথা চিন্তা করেই এ ধরনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। রবিবার মেলার প্রস্তুতি-পূর্ব খতিয়ে দেখতে এসে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মেয়র বলেন কিছু কিছু লোক টাকা পয়সা আদায় করার জন্য চেষ্টা চালাচ্ছে বলে যে সব মৌখিক অভিযোগ পাওয়া যাচ্ছে তা খতিয়ে দেখা হচ্ছে। প্রামাণ্য তথ্য পেলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে হুশিয়ারি দিয়েছেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

# মেয়ো রোড়ে বাস দুর্ঘটনার গ্রেফতার চালক

কলকাতা, ২ এপ্রিল(হি.স.) : মেয়ো রোড়ে ভয়াবহ বাস দুর্ঘটনার গ্রেফতার হলেন চালক। দুর্ঘটনার ২৪ ঘন্টা পর রবিবার বিকালে উত্তর কলকাতার খান্না ক্রসিংয়ের কাছ থেকেই তাঁকে গ্রেফতার করা হয়। সোমবার ধৃতকে আদালতে তোলা হবে।

পুলিশ জানিয়েছে, ধৃত চালকের নাম শেখ তৌসিফ। ৩৬ বছর বয়সি তৌসিফকে বড়তলা থানা এলাকার খান্না ক্রসিংয়ের কাছ থেকে গ্রেফতার করা হয়। শনিবার মেয়ো রোডে মেটিয়াবুরুজ রুটের যে মিনি বাসটি উল্টে পড়ে ভয়াবহ দুর্ঘটনা ঘটে, সেই সময় ওই বাসের চালকের আসনে ছিলেন তৌসিফ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, শনিবার সন্ধ্যায় মেয়ো রোড ও ডাফরিন রোডের সংযোগস্থলে গান্ধীমূর্তির কাছে হাওড়া-মেটিয়াবুরুজ রুটের মিনিবাসটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। ঘটনায় আহত হন বহু যাত্রী। একজনের মৃত্যুরও খবর মেলে। ভয়াবহ সেই দুর্ঘটনার পরই পুলিশকে ক্রেন লাগিয়ে ঠেলে বাসটি সোজা করতে দেখা যায়। তবে এর মধ্যেই বেগতিক বুঝে পালিয়ে যায় চালক শেখ তৌসিফ। তারপর তল্লাশি চালিয়ে ঘটনার ২৪ ঘণ্টার মধ্যেই এদিন তৌসিফকে গ্রেফতার করে কলকাতা পুলিশ। সোমবার তৌসিফকে আদালতে তোলা হবে এবং তাঁকে নিজেদের হেফাজতে নিতে চায় পুলিশ। কী ভাবে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল, সে ব্যাপারে তৌসিফকে জিজ্ঞাসাবাদ করতে চায় পুলিশ। প্রসঙ্গত, 'সেফ ড্রাইভ সেভ লাইভ' নিয়ে ক্রমাগত প্রচার চালাচ্ছে রাজ্য সরকার। তারপরেও শনিবার মেয়ো ও ডাফরিন রোডের সংযোগস্থলে যেভাবে যাত্রীবোঝাই মিনিবাস উল্টে যায়, তা এককথায় ভয়াবহ। এই দুর্ঘটনায় গুরুতর জখম ২০ জন। তাঁদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা গুরুতর। মৃত্যু হয় এক কিশোরের। এই ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছে রাজ্য প্রশাসন। তবে সরব হয়েছেন বিরোধীরা। নিয়ন্ত্রণ হারিয়েই বাসটি উল্টে যায় বলে পুলিশ জানিয়েছে। তবে যান্ত্রিক গোলযোগ নাকি অত্যধিক গতিবেগের জন্য বাসটি উল্টে যায়, তা এখনও স্পষ্ট নয়। তদন্ত শুরু করেছে পুলিশ।

# হুগলির জগুদাসপাড়ায় ইডি-র সিল করা ফ্ল্যাটে শান্তনু-পত্নী প্রিয়াঙ্কা

চুঁচুড়া, ২ এপ্রিল(হি.স.) : নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত শান্তনু বন্দ্যোপাধ্যায় বর্তমানে জেল হেফাজতে। শান্তনুকে গ্রেফতারের পরই হুগলির চুঁচূড়ার জগুদাসপাড়ায় তাঁর ফ্ল্যাটটি সিল করে দিয়েছে ইডি। রবিবার সেই ফ্ল্যাটেই দেখা গেল শান্তনু বন্দ্যোপাধ্যায়ের স্ত্রী প্রিয়াঙ্কা বন্দ্যোপাধ্যায়। একেবারে ইডি-র তরফে সিল করে দেওয়া দরজা খুলে ফ্ল্যাটের ভিতরে ঢোকেন তিনি। যা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

চুঁচূড়া জগুদাসপাড়ায় অয়নশীলের এবিএস টাওয়ারে যে ফ্ল্যাট রয়েছে, সেখানেই শান্তনু বন্দ্যোপাধ্যায়ের ফ্ল্যাটে রয়েছে। এদিন বিকালে সেই ফ্ল্যাটেই আসেন শান্তনু-পত্নী। একেবারে সিল করা ফ্ল্যাটের তালা খুলে ভিতরে ঢোকেন প্রিয়াঙ্কা। কিন্তু, ইডি-র তরফে সিল করা ফ্ল্যাটে কেউ কী ভাবে ঢুকতে পারে? জবাবে শান্তনু-পত্নী এটি তাঁর ফ্ল্যাট দাবি জানিয়ে বলেন, "আমার বাড়িতে আমরা এসেছি। ইডি-র কাছে অনুমতি নিয়েই এখানে এসেছি।"

প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত শান্তনু বন্দ্যোপাধ্যায়কে গত ১০ মার্চ গ্রেফতার করে ইডি। যুব তৃণমূল নেতা তথা হুগলি জেলা পরিষদের কর্মাধ্যক্ষ ছিলেন শান্তনু। নিয়োগ দুর্নীতির অন্যতম অভিযুক্ত কুন্তল ঘোষ থেকে অয়ন শীলের সঙ্গে শান্তনুর যোগ ছিল বলে অভিযোগ। তারপর নিয়োগ দুর্নীতিতে শান্তনুর প্রভাব খতিয়ে দেখতে গত ১৮ মার্চ, শনিবার শান্তনু বন্দ্যোপাধ্যায়ের বাড়ি ও গেস্ট হাউজে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) হানা দেয়। বলাগড়ে শান্তনুর যে গেস্ট হাউজ রয়েছে, সেখান থেকে শুরু করে চুঁচুড়ায় তাঁর ফ্ল্যাট, এমনকি ব্যান্ডেলে শান্তনুর স্ত্রী প্রিয়াঙ্কার নামে কেনা বাড়িতেও হানা দেয় ইডি। এই বাড়ি, ফ্ল্যাটগুলিতে দীর্ঘ তল্লাশি চালানোর পর সিল করে দেন ইডি গোয়েন্দারা।

# মালদায় বেসামাল হয়ে ট্র্যাক্টর থেকে পড়ে মৃত্যু শিশুর

হরিশ্চন্দ্রপুর, ২ এপ্রিল (হি.স.): মালদায় মর্মান্তিক দুর্ঘটনা। বেসামাল হয়ে ট্র্যাক্টর থেকে রাস্তায় পড়ে সঙ্গে সঙ্গে সেই ট্র্যাক্টরের চাকায় পিষ্ট মৃত্যু হল এক নয় বছরের শিশুর। রবিবার এই মর্মান্তিক ঘটনাটি ঘটেছে মালদার হরিশ্চন্দ্রপুরের সুলতাননগর গ্রাম পঞ্চায়েত এলাকায়। মৃত শিশুটির নাম দেব মাহাড়া।

জানা গেছে, রবিবার জমিতে কাজের জন্য ট্র্যাক্টর নিয়ে যাচ্ছিলেন চালক। সেই সময় জমির মালিকের ছেলে দেব তার আরেকজন সহপাঠীর সঙ্গে ট্র্যাক্টরে উঠতে চায়। চালকও তাদের গাড়িতে উঠিয়ে নেন। তখন ছোট্ট দেবের হাতে ছিল একটি কেক। আর সেই কেক মুখে দেওয়ার সময়ই ট্র্যাক্টরটি বাঁক নেয়। এতেই বেসামাল হয়ে ট্র্যাক্টর থেকে রাস্তায় পড়ে যায় দেব। সঙ্গে সঙ্গে ট্র্যাক্টরের চাকায় পিষ্ট হয়ে যায় সে। ঘটনাস্থলেই শিশুটির মৃত্যু হয়।হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়। পুলিশজানিয়েছে, ট্র্যাক্টরটিকে আটক করা হয়েছে। সমস্ত ঘটনা খতিয়ে দেখা হচ্ছে।

# অসমের মুখ্যমন্ত্রীকে হত্যার হুমকি-বার্তা আমেরিকা-ভিত্তিক 'শিখস ফর জাস্টিস'-এর

গুয়াহাটি, ২ এপ্রিল (হি.স.) : অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মাকে হত্যার হুমকি-বার্তা পাঠিয়েছে আমেরিকা-ভিত্তিক 'শিখস ফর জাস্টিস' (এসএফজে)-এর। আজ রবিবার বেলা দুটো নাগাদ রাজ্যের প্রায় এক ডজন সাংবাদিক একটি রেকর্ডেড ভয়েস কল পেয়েছেন। এতে অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মাকে ডিব্রুগড়ের জেলে বন্দি খালিস্তানি সমর্থকদের নির্যাতনের অভিযোগে একটি সতর্ক-বার্তা দেওয়া হয়েছে। বার্তায় কণ্ঠস্বর দাবি করেছে, এটি শিখস ফর জাস্টিস (এসএফজে)-এর জেনারেল কাউন্সেল গুরপতওয়ান সিং পান্নুর কাছ থেকে পাঠানো হয়েছে। প্রসঙ্গত, এই সংগঠন ভারতের বিরুদ্ধে বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপে জড়িত বলে অভিযোগ রয়েছে।

অডিওর বক্তা নিজেকে খালিস্তানিপন্থী বিচ্ছিন্নতাবাদী নেতা অমৃতপাল সিংয়ের সমর্থক বলে পরিচয় দিয়ে বলেছেন, 'অসমে বন্দি শিখ খালিস্তানপন্থীদের নির্যাতন করা হচ্ছে। খুব মনোযোগ দিয়ে শুনুন সিএম শর্মা, লড়াইটা হচ্ছে খালিস্তানপন্থী শিখ এবং ভারতীয় শাসন ও মোদীর মধ্যে। শর্মা, এই সহিংসতার শিকার হবেন না। আমরা খালিস্তান গণভোটের শান্তিপূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে ভারতীয় দখলদারিত্ব থেকে পঞ্জাবের মুক্তি চাইছি। শর্মা, আপনার সরকার যদি ছয়জনকে অত্যাচার ও হয়রানি করে, তা-হলে আপনাকে জবাবদিহি করতে হবে। বার্তাটি শিখস ফর জাস্টিস (এসআইসি)-এর জেনারেল কাউন্সেল গুরপতওয়ান সিং পান্নুর কাছ থেকে এসেছে।'

এদিকে মুখ্যমন্ত্রীকে হত্যা সংবলিত অডিও-বার্তা প্রসঙ্গে আজ বিসেলে অসমের পুলিশ প্রধান (ডিজিপি) জ্ঞানেন্দ্রপ্রতাপ সিং সাংবাদিক সম্মেলন করেছেন। ঘটনার সত্যতা স্বীকার করে ডিজিপি সিং বলেন, এই সংগঠনটিকে ২০১৯ সালে ভারত সরকার নিষিদ্ধ বলে ঘোষণা করেছে। এর পর ২০২০ সালে গুরপতওয়ান সিং পান্নুকে একজন সন্ত্রাসবাদী বলে ঘোষণা করেছে ভারত সরকার। এই সংগঠন নিউয়র্কে-ভিত্তিক সংগঠন। পান্নু কানাডায় একজন আইনজীবী হিসেবে কর্মরত। তাঁর বিরুদ্ধে ভারত সরকার ইতিমধ্যে লুকআউট নোটিশ জারে করেছে। পান্নুর আদি বাড়ি পঞ্জাবের অমৃতসরে। ভারত সরকার ইতিমধ্যে গুরপতওয়ান সিং পান্নুর সম্পত্তিও বাজেয়াপ্ত করেছে। অসমের পুলিশ-প্রধান জিপি সিং জানান, অসম পুলিশ ঘটনা সম্পর্কে এক মামলা রুজু করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে এই অডিও-ক্লিপ পাঠিয়েছে, যাতে এ ব্যাপার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা যায়। এছাড়া মুখ্যমন্ত্রীর নিরাপত্তার বিষয়ে আরও গুরুত্ব আরোপের ব্যবস্থাও রাজ্য পুলিশ নিয়েছে।

খালিস্তানী বিচ্ছিন্নতাবাদী প্রসঙ্গে এই হুমকি সম্পর্কে ডিজিপি জিপি সিং বলেন, "অসমের শিখ সম্প্রদায়ের নাগরিকগণ ভদ্র এবং আমার মনে হয় না, তাঁরা এ ধরনের কোনও কর্মকাণ্ডের সঙ্গে নিয়োজিত হবেন। তবে যখন থেকে সংগঠনটির কয়েকজনকে অসমে আনা হয়েছে, তখন থেকে রাজ্যের রেলওয়ে স্টেশন বা বিমানবন্দরে বহিঃরাজ্য থেকে আগত শিখদের ওপর কড়া নজর রাখা হচ্ছে।"

এখানে উল্লেখ করা যেতে পারে, গত ১৮ মার্চ খালিস্তানপন্থী নেতা তথা প্রচারক অমৃতপাল সিং এবং তার সমর্থকদের বিরুদ্ধে অভিযান চালিয়ে পঞ্জাব পুলিশ অমৃতপাল এবং তার সংগঠন ওয়ারিস পাঞ্জাব দে (ডব্লিউপিডি)-র সাথে যুক্ত ৭৮ জনকে গ্রেফতার করেছে। কিন্তু অমৃতপাল এখনও অধরা। তাকে গ্রেফতার করতে অভিযান আজও অব্যাহত। ইতিমধ্যে গ্রেপ্তারকৃতদের মধ্যে আটজনকে কড় নিরাপত্তা বেষ্টনীর মধ্যে অসমের ডিব্রুগড় জেলে পাঠানো হয়েছে। তাদের অমৃতপাল সিঙের কাকা হারজিত সিংও রয়েছেন। সর্বশেষে অতি সম্প্রতি যাকে ডিব্রুগড়ে পাঠানো হয়েছে তার নাম অমৃতপালের দেহরক্ষী বারিন্দর সিং।

# াঙ্গন

# ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় আগরতলা প্রেসক্লাবের স্পোর্টস ফেস্ট সম্পন্ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।। যথেষ্ট উৎসাহ এবং উদ্দীপনার মধ্য দিয়ে আগরতলা প্রেসক্লাব আয়োজিত স্পোর্টস এন্ড গেমস ফেস্ট-২০২৩ রবিবার শেষ হয়েছে। আগরতলায় এগিয়ে চলো সংঘের মাঠে আয়োজিত সাংবাদিক এবং তাদের পরিবার-পরিজনদের নিয়ে আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার মধ্য দিয়ে এবারকার স্পোর্টস ফেস্ট শেষ হয়েছে। আগরতলা প্রেসক্লাবের সদস্য-সদস্যা এবং সংবাদ জগতে জড়িত সকলের পরিবার পরিজনদের ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় আয়োজিত স্পোর্টস ফেস্ট আজ অনেকটাই প্রাণবন্ত ছিল। শুরুতে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রতিযোগিতার অনুষ্ঠানিক উদ্বোধন করেন ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে এগিয়ে চলো সংঘের সভাপতি চঞ্চল নন্দী, আগরতলা প্রেস ক্লাবের সচিব রমাকান্ত দে, স্পোর্টস সাব কমিটির চেয়ারম্যান অলক ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন। পৌরহিত করেন প্রেসক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য। শুরুতে স্বাগত ভাষণ রাখেন প্রেসক্লাবের সম্পাদক রমাকান্ত দে। উদ্বোধক ও অতিথিদের প্রত্যেকেই নিজেদের সংক্ষিপ্ত ভাষণে দীর্ঘ বছর পর আগরতলা প্রেসক্লাবের এধরনের প্রাণবন্ত স্পোর্টস এন্ড গেমসের আয়োজনে উদ্যোক্তাদের ভূয়ষী প্রশংসা করেন এবং আগামী দিনেও তা জারি রাখার প্রত্যাশা ব্যক্ত করেন। প্রতিযোগিতা চলাকালীন সময়ে সর্বভারতীয় জার্নালিস্ট ইউনিয়নের সাধারণ সম্পাদক তথা আগরতলা প্রেসক্লাবের প্রাক্তন সচিব প্রণব সরকার এবং এগিয়ে চলো সংঘের সম্পাদক সুমন্ত গুপ্ত প্রমূখ উপস্থিত থেকে প্রতিযোগিতা উপভোগ করেন এবং খেলোয়াড়দের শুভেচ্ছা জানান। ত্রিপুরা গ্রামীণ ব্যাংক এবং এগিয়ে চলো সংঘের স্বতঃস্ফূর্ত সহযোগিতায় আগরতলা প্রেসক্লাবের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জানানো হয়েছে। প্রতিযোগিতায় সাব-জুনিয়র ছেলে-মেয়েদের মধ্যে অনুষ্ঠিত স্পুন রেস-এ রশ্মি চন্দ, অনুভব রায়, স্বর্ণাঙ্কিত গোপ; কিক দ্য বল ইভেন্টে অমিতাংশু নাথ, অবৃত দেববর্মা, রুদ্রনীল কর; টেবিল টেনিস বল নিক্ষেপে ঋদ্ধিমান বণিক, রুদ্রনীল কর, অবৃত দেববর্মা; স্ট্যান্ডিং স্কিপিং-এ ডোনা ভট্টাচার্য, রুদ্রনীল দেবরায়, ঋদ্ধিমান বনিক; জুনিয়র ছেলে-মেয়েদের গ্রুপে শাটেল রানে রাজর্ষি দাস, প্রজ্ঞা সেন, কঙ্কনা গোস্বামী; কিক দ্য বল ইভেন্টে অনুভব রায়, কঙ্কনা গোস্বামী, প্রজ্ঞা সেন; টেবিল টেনিস বল নিক্ষেপে অনুভব রায়, রাজর্ষি দাস, কঙ্কনা গোস্বামী; মহিলা বিভাগে ছবিতে টিপ পড়ানো ইভেন্টে ইন্দ্রানী দে, সুস্মিতা রায় সেন, শেষাদ্রি দাশগুপ্তা; পাতিল ভাঙ্গা ইভেন্টে চন্দ্রিমা সিরকার, সুপর্ণা গোস্বামী, মনিকা দেব; মিউজিক্যাল চেয়ার ইভেন্টে চন্দ্রিমা সিরকার, চন্দ্রা রায়, পল্লবী ঘোষ; কিক দ্য বল ইভেন্টে প্রিয়াংকা ভট্টাচার্য, নমিতা রায়, রূপা দেবনাথ; পুরুষ বিভাগে কিক দ্য বল ইভেন্টে অঞ্জন দেব, সন্তোষ গোপ, সুপ্রভাত দেবনাথ; হিট দ্য স্ট্যাম্প ইভেন্টে বিকাশ ধানুকা, কিরিটি দত্ত, প্রসেনজিৎ সাহা; মিউজিক্যাল বল ইভেন্টে মিল্টন ধর, বিজয় দেবনাথ, নারায়ণ শীল যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কার পেয়েছেন। খুদে অংশগ্রহণকারী হিসেবে অন্তর্লীনা দে ও সোমাদ্রিতা দেব-কে সান্তনা পুরস্কার প্রদান করা হয়েছে। পুরুষদের টাগ অফ ওয়ার ইভেন্টে অভিষেক দেববর্মা, জাকির হোসেন, বিশ্বজিৎ দেবনাথ, প্রসেনজিৎ সাহা, পার্থসারথি দেব, অঞ্জন দেব, সুব্রত দে-কে নিয়ে গড়া টিম-সি চ্যাম্পিয়ন এবং সুমিত সিংহ, বিকাশ ধানুকা, মেঘধন দেব, মিল্টন ধর, অরিন্দম চক্রবর্তী, বিজয় দেবরায়, সমীর সাহা-কে নিয়ে গড়া টিম-বি রানার্স খেতাব পেয়েছে। অনুষ্ঠান ও স্পোর্টস ইভেন্ট পরিচালনায় ছিলেন সিনিয়র সাংবাদিক সুপ্রভাত দেবনাথ। এছাড়া, জাজ ও রেফারির ভূমিকায় প্রখ্যাত অ্যাথলেট ও কোচ অমিয় দাস, রাজেশ মজুমদার, অর্পিতা মালাকার ও কামাল হোসেন দুর্দান্তভাবে সহযোগিতা করেছেন। প্রতিযোগিতা শেষে উপস্থিত অতিথিবৃন্দ এবং প্রেস ক্লাবের বর্ষীয়ান সদস্য-সদস্যারা বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। আগরতলা প্রেসক্লাবের স্পোর্টস সাব কমিটির কনভেনার অভিষেক দে বক্তৃতায় সংশ্লিষ্ট সকল অংশগ্রহণকারীর পাশাপাশি ত্রিপুরা গ্রামীণ ব্যাংক ও এগিয়ে চলো সংঘের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

## শান্তিকামী সংঘে নবকুমার শর্মা স্মৃতি প্রাইজ মানি দাবা অনুষ্ঠিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।। শান্তিকামী সংঘ আয়োজিত নবকুমার শর্মা প্রাইজমানি ওপেন দাবা টুর্নামেন্ট রবিবারে শেষ হয়েছে। প্রচুর সংখ্যক দাবারুর উপস্থিতিতে টুর্নামেন্ট ঘিরে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা বিরাজমান ছিল। সামগ্রিক রেংকিংয়ের হিসেবে অভিজ্ঞান ঘোষ চ্যাম্পিয়ন হয়েছে। রানার্স খেতাব পেয়েছে দেবাংকুর ব্যানার্জি। তৃতীয় স্থান পেয়েছে উমাশঙ্কর দত্ত। উল্লেখ্য, চতুর্থ অনাবিল গোস্বামী, পঞ্চম শাক্য সিংহ মোদক, ষষ্ঠ বাপু দেববর্মা, সপ্তম টাইটান দেববর্মা, অষ্টম অগ্রজিত পাল, নবম দিলীপ ঘোষ, এবং দশম রানু চন্দ্র দাসকে পুরস্কৃত করা হয়েছে। ফাইনাল রেংকিং এর হিসেবে ১৫ তম স্থান পর্যন্ত বিজয়ীদের প্রাইজমানি প্রদান করা হয়েছে। এছাড়া, অনূর্ধ ৭ বছর গ্রুপে সুভায়ন দাস, সুতনু পাল, রোহিল সাহা, কনিষ্ক চৌধুরী, দেবরাজ ভট্টাচার্য; অনূর্ধ ৯ বছর বিভাগে আদ্রুশ কর্মকার, অভ্রনীল দে, পীতম্বর দেবনাথ, অন্তরীপ আচার্য, অরস্মিত চৌধুরী, অনূর্ধ ১১ বছর বিভাগে মেহেকদীপ গোপ, অভিনব নাথ, অনুপম নাথ, রুদ্রনীল দেবনাথ, ধীময় চক্রবর্তী; অনূর্ধ ১৩ বছর বিভাগে দেবজিৎ দে, আয়ুস সাহা, মেঘনাস দত্ত, শ্রীথিক মজুমদার, অদ্রিজা দেবনাথ; মহিলা বিভাগে স্বত্বিকা চক্রবর্তী এবং বর্ষিয়ান গ্রুপে সুব্রত চক্রবর্তীকে প্রাইজমানিতে পুরস্কৃত করা হয়েছে। প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় উদ্যোক্তাদের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়েছে। আগামী ৯ই এপ্রিল এক বিশেষ অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কৃত করা হবে বলে উদ্যোক্তাদের পক্ষ থেকে আগেই জানানো হয়েছে।

## জাতীয় আসর সেরে রাজ্যে ফিরেই সংবর্ধনা পেলো হ্যান্ডবল খেলোয়াড়রা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।। রাজ্যে ফিরেই উষ্ণ সংবর্ধনা পেলো হ্যান্ডবল খেলোয়াড়রা। শনিবার রাতে ট্রেণে রাজ্যে ফিরে ত্রিপুরার হ্যান্ডবল খেলোযাড়রা গুয়াহাটি থেকে। ওই রাজ্যে অনুষ্ঠিত হয়েছিলো জাতীয় সাবজুনিয়র হ্যান্ডবল প্রতিযোগিতা। তাতে গ্রুপ লিগে অপ্রতিরোধ্য থাকার পর কোয়ার্টার ফাইনালে দিল্লির কাছে লড়াই করে হেরে গিয়েছিলো ত্রিপুরা। শেষ পর্যন্ত ষষ্ঠ স্থান পেয়েই সন্তুষ্ট থাকতে হলো। শনিবার রাতে আগরতলা রেল স্টেশনে পৌঁছতেই রাজ্য দলের খেলোয়াড়দের উষ্ণ সংবর্ধনা জানানরাজ্য ভলিবল সংস্থার সভাপতি ড: সূর্য কান্ত পাল, সহসভাপতি জবা পাল এবং মধু গোপাল বিশাস। খেলোয়াড়দের ফুলের মালা পড়ানোর পাশাপাশি মিস্টিমুখ করানো হয়। পরে রাজ্য সংস্থার সভাপতি খেলোয়াড়দের উদ্দেশ্যে বলেন,'তোমাদের সাফল্যে আমরা গর্বিত। তবে এখানেই থেমে থাকলে চলবে না। আরও ভালো খেলতে হবে তোমাদের। এর জন্য সময় নষ্ট না করে অনুশীলনে আবার মন দিতে হবে'।

# সমীরন স্মৃতি টি-২০ ক্রিকেটে শতদলকে হারিয়ে বিসিসি জয়ী

### বি সি সি -১৮০/৪ শতদল সঙ্ঘ-১৭৮

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।। দুরন্ত ম্যাচ। লড়াই শেষ বল পর্যন্ত। শেষ পর্যন্ত ২ রানে জয় পেলো বি সি সি। পরাজিত করলো সুপার ডিভিশনের দল শতদল সঙ্ঘকে। সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেটে। নরসিংগড় পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে অনুষ্ঠিত ম্যাচে। বি সি সি-র হয়ে দাপট দেখান রিয়াজ উদ্দিন এবং বাবুল দে।

রবিবার সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়ে বি সি সি নির্ধারিত ওভারে ৪ উইকেট হারিয়ে ১৮০ রান করে। ওপেনিং জুটিতে বাবুল দে এবং রিয়াজ উদ্দিন ১২০ রান যোগ করে দলকে বড় স্কোর গড়ার দিকে নিয়ে যান। বাবুল ৪৬ বল খেলে ৭ টি বাউন্ডারি ও ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৭১ এবং রিয়াজ ৪২ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৮ রান করেন। এছাড়া দলের পক্ষে সাগর শর্মা ১৪ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২২ এবং রাজদীপ দত্ত ৫ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন। জবাবে খেলতে নেমে শতদল সঙ্ঘ ১৭৮ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে দীপায়ন দেববর্মা ৪৩ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৫, ভিকি সাহা ১৭ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩০,স্বাদব খান ৯ বল খেলে ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২১ এবং সৌরভ দাস ৯ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৫ রান করেন। বি সি সি-র পক্ষে রিয়াজ উদ্দিন (৪/১৮) এবং রাজদীপ দত্ত (২/৩২) সফল বোলার।

# ছোটদের রাজ্য ক্রিকেটের দুটি সেমিফাইনাল আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।। দুটি সেমিফাইনাল ম্যাচ আজ। নরসিংগড় পঞ্চায়েত মাঠে সদর 'এ' খেলবে ধর্মনগরের বিরুদ্ধে এবং নীপকো মাঠে সদর 'বি' খেলবে শক্তিশালী উদয়পুরের বিরুদ্ধে।

রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেটে। আগামীকাল হবে আসরের দুটি সেমিফাইনাল ম্যাচ। চার দলই রবিবার শেষ প্রস্তুতি সেরে নেয়। চার দলই গ্রুপ লিগে অপ্রতিরোধ্য ছিলো। গ্রুপের প্রতিপক্ষ দলগুলোকে অনেকটা অনায়াসেই পরাজিত করে শেষ চারে জায়গা করে নেয়।

শক্তির বিচারে আজ ফেভারিট হিসাবেই মাঠে নামবে সদর 'এ' এবং উদয়পুর মহকুমা। তবে উদয়পুর দলের কোচ সুবল চৌধুরির 'তুরুপের তাস' শ্রীমান দেবনাথকে দ্রুত ফেরাতে পারলে সদর 'বি' ফাইনালে খেলার ছাড়পত্র পেতে পারে। শ্রীমান ইতিমধ্যে শতরান করে ফেলেছে আসরে। এছাড়া বল হাতেও প্রতি ম্যাচে সাফল্য পেয়েছে। ফলে শ্রীমানের দিকে বাড়তি নজর দিতেই হবে ময়ুখ চক্রবর্তীদের। সেমিফাইনালে জোড়দার লড়াই হবে দুই মাঠেই, বিশ্বাস করেন ক্রিকেট প্রেমীরা। তবে ২২ গজে যে দলের ক্রিকেটাররা মাথা ঠান্ডা করে খেলতে পারবে সেই দলই ফাইনালের টিকিট কেটে নিতে পারবে।

# ঘরোয়া টি-টোয়েন্টি ক্রিকেটে ও.পি.সি-কে হারালো হার্ভে

### হার্ভে-১০৪/৬ ও পি সি-৯৭

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।। জয় পেলো হার্ভে। পরাজিত করলো ও পি সি-কে। ৭ রানে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায়। এম বি বি স্টেডিয়ামে অনুষঠিত ম্যাচে রবিবার দুপুরে টসে জয়লাভ করে হার্ভে প্রথমে ব্যাট নেয়। কিন্তু প্রথম সারির দুই ব্যাটসম্যান এবম মিডল অর্ডার ব্যাটসম্যানদের ব্যর্থতায বড় স্কোর গড়তে ব্যর্থ হয়। দল মাত্র ১০৪ রান করে। দলের পক্ষে বিজয় বিশ্বাস ৩৪ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২৯, সমীর দেববর্মা ৩২ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ২৫, মনিষ মিশ্র ১৪ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১৬ এবং অর্কজিৎ দাস ১০ বল খেলে ১০ রান করেন। ও পি সি-র পক্ষে রাহুল চন্দ্র সাহা (২/২১) সফল বোলার। জবাবে খেলতে নেমে ও পি সি ৯৭ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে সাহিল সুলতান ৩৩ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩২,সুজিত চন্দ্রদেব ১৩ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১৩ এবং ঋতুরাজ দেবনাথ ১৭ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১৩ রান করেন। হার্ভের পক্ষে প্রভাত যাদব (২/৯) এবং তথাগত চক্রবর্তী (২/১৫) সফল বোলার।

# ইউনাইটেড বিএসটি-কে হারিয়ে দারুন জয় দিয়ে সূচনা কসমো-র

### কসমোপলিটন-২০০/৪ ইউ বি এস টি-১৬১/৬

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।লক্ষ্য মরশুমের প্রথম ট্রফি ঘরে তোলা। তপন স্মৃতি নকআউট ক্রিকেটের ফাইনালে উঠলেও খেতাব জয় করতে পারেনি। এবার খেতাব জয়ের লক্ষ্য নিয়েই মাঠে নামলো কসমোপলিটন ক্লাব। প্রথম দিনের খেলা দেখে এমনই বোঝা গেলো। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত রবিবার সকালের ম্যাচে কসমোপলিটন ক্লাব ৩৯ রানে পরাজিত করে ইউ বি এস টি-কে। সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়ে দুই ওপেনার অভিষেক শর্মা এবং দলনায়ক পল্লব দাস ওপেনিং জুটিতে ৫০ বল খেলে ৯৮ রান যোগ করে বুঝিয়ে দেন দল বড় স্কোর গড়বে।

এরপর ওই কাজটা করে দেন নিনাদ কদম। অভিষেক ২৯ বল খেলে ৭ টি বাউন্ডারি ও ৫ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬২, পল্লব দাস ৪০ বল খেলে ৮ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৫, নিনাদ কদম ৩৪ বল খেলে ৭ টি বাউন্ডারির সাহায্যে ৫৪ এবং চন্দন রায় ৯ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন।

জবাবে খেলতে নেমে সৌরভ করের (৪/৩৪) বিধ্বংসী বোলিংয়ে নির্ধারিত ওভারে ৬ উইকেট হারিয়ে ১৬১ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে কৃষ্ণ কমল আচার্য ৪৮ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬২, সৌরভ যাদব ১৬ বল খেলে ২ টি বাউন্ডারি ও ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪০ এবং অমন সিং ৪০ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ৩৪ রান করেন।

---

The Executive Engineer, Division No-I, PWD(R&8), Agartala, Tripura (W) invited tender from the eligible bidders up to 15.00 hours on 12-04-2023 for 02 (Two) Nos. Maintenance work. For details visit https://tripuratenders.gov.in or contact at Mobile No: 7004647849 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

ICA/C-027/23

EXECUTIVE ENGINEER
AGARTALA DIVISION NO-I, PWD (R & B),
AGARTALA, WEST TRIPURA

---

**ABRIDGE NOTICE FOR INVITING QUOTATIONS (NIQ) FROM FIRMS/AGENCIES/SUPPLIERS/ COOPERATIVE SOCIETIES FOR SUPPLY OF BAGPACK & CAP FOR BANK SAKHI/DIGIPAY SAKHI UNDER TRLM**

Sealed Quotations are hereby invited from Firms/Agencies/ Suppliers/Cooperative Societies for supply of Bagpack & Cap for Bank Sakhi/Digipay Sakhi under Tripura Rural Livelihood Mission (TRLM), Pandit Nehru Complex, Near Housing Board, Agartala, Pin-799010. Quotations shall receive only in the office of the Chief Executive Officer, SMMU, TRLM up to 3.00 P.M till 12/04/2023 along with EMD of %20,000/-. Detailed NIQ may be seen in the websites- www. rural.tripura.gov.in/ www.trlm.tripura.gov.in/ www.tripura.gov.in

ICA-C-026/23

Sd/-illegible
(Prasada Rao Vaddarapu, IFS)
Chief Executive Officer
Tripura Rural Livelihood Mission

---

**Request for Proposal**
**RFP No-8/CPC/Plasma /DHS/2018-19(Sub-1)**
**Date:-01/04/2023**

A Request for proposal (RFP) is hereby invited by the Director of Health Services, Govt. of Tripura for Tripura State Blood Transfusion Council(TSBTC), Tripura on behalf of the Governor of Tripura from eligible institutions/ agencies/ firms, who are indigenous Plasma Fractionators in India for exchange of tested surplus Plasma collected from different Blood Component Separation Units (BCSU) in the State of Tripura to produce essential plasma derived medicines for Two Years from the date of signing of Contract. The details regarding cost of tender fee, EMD, eligibility criteria, scope of work to be taken up, RFP schedule, terms and conditions and the prescribed are made available on website (www.tripuratenders.gov.in).

The last date/time of submission of the tender documents by online up to 21-04-2023 up to 5.00

ICA/C-022/23

Ex-Officio Joint Secretary &
Director of Health Services
Govt. of Tripura: Agartala

---

**NOTICE INVITING TENDER**

No.F.1(2)-DJ/G/UDP/E-COURT/2023/3193 The 1th April, 2023

Subject:- Annual Maintenance Contract of Computers & its peripherals for the year 2023-24 at Amarpur Court Complex, Gomati Judicial District.

Sealed tenders / quotations are invited from the recognized service provider for Annual Maintenance Contract of Computers & its peripherals for the year 2023-24 installed in the Court Complex of SDJM-cum-Civil Judge (Jr. Div), Amarpur, Gomati Judicial District as per terms & No.F.1(2)-DJ/G/UDP/E-COURT/2023/3191-92 dated 1st conditions vide this office notice April, 2023. For details visit our official website address below: https://gomatitrp.dcou rts.gov.in/ not ice-category/tenders/

The quotations should reach this office positively by 15:00 hours of 24th April, 2023

ICA/C-018/23

(H. Chakrabarti)
District & Sessions Judge
Gomatj Judicial District. Udaipur

---

NOTICE INVITING TENDER (NIT)
PNIe-T NO: 121/EE/PNIe-T/MECH.DIVN/AGT/2022-23
Dated : 30/03/2023

The Executive Engineer, Mechanical Division, Agartala on behalf of the 'Governor of Tripura', invites online item rate e-tender in single bid system from Original Equipment Manufacturer(OEM) of Daikin AC System / Original Equipment, Manufacturer(OEM) authorized service provider or any reputed firm having specified experience in maintenance of similar VRF AC works for the following work:

Name of work: Repair and Comprehensive Annual Maintenance Contract (CAMC) of VRF (Variable Refrigerant Flow) AC System at Charak Building, ABV- Regional Cancer Center, Agartala, Tripura (4th Call)

1. Estimated Cost: Rs 10,00,081.00
2. Earnest Money: Rs 20002,00
3. Bid Fee: Rs 1,000.00
4. Last date & time for online Bidding: 18/04/2023upto 3:00 PM

Note: The bid forms and other details including online activities should be done in the e- procurement portal https://tripuratenders.gov.in

ICA/C-015/23

Executive Engineer
Mechanical Division, Agartala

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com




রবিবার পিসিসি সভাপতি বীরজিৎ সিনহার পৌরহিত্যে দলের নেতৃত্বদের নিয়ে বৈঠক অনুষ্ঠিত কংগ্রেস ভবনে। ছবি নিজস্ব

# কৈলাসহরের নুরপুরে টিএসআর কনস্টবলের মারধরে গুরুতর আহত ক্রিকেটার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** খোদ পুলিশ কনস্টেবল প্রকাশ্যে এক ক্রিকেটারকে বেধড়ক মারধর করে অভিযুক্ত পুলিশ কনস্টেবল প্রকাশ্যেই ঘুরাফেরা করলেও থানার পুলিশ বাবুরা অভিযুক্ত পুলিশ কনস্টেবলকে গ্রেফতার না করায় জনমনে তীব্র উত্তেজনা বিরাজ করছে। শুধু তাই নয়, ঘটনার প্রায় পাঁচ দিন অতিক্রান্ত হলেও থানার পুলিশ বাবুরা আজ অব্দি মামলা রেজিস্ট্রিও করেনি। ঘটনার পর থেকে আক্রান্ত ক্রিকেটার ৫দিন ধরে হাসপাতালে ভর্তি থাকলেও পুলিশ একবারের জন্যও আক্রান্ত ক্রিকেটারের খোঁজ খবর নেয়নি কিংবা তদন্তের স্বার্থেও আক্রান্ত ক্রিকেটারকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ হাসপাতালে যায় নি। ঘটনা কৈলাসহরের নুরপুর গ্রাম এলাকায়। উল্লেখ্য, কৈলাসহরের লক্ষীপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে রাজদরপুর গ্রামের স্থায়ী বাসিন্দা ত্রিশ বছরের জামিল আহমেদ বক্স। জামিল আহমেদ বক্স কৈলাসহরের উদিয়মান ক্রিকেটার হিসেবে গোটা কৈলাসহর মহকুমায় পরিচিতি রয়েছে। গত উনত্রিশ মার্চ বিকেলে কৈলাসহরের নুরপুর গ্রামে ক্রিকেট খেলতে যায় জামিল আহমেদ বক্স। খেলায় জামিল আহমেদ বক্স নিজে বোলিং করে আউট করে দেয় বিপক্ষ দলের মঈন উদ্দিন নামের এক খেলোয়াড়কে। মঈন উদ্দিনের বাড়িও রাজদরপুর গ্রামে। মঈন উদ্দিন ত্রিপুরা পুলিশে কর্মরত। মঈন উদ্দিন আউট হবার পর জামিল আহমেদ বক্সকে বেধড়ক মারধর শুরু করে। এমনকি জামিলকে শ্বাসরুদ্ধ করে মেরে ফেলারও চেস্টা করে বলে জামিল নিজেই জানায়। পরবর্তী সময়ে নিজের জীবন বাচাতে জামিল দৌড়ে পালিয়ে যাবার চেস্টা করলে জামিলকে দৌড়ে নিয়ে পুকুরের জলে ফেলে দিয়ে জামিলের মাথায় চাপ দিয়ে জলের নীচে রেখে দিয়ে প্রানে মারারও চেষ্টা করা হয় বলে জামিল নিজেই জানান। পরবর্তী সময়ে গ্রামেবাসীরা এবং জামিলের আত্মীয় স্বজনরা এগিয়ে এসে জামিলকে উদ্ধার করে। ঘটনায় জামিল সংজ্ঞাহীন হয়ে পড়ে। ঘটনার সাথে সাথেই জামিলকে চিকিৎসার জন্য কৈলাসহরের রাজিব গান্ধী মেমোরিয়াল মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয়। ত্রিশ মার্চ রাতে জামিলের অবস্থা আরও খারাপ হওয়ায় মহকুমা হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জামিলকে ঊনকোটি জেলা হাসপাতালে রেফার করে দেয়। মঈন উদ্দিন ক্রিকেট ব্যাট দিয়ে জামিলের কোমড়ে এবং ডান হাতে বেধড়ক ভাবে মারধর করায় জামিলের ডান হাত ভেংগে যায়। জামিলকে শ্বাসরুদ্ধ করে মারার জন্য জামিলের গলা চেপে ধরায় এখনও জামিলের গলায় মঈন উদ্দিনের হাতের নখের ছাপ রয়েছে। জামিল আহমেদ বক্স এও জানায় যে, মারধরের ঘটনায় মঈন উদ্দিনের সাথে আরও চার পাঁচ জন

☞ ৬ এর পাতায় দেখুন

# সন্ত্রাস নিয়ে মুখ্যমন্ত্রীকে বিঁধলেন সিপিএম রাজ্য সম্পাদক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** নির্বাচনোত্তর সন্ত্রাস ক্রমশ বেড়েই চলছে। অথচ নীরব মুখ্যমন্ত্রী। গত ২৭ মার্চ থেকে ২রা এপ্রিল পর্যন্ত রাজ্যের বিভিন্ন জায়গা ঘুরে সন্ত্রাসের বর্ণনা দিতে গিয়ে সাংবাদিকদের কাছে এই অভিমত ব্যক্ত করলেন সিপিএম রাজ্য সম্পাদক তথা বিধায়ক জীতেন্দ্র চৌধুরী। তিনি বলেন, ঊনকোটি জেলার কুমারঘাট এলাকায় সংখ্যালঘু বিষ্ণুপ্রিয়া মণিপুরি পরিবারের উপর যেভাবে বিজেপি আশ্রিত দুষ্কৃতিরা আক্রমণ, বাড়িঘর ভাঙচুর এমনকি শ্লীলতাহানির মতো ঘটনা সংগঠিত করেছে। এর পরেও বিধানসভায় সংসদীয় মন্ত্রী রতন লাল নাথ এই ধরনের কোনও বিষয়কে আমল না দিয়ে উল্টোভাবে সাজানো গল্প তৈরী করে পরিবেশন করছেন। তিনি অভিযোগ করে বলেন, কমলপুরে প্রাক্তন মন্ত্রী তথা বিধায়কের নেতৃত্বে যেভাবে বিভিন্ন এলাকায় সন্ত্রাস নামিয়ে আনা হচ্ছে তা জনগণ ভালভাবে গ্রহণ করছে না। শুধু তাই নয়, বিরোধী দলের কর্মী সমর্থকরা যাতে কাজ করতে না পারে তার জন্য হুমকিও দেয়া হচ্ছে। ভয়ে অনেকে কাজ ছেড়ে লুকিয়ে রয়েছে অন্যত্র। তিনি আরও বলেন, রবিবার বড়জলার বিভিন্ন এলাকায় যান, সেখানে সিপিএম কর্মী সমর্থকদের বাড়িতে গিয়ে সচক্ষে দেখলেন সন্ত্রাস বিভৎস রূপ। তাঁর সঙ্গে ছিলেন বিধায়ক সুদীপ সরকার। তিনি অভিযোগ করেছেন, রাজ্য পুলিশের মহানির্দেশক ভুল তথ্য পরিবেশন করছেন। এইভাবে গণতন্ত্রকে বিপন্ন করা এবং মানুষের অধিকারকে খর্ব করার বিরুদ্ধে বামপন্থীরা অতীতেও লড়ে আসছে, আগামীদিনেও লড়াই জারি রাখবে। তিনি মুখ্যমন্ত্রী এবং পুলিশের ভূমিকা নিয়েও অসন্তোষ প্রকাশ করেন।

অন্যদিকে, বিধানসভায় ঘটে যাওয়া বিধায়ক যাদব লাল নাথের নীল ছবি দেখার বিষয়টি তুলে ধরে বলেন, এই বিষয়ে বিলোনীয়ার সিপিএম বিধায়কের দেয়া চিঠিকে কোন প্রকার প্রাধান্য দিচ্ছেন না অধ্যক্ষ। অথচ রাজ্যজুড়ে এই নিয়ে তীব্র সমালোচনার ঝড় বইছে। তিনি অভিযোগ করেন এই ধরনের কাজে বিজেপি এবং মন্ত্রিসভার সদস্যদের মদত রয়েছে।

# বিশালগড়ে উদ্ধার প্রচুর পরিমাণে নেশা জাতীয় ট্যাবলেট

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২ এপ্রিল।।** নেশা মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যেকে বুড়ো আঙুল দেখিয়ে নেশার রমরমা ব্যবসা চালিয়ে যাচ্ছে একদল নেশা কারবারি। এই গন্ধহীন নেশার কবলে পড়ে ধ্বংস হয়ে যাচ্ছে এক শ্রেণীর যুবকরা। পুলিশের নেশা বিরোধী অভিযানে প্রায় সময় নেশা সামগ্রী উদ্ধার করা সম্ভব হলেও অধিকাংশ ক্ষেত্রে নেশা কারবারি দের আটক করতে ব্যর্থ হয় পুলিশ প্রশাসন। রবিবার দুপুর একটায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বিশালগড় থানার পুলিশ বিশালগড় নিউমার্কেট লোহার ব্রীজ সংলগ্ন এলাকা থেকে উদ্ধার করে প্রচুর পরিমাণে নেশার ট্যাবলেট। আটককৃত নেশা সামগ্রীর মূল্য অনেক।যদিও পুলিশের আচমকা অভিযানের আঁচ পেয়ে গা ঢাকা দিতে সক্ষম হয় নেশা কারবারিরা। বিশালগড় থানার ইন্সপেক্টর বিশ্বজিৎ দাস নেতৃত্বে এই অভিযান চালানো হয়।পরে উদ্ধার কৃত নেশা সামগ্রী বিশালগড় থানায় নিয়ে যাওয়া হয়। এই নেশা কারবারের সাথে যুক্ত অভিযুক্তদের জালে তোলার জন্য ও আগামী দিনে বিশালগড়ে নেশা বিরোধী অভিযানে পুলিশ কঠোর পদক্ষেপ গ্রহণ করবে বলে জানিয়েছেন পুলিশের ইন্সপেক্টর বিশ্বজিৎ দাস।

# রাহুল গান্ধীর সাংসদ পথ বাতিল করতে গভীর ষড়যন্ত্র হয়েছে ঃ প্রদেশ কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** বিজেপি তীব্র ষড়যন্ত্র করে রাহুল গান্ধীর সংসদ পদ বাতিল করেছে।এবং ত্রিপুরা রাজ্যে নির্বাচনের ফলাফলের পর থেকে বিরোধীদের উপর সন্ত্রাস নামিয়ে এনেছে। এর প্রতিবাদে রবিবার প্রদেশ কংগ্রেস ভবনে কার্যকরী কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সিদ্ধান্ত হয় আগামী ৮ এপ্রিল আগরতলায় সত্যাগ্রহ এবং অহিংসা কর্মসূচি সংগঠিত করা হবে। কংগ্রেস ভবন থেকে এই যাত্রা অনুষ্ঠিত করা হবে। রবিবার বিকেলে প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বৈঠকের পর এ বিষয়ে জানান কংগ্রেস সভাপতি বীরজিৎ সিনহা। তিনি বলেন সন্ত্রাসের বিরুদ্ধে আগামী ১৬ এপ্রিল বর্ধিত সভা অনুষ্ঠিত হবে। পাশাপাশি প্রত্যেক জেলায় সত্যাগ্রহ ও অহিংসা কর্মসূচি সংঘটিত করা হবে। ১৭ এপ্রিল কৈলাসহর ডিস্ট্রিক্ট হেডকোয়ার্টারে, ২০ এপ্রিল আগরতলা শহরে এবং ২৩ এপ্রিল উদয়পুরে কংগ্রেসের কর্মসূচি অনুষ্ঠিত হবে।

# আঠারমুড়া পাহাড়ে ধস, শিবিরে আশ্রিতদের ত্রাণের ব্যবস্থা করলেন উপজাতি কল্যাণ মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** দীর্ঘ দিন ধরে আসাম-আগরতলা জাতীয় সড়কের কাজ চলছিল। বর্ষার কারনে ৪৫ মাইল এলাকায় ভূমিধসের ফলে বেশ কিছু পরিবার প্রচণ্ড ভাবে ক্ষতিগ্রস্ত হয়। বিশেষ করে যোগাযোগের সমস্যা সহ একাধিক সমস্যার কারনে বেশকিছু পরিবার আঠারমুড়া ভিলেজের অন্তর্গত ৪৫ মাইল এলাকার একটি বিদ্যালয় সহ দুইটি অঙ্গনওয়াড়ি সেন্টারে শরণার্থী হিসাবে থাকতে শুরু করেছে। শুক্রবার রাত থেকে তাদের এই অবস্থায় থাকতে হচ্ছে। এই ঘটনার খবর পেয়ে শনিবার মন্ত্রী বিকাশ দেববর্মা সমস্যা সমাধানের জন্য প্রশাসনিক আধিকারিকদের সাথে নিয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন। পরিদর্শনকালে মন্ত্রী বিকাশ দেববর্মা শরণার্থী পরিবার গুলির সদস্যদের সাথে কথা বলেন। শরণার্থী হিসাবে আশ্রয় নেওয়া ৪৬ টি পরিবারের জন্য খাবারের ব্যবস্থা করে দেন। পাশাপাশি তাদের সমস্যা দ্রুত সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন প্রশাসনিক আধিকারিকদের। সাংবাদিকদের মুখোমুখি হয়ে মন্ত্রী বিকাশ দেববর্মা জানান সমস্যার বিষয়ে প্রশাসনিক আধিকারিকরা অবগত হয়েছেন। আগামীদিনে তাদের এই সমস্যার স্থায়ী সমাধান করা হবে।

# দেশে করোনা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি, বাড়ছে উদ্বেগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** দেশের দৈনিক করোনা পরিসংখ্যান নিয়ে উদ্বেগ অব্যাহত। গত কয়েকদিন ধরে লাগাতার বাড়ছে দৈনিক কোভিড আক্রান্তের সংখ্যা। এবার সেটা প্রায় চার হাজারের কাছে পৌঁছে গেল। এদিকে ক্রমবর্ধমান কোভিড সংক্রমণের মধ্যেই অ্যান্টিবায়োটিকের ব্যবহার নিয়ে নয়া বিবৃতি জারি করল কেন্দ্র।

স্বাস্থ্যমন্ত্রকের রিপোর্ট অনুযায়ী, দেশে গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৮২৪ জন। শনিবার এই আক্রান্তের সংখ্যাটা ছিল ২ হাজার ৯৯৪ জন। অর্থাৎ একদিনে আক্রান্তের সংখ্যা বেড়েছে প্রায় ২৭ শতাংশ। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হল, দেশের দৈনিক পজিটিভিটি রেট বেড়ে দাঁড়াল ২.৮৭ শতাংশ। সাপ্তাহিক পজিটিভিটি রেটও বেড়ে হয়েছে ২.২৪ শতাংশ। দেশে সক্রিয় রোগীর সংখ্যাও প্রতিদিন একটু একটু করে বাড়ছে। বর্তমানে অ্যাকটিভ রোগীর সংখ্যা ১৮ হাজার ৩৮৯। গত ২৪ ঘণ্টায় মারণ ভাইরাস প্রাণ কেড়েছে মোট ৪ জনের। ফলে দেশের মোট মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৫ লক্ষ ৩০ হাজার ৮৮১। তবে এরই মধ্যে স্বস্তি দিচ্ছে সুস্থতার হার। ৯৮.৭৭ শতাংশ রোগীই করোনাকে হার মানিয়েছেন। পাশাপাশি হাসপাতালে ভরতির সংখ্যাও ক্ষীণ। তবে দিল্লির পরিসংখ্যান বেশ উদ্বেগজনক। রাজধানীতে গত ২৪ ঘণ্টায় প্রায় ৪৪১ জন আক্রান্ত হয়েছেন। দৈনিক পজিটিভিটি রেট ১৪.৩৭ শতাংশ। এদিকে করোনার বাড়বাড়ন্তের মধ্যেই অ্যান্টিবায়োটিকের ব্যবহার নিয়ে নয়া গাইডলাইন দিয়েছে কেন্দ্র।

# পানীয় জলের দাবীতে পথ অবরোধ যতনবাড়িতে

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২ এপ্রিল।।** শুখা মরশুমে জলের তীব্র সংকট পাহাড়ে। এই চিরাচরিত ধারা এখনও বয়ে আসছে। দীর্ঘ কয়েক বছর যাবৎ যতনবাড়ি আইটিআই এলাকায় পরিশ্রুত পানীয় জলের দাবীতে পথে বসল এলাকাবাসী। রবিবার তীর্থমুখ নতুনবাজার সড়কের যতনবাড়ি আইটিআই রাস্তা অবরোধ করেছে স্থানীয় গ্রামবাসীরা। তাতে দীর্ঘক্ষণ যান চলাচল ব্যাহত হয়।

পরে সমস্যা সমাধানে এগিয়ে আসে স্থানীয় নেতৃত্ব সহ প্রশাসনের কর্তাব্যক্তিরা। তাদের কাছে পেয়ে ক্ষুব্ধ এলাকাবাসী জলের দাবী নিয়ে বিক্ষোভ দেখাতে থাকে। পরে পুলিশের হস্তক্ষেপে এবং প্রশাসনের আশ্বাসে পথ অবরোধ তুলে নেন। উল্লেখ্য, পরিশ্রুত পানীয় জলের অভাবে ওই এলাকায় যোল থেকে কুড়িটি পরিবার তীব্র সংকটে ভুগছে। অথচ প্রশাসনের কোনও হেলদোল নেই।

# মণিপুরের জিরিবাম-ইমফল নতুন রেলওয়ে প্রকল্পের ৯৩ শতাংশ কাজ সম্পূর্ণ

গুয়াহাটি, ২ এপ্রিল (হি.স.) : ভারতীয় রেলওয়ে একাধিক নতুন রেলওয়ে লাইন প্রকল্প বাস্তবায়ন করার মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির রূপান্তরে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। রাজধানী সংযোগী প্রকল্পের অধীনে উত্তর-পূর্বাঞ্চলের সবগুলি রাজ্যের রাজধানীকে সংযুক্ত করতে নতুন রেলওয়ে লাইন নির্মাণ করা হচ্ছে। জিরিবাম-ইমফল নতুন রেলওয়ে লাইন প্রকল্প হলো উত্তর-পূর্বাঞ্চলের জন্য অন্যতম একটি গুরুত্বপূর্ণ প্রকল্প, যা প্রায় সম্পূর্ণ হওয়ার পর্যায়ে। দেশের অবশিষ্ট অংশের সাথে মণিপুরের রাজধানী শহর ইমফলকে সংযুক্ত করার জন্য এই নতুন রেলওয়ে লাইন প্রকল্পের কাজ অন্যান্য সংযোগী প্রকল্পের পাশাপাশি জোরকদমে এগিয়ে চলেছে। জিরিবাম-ইমফল প্রকল্পের কাজ ইতিমধ্যে ৯৩.৩০ শতাংশ সম্পূর্ণ হয়ে গেছে।

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে জানান, জিরিবাম-ইমফল রেলওয়ে লাইন নির্মাণ প্রকল্পে কঠিন ভূখণ্ডের মধ্যে একাধিক সুড়ঙ্গ ও সেতু অন্তর্ভুক্ত রয়েছে, যা ১১১ কিলোমিটারেরও অধিক দৈর্ঘ্যে প্রসারিত। এই প্রকল্পে সুড়ঙ্গের মোট দৈর্ঘ্য ৬১.৩২ কিমি, যার মধ্যে ৫৯.১১ কিমি সুড়ঙ্গের কাজ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। এই প্রকল্পে মোট ১১টি মেজর ব্রিজ এবং ১৩৭টি মাইনোর ব্রিজ আছে, যার মধ্যে এখন পর্যন্ত পাঁচটি মেজর ব্রিজ ও ১০১টি মাইনোর ব্রিজের কাজ সম্পূর্ণ হয়েছে। ১৪১ মিটার উচ্চতার পৃথিবীর সবচেয়ে উঁচু স্তম্ভের রেলওয়ে ব্রিজ এই প্রকল্পে নির্মাণ করা হয়েছে এবং সেটি সম্পূর্ণ হওয়ার পথে।

ট্রেন পরিষেবার জন্য জিরিবাম থেকে খংসং পর্যন্ত সেকশন ইতিমধ্যে চালু হয়ে গেছে। স্থলপথ দিয়ে জিরিবাম থেকে ইমফল যাওয়ার জন্য বর্তমানে প্রায় ১০ ঘণ্টা সময়ের প্রয়োজন। সমগ্র প্রকল্পটি সম্পূর্ণ হওয়ার পর রেলওয়ের মাধ্যমে এই দূরত্ব ২.৫ ঘণ্টায় হ্রাস পাবে। ঙ্ঘ্র

প্রচণ্ড বৃষ্টিপাত ও অন্যান্য লজিস্টিক বাধার মতো সমস্ত প্রত্যাহ্বানের মোকাবিলা করে এই প্রকল্প সম্পূর্ণ করার জন্য উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে নিজেদের সম্পূর্ণ প্রচেষ্টা কাজে লাগিয়ে দিনরাত চব্বিশ ঘণ্টা কাজ চালিয়ে যাচ্ছে।

তিনি জানান, এই নতুন রেল প্রকল্পটি মণিপুরের জনগণকে উন্নত সংযোগ প্রদান করবে। এই অঞ্চলে ক্ষুদ্র শিল্পোদ্যোগ বিকাশে সহায়ক হবে এবং রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করবে। এছাড়া এই রেল লাইনের মাধ্যমে রাজ্য দ্রুতগতিতে অত্যাবশ্যক সামগ্রী গ্রহণ করতে পারবে এবং স্থানীয় উৎপাদনকারীরা নিজেদের উৎপাদিত সামগ্রী রাজ্যের বাইরে দ্রুতগতিতে নিয়ে যেতে পারবেন। রাজ্যের অর্থনৈতিক উন্নতিও ঘটবে।

# বাইজাল বাড়িতে নেশা সামগ্রী সহ গ্রেপ্তার যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ এপ্রিল।।** পুলিশের জালে খোয়াই এর এক কুখ্যাত নেশা কারবারি।মঙ্গলবার রাত্রি সাত ঘটিকায়,বাইজালবাড়ি ফাড়ি এবং খোয়াই থানার যৌথ অভিযানে দিলীপ বর্মন নামে স্কুটি সহকারে ৮৯ বোতল ফ্যান্সিডেল আটক করে খোয়াই থানায় নিয়ে আসা হয়। নেশা কারবারি দিলীপ বর্মন। তার বাড়ি খোয়াই পহমুডা। সে দীর্ঘদিন যাবত খোয়াই সহ গোটা রাজ্যের বিভিন্ন জায়গায় নেশার কারবার চালাচ্ছে। এলাকায় নেশা কারবারি হিসাবে পরিচিত দিলীপ বর্মন পুলিশের চোখে এক প্রকার ধুলো দিয়ে তার রমরমা নেশা বাণিজ্য চালাচ্ছে। নেশা বাণিজ্যের সাথে যুক্ত হয়ে তার কামাই ও হচ্ছে দেদার। পুলিশের কাছে দীর্ঘদিন ধরেই অভিযোগ আসছিল শনিবার তাকে হাতেনাতে পাকড়াও করলো এক সাগরেদ সহ। খোয়াই থানার ওসি রাজকুমার জমাতিয়া বলেন, নেশা কারবারি দিলীপ বর্মনের কাছ থেকে। বেশ কিছু নেশা ফেনসিডল আটক করা হয় একটি বোতলের বাজারদর ৫০০ টাকা হবে। এই অনুযায়ী নেশা সামগ্রী বাজারদর ৪৪৫০০টাকা।

# কল্যাণপুরে ৩১ বছর পর পলাতক আসামি পুলিশের জালে



**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২ এপ্রিল।।** ৩১ বছর পর ফেরারি আসামি পুলিশের জালে। কল্যাণপুর পুলিশ সূত্রে জানা যায়, ০৫/০৩/১৯৯২ ইংরেজি সনে কল্যাণপুর থানায় মারপিটের মামলা হয়েছিল। এই মারপিটের মামলায় মুখ্য আসামি ছিলেন কোচ কলোনি গ্রামের বাসিন্দা রবি বর্মা। বর্তমানে ওনার বয়স ৫৫। মামলা হবার পর তিনি বহি রাজ্য আসামে পালিয়ে গিয়েছেন বলে পুলিশের দাবি। অবশেষে গতকাল রাতে উনার কোচ কলোনি বাড়ি থেকে গোপন সংবাদের ভিত্তিতে কল্যাণপুর থানার পুলিশ টিএসআর নিয়ে যৌথ অভিযান চালায় এবং উনাকে গ্রেফতার করে। উনার নামে খোয়াই আদালত থেকে পার্মানেন্ট ওয়ারেন্ট ইস্যু হয়ে গিয়েছিল। অবশেষে ৩১ বছর পর রবি বর্মাকে গ্রেফতার করতে পারল কল্যাণপুর থানা পুলিশ। কল্যাণপুর থানার ভারপ্রাপ্ত অধিকারী তাপস মালাকার সাংবাদিকদের সামনে সমস্ত তথ্য তুলে ধরেন। আজ রবিবার রবি বর্মাকে খোয়াই আদালতে প্রেরণ করে কল্যাণপুর থানার পুলিশ। মারপিট করতে গিয়ে পলাতক আসামী রবি বর্মা একজনকে মারাত্মকভাবে যখন করে বলে পুলিশ সূত্রে জানা যায়। মামলা হবার পর আসামি পালিয়ে বেরান। কল্যাণপুর থানা এলাকায় কোচকলোনি গ্রামের বাড়িতে আসতেই পুলিশের কাছে গোপন সূত্রে খবর আসে এবং পুলিশ অভিযান চালায়। দীর্ঘদিন উনাকে খুঁজে না পাওয়ায় আদালত থেকে পার্মানেন্ট ওয়ারেন্ট ইস্যু হয়।

# দ্বিতীয় এস-২০ সম্মেলনের প্রতিপাদ্য "সবুজ ভবিষ্যতের জন্য পরিচ্ছন্ন শক্তি"

**নয়াদিল্লি।।** আগামী ৩-৪ এপ্রিল আগরতলায় অনুষ্ঠিত হবে বিজ্ঞান-২০ (এস-২০) এর দ্বিতীয় সম্মেলন। আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক ইনডোর ফেয়ার গ্রাউন্ডে দ্বিতীয় বিজ্ঞান-২০ শীর্ষ সম্মেলনের উদ্বোধনী সভা আগামীকাল অনুষ্ঠিত হবে। এবারের বিজ্ঞান-২০ সম্মেলনের প্রতিপাদ্য বিষয় হল "সবুজ ভবিষ্যতের জন্য পরিচ্ছন্ন শক্তি"।

দ্বিতীয় বিজ্ঞান-২০ সম্মেলনে মোট ২৩ জন বিদেশী প্রতিনিধি অংশ নেবেন, যার মধ্যে ১৪টি জি-২০ দেশের প্রতিনিধি সহ অন্যান্য ৯টি দেশের আমন্ত্রিত সদস্য এবং ভারতের বিভিন্ন গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরাও আগরতলা এস-২০ সম্মেলনে অংশ নিচ্ছেন। দ্বিতীয় কনফারেন্স-২০ সম্মেলনে মোট ৯০ জন প্রতিনিধি অংশ নেবেন। সায়েন্স-২০ এর দ্বিতীয় সম্মেলনে শক্তির অসম বণ্টন এবং শক্তির অসম বণ্টন মোকাবেলায় বিশ্বব্যাপী শিক্ষাবিশেষজ্ঞ কর্তৃক উদ্ভাবিত অভিনব প্রযুক্তির ব্যবহারের উপর দৃষ্টি নিবদ্ধ করা হবে।

বৈঠকে অভিন্ন অংশীদারিত্বের স্থান, বৌদ্ধিক সম্পত্তির ক্ষেত্রে উন্মুক্ততা এবং প্রযুক্তি হস্তান্তরকে উৎসাহিত করার বিষয়ে আলোচনা করা হবে যা শক্তি দারিদ্র্য মোকাবেলায় সহায়তা করতে পারে এবং পরিষ্কার ও সবুজ হাইড্রোজেন শক্তির জন্য আরও সুযোগ তৈরি করতে পারে, যার ফলে সাধারণভাবে জলবায়ু পরিবর্তনের সমস্যাগুলি সমাধান করা যায়।

এই দ্বিতীয় বিজ্ঞান-২০ সভার মাধ্যমে পরিবেশগতভাবে দায়িত্বশীল প্রযুক্তিতে উদ্ভাবনী গবেষণার সুবিধার্থে একটি কাঠামো প্রণয়ন করা হবে। এই প্রযুক্তিগুলির জন্য একটি যৌথ প্ল্যাটফর্ম তৈরি করা যেতে পারে এবং অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলি বৈশ্বিক অর্থনীতি এবং প্রযুক্তির অভিযোজনযোগ্যতা উভয়ই আরও ভালভাবে বোঝার জন্য বিশ্বজুড়ে পরীক্ষা চালানো যেতে পারে সে সম্পর্কেও বৈঠকে আলোচনা করা হবে।

২০১৭ সালে জার্মানির প্রেসিডেন্সির সময় জি-২০ ভুক্ত দেশগুলোর জাতীয় বিজ্ঞান একাডেমির সমন্বয়ে এস-২০ এনগেজমেন্ট গ্রুপ চালু করা হয়। এটি নীতিনির্ধারকদের আন্তর্জাতিক বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত টাস্ক ফোর্সের মাধ্যমে প্রণীত ঐকমত্য-ভিত্তিক বিজ্ঞান-চালিত সুপারিশগুলি তুলে ধরে। জি-২০-এর সভাপতি হিসেবে ভারত জি-২০-কে সত্যিকার অর্থেই "অন্তর্ভুক্তিমূলক, উচ্চাভিলাষী, নির্ণায়ক ও কর্মমুখী" করে তুলতে আগ্রহী। এস ২০ এর এজেন্ডা অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই উন্নয়নের জন্য বিজ্ঞানের পরিকল্পনা এবং ব্যবহারের ক্ষেত্রে এই নীতিকে প্রতিফলিত করে।

এ বছর বিজ্ঞান-২০ এর প্রতিপাদ্য হচ্ছে উদ্ভাবনী ও টেকসই উন্নয়নের জন্য বিঘ্নকারী বিজ্ঞান। এই বিস্তৃত থিমের অধীনে, এস ২০ এর পরবর্তী সভাগুলি তিনটি ক্ষেত্রের উপর দৃষ্টি নিবদ্ধ করবে: একটি সবুজ ভবিষ্যতের জন্য পরিচ্ছন্ন শক্তি, সার্বজনীন সামগ্রিক স্বাস্থ্য, এবং বিজ্ঞানকে সমাজ ও সংস্কৃতির সাথে সংযুক্ত করা। পরবর্তী সভাগুলির স্থান হল, বাঙ্গারাম দ্বীপ (লাক্ষাদ্বীপ) এবং ভোপাল (মধ্যপ্রদেশ)। চূড়ান্ত শীর্ষ বৈঠকটি কোয়েম্বাটুরে (তামিলনাড়ু) অনুষ্ঠিত হবে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।